শেষ সময়ের অভিষিক্তগণ

সুপ্রভাত, শ্রোতাবৃন্দ। আসুন এখন আমাদের প্রভুর সাথে কথা বলি।

2 মহান ঈশ্বর, স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্তা, যিনি ঐশ্বরিকভাবে আজ সকালে আমাদের এই সময় নিযুক্ত করেছেন, আপনার আরাধনার জন্য। আর আমরা যেন, প্রভু, আমাদের হৃদয়ে আপনার ঐশ্বরিক ইচ্ছার কাছে এবং আমাদের মধ্যে পবিত্র আত্মার ক্রিয়ার কাছে নিজেদেরকে সম্পূর্ণরূপে সমর্পণ করি, যা আপনি আমাদের জানাতে চান সেটি সন্মুখে নিয়ে আসার জন্য। আমাদের আকাঙ্ক্ষা হল আরও ভাল খ্রিস্টান এবং আপনার আরও ভাল প্রতিনিধি হওয়া। আপনি কি আজ সকালে আমাদের এটি প্রদান করবেন, যখন আমরা আপনার জন্য অপেক্ষা করছি, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

3 বসতে পারেন। [কেউ বললেন, "প্রার্থনার কাপড়গুলি সরিয়ে ফেলুন?"—সম্পাদকীয়।] হ্যাঁ। আমরা আজ সকালে আবার এখানে আসতে পেরে খুব খুশি, মহান রাজার সেবা—সেবাতে। আর আমরা দুঃখিত, আমরা, আবার, যে আমাদের কাছে লোকদের জন্য স্থান নেই, কিন্তু আমাদের কাছে শুধু...আমরা চেষ্টা করব আর এই পরিস্থিতিতে আমরা যথাসাধ্য চেষ্টা করব।

4 এখন, অনেকের কাছে রুমাল আছে এবং প্রার্থনা করার জন্য এখানে অনুরোধ করা হয়েছে। আর আমি তাদের একপাশে রেখে দিচ্ছি; এমন নয় যে আমি তাদের উপেক্ষা করছি, কিন্তু আমি পরে তাদের জন্য প্রার্থনা করব...আমি সাধারণত পছন্দ করি...এবং আজ রাতে, আমি আজ সকালে করব, এবং তারপর আজ রাতে আবার, যখন, তারপর আমি আরোগ্যের জন্য প্রার্থনা করব এবং ঈশ্বরের আত্মার জন্য অপেক্ষা করব। তখনই আমি রুমালগুলির উপরে—উপরে প্রার্থনা করব।

5 আর বিশেষ অনুরোধে, বিলি তাদের, প্রত্যেকটিকে, আমাকে দিয়েছেন। সেখানে প্রায় তিনশটি ছিল, আর আমি, তখন রুম থেকে বেরিয়ে এসেছিলাম। আপনারা দেখুন, আমি সেগুলিকে দ্রুত নিয়ে আসছি, প্রতিটিকে, যা আমি নিয়ে আসতে পারি। আর আমি যত তাড়াতাড়ি সম্ভব তাদের নিয়ে আসব। আমি তাদের সব নিতে সক্ষম হব না। শুধু সেখানে গিয়ে, একটি নিতে হবে, বলতে হবে, "প্রভু, এটা কি *এটা* হবে, আর *এটা* হবে?" ঠিক সেইরকম, কারণ তাদের,

প্রত্যেকের প্রয়োজন রয়েছে, প্রকৃত অনুরোধ করা হয়েছে; কোন সন্দেহ নেই, কোন কিছু যে বিষয়ে আমাদের একসাথে কথা বলা উচিত। আর আমি...কম, আপনারা জানেন, কখনও কখনও পবিত্র আত্মা একটি নির্দিষ্ট বিষয় বলতে পারেন যা আমি পাঠ করি, যা আমার হৃদয়ে থাকে; আমি আবার সেখানে ফিরে যাই, এবং আমি এটি খুঁজে না পাওয়া পর্যন্ত সেখানে অনুসন্ধান করি। অন্যথায়, ঘটনাক্রমে তাদের নেওয়া হয়।

6 এখন, আজ সকালে আমরাও বলতে চাই, এবং যারা দেশের অন্যান্য অংশে আছেন তাদের শুভেচ্ছা জানাই। আমরা আজ সকালে এই টেলিফোন সংযোগের মাধ্যমে লোকদের অভিবাদন জানাতে চাই, নিউ ইয়র্ক সিটিতে; বিউমন্ট, টেক্সাস; প্রেসকট, অ্যারিজোনা; টুকসন, অ্যারিজোনা; সান হোসে, ক্যালিফোর্নিয়া; কানেকটিকাট; গাইনেসভিল, জর্জিয়া; এবং নিউ আলবানি, ইন্ডিয়ানা; সকল দেশজুড়ে। আমরা প্রভু যীশুর নামে আপনাদের অভিবাদন জানাচ্ছি।

7 আজ সকালে, ইন্ডিয়ানাতে, এটি একটি খুব সুন্দর সকাল। গত রাতে বৃষ্টি হয়েছিল যা আবহাওয়াকে ঠান্ডা করে দেয়। আর আমরা...ট্রাবারনাকেল ভর্তি হয়ে গেছে, আর সবাই অপেক্ষা করছে, অনেক প্রত্যাশা নিয়ে, রবিবারের স্কুল পাঠের জন্য। আর আমি বিশ্বাস করি যে ঈশ্বরের সবচেয়ে বেশী আশীর্বাদ সেখানে আপনার উপর থাকবে।

8 আর আমরা আশা করছি, যত তাড়াতাড়ি সম্ভব, এমন কিছু একটি—একটি তৈরি করার জন্য, যা আমরা করতে পারি, যেখানে আমরা আমাদের সকলকে একত্রিত করতে পারি, হয়তো একটি বড় তাঁবুর নীচে, যেখানে আমি অনুভব করছি যে আমি অবশ্যই বাইবেলের এই শেষ সপ্ত বাটির উপর প্রচার করতে পরিচালিত হয়েছি।

9 তাই এখন, যাতে আমরা আজ সকালে একটি পাঠে খুব বেশি সময় না থাকি...আমি প্রভুর অন্বেষণ করেছি, এই ভেবে যে, "আমি কি বলতে পারি?" এটা জেনে যে এটি আমাদের শেষ সভা হতে পারে, যা আমরা আর কখনও করব। প্রভুর আগমন খুব সন্নিকট!

10 আমি দেখছি, ক্যালিফোর্নিয়ায় সেই ভবিষ্যদ্বাণী করার পরে, সেখানে ঘরবাড়ি এবং স্থান রয়েছে, ঘন্টায় ত্রিশ ইঞ্চি বেগে ডুবে যাচ্ছে, কাঠ ফেটে যাচ্ছে এবং ভেঙে যাচ্ছে। আর তারা জানে না এটা কে করছে। আমরা শেষ সময়ে আছি। শত-হাজার ডলারের বাড়ি, ডুবে যাচ্ছে। আমি কাগজে বড় শিরোনাম নিয়েছি, ছবি, যা

আমি আজ রাতে নিয়ে আসার জন্য আশা করি, আমি আজ রাতে সেই বিষয়ে কিছু বলতে চাই।

11 আর, তারপর, আজ রাতে আমরা অসুস্থদের জন্য প্রার্থনা করব। আজ বিকেলে, পাঁচটা, ছয়টায় আসুন, অথবা যখনই হয়। আমরা তাড়াতাড়ি শুরু করতে যাচ্ছি, আমি মনে করি, যাতে লোকেরা তাড়াতাড়ি ফিরে যেতে পারে, এবং আপনার প্রার্থনা কার্ড গ্রহণ করতে পারেন। আর আমরা আজ রাতে অসুস্থদের জন্য প্রার্থনা করব, যদি প্রভু চান।

12 এখন, প্রার্থনাপূর্বক চিন্তা করার পর, "আমাকে কি করতে হবে?" এটা জেনে যে আমি এখানে যা বলছি, তার জন্য একদিন আমাকে অবশ্যই উত্তর দিতে হবে...আর আমি সিদ্ধান্ত নিয়েছি, অথবা পবিত্র আত্মার দ্বারা পরিচালিত অনুভব করছি যে আজ সকালে ভবিষ্যদ্বাণীর উপর কথা বলব, একরকম আমাদের জানানোর জন্য। দেখুন? এটি এমন কিছু যা আমরা...যদি আমাদের জানানো না হয়, আর কিছু ঘটে যায় আকস্মিকভাবে, তাই আমাদের এই বিষয়ে জানা উচিত। পবিত্র আত্মা আমাদের এটি দিয়েছেন, আগমনের জন্য লোকদের সতর্ক করতে। আপনারা জানেন, বাইবেল বলে, যে, "নিশ্চয়ই প্রভু সদাপ্রভু আপনার দাস ভাববাদিগণের নিকটে আপন গূঢ় মন্ত্রণা প্রকাশ না করিয়া কিছুই করেন না।" আর—আর যীশু লোকদের সতর্ক করেছিলেন, কী ঘটবে; যেভাবে ভাববাদীরা লোকদের সতর্ক করতো, কি ঘটবে সেটি বলে। আর এটা এখন আমাদের দায়িত্ব, আমরা যে মহান সময়ে বাস করছি, আমরা কোন যুগে বাস করছি তা দেখার জন্য, আর কি ঘট-...আর এই যুগে কি ঘটতে যাচ্ছে। তাই এই অদ্ভুত বিষয়গুলির মধ্যে একটি যা সম্ভবত আমরা বহুবার পড়েছি, আজ সকালে এই—এই বিষয় নিয়ে লোকদের সঙ্গে কথা বলার জন্য আমার হৃদয়ে আসে।

13 এখন আসুন আমরা আমাদের বাইবেল থেকে মথি লিখিত সুসমাচারের ২৪ তম অধ্যায়ে চলে যাই, এবং বাক্যের একটি অংশ পাঠ করি [ভাই ব্রানহাম তার গলা পরিষ্কার করছেন—সম্পাদকীয়।] (আমাকে ক্ষমা করুন।) আমাদের পাঠ্য এবং বিষয়—বিষয়ের একটি প্রসঙ্গ পাওয়ার জন্য।

14 এখন, মনে রাখবেন আমরা এটিকে বাইবেলের ক্লাস হিসাবে শেখাতে যাচ্ছি, আস্তে আস্তে করে। আপনাদের পেন্সিল এবং কাগজ সঙ্গে রাখুন। আমার কাছে এখানে অনেক শাস্ত্র লেখা রয়েছে, যাতে—যাতে আপনারা এগুলো লিখে ফেলতে পারেন। তারপর

বাড়িতে গিয়ে সেগুলো অধ্যয়ন করুন, কারণ এটি একটি রবিবার স্কুল ক্লাসের মতো, যাতে আমরা জানতে পারি, এবং আমরা যে সময়ের মধ্যে বাস করছি তার জন্য সতর্ক এবং প্রস্তুত হতে পারি।

15 মথি লিখিত সুসমাচারে, [ভাই ব্রানহাম তার গলা পরিষ্কার করছেন—সম্পাদকীয়।] (আমাকে ক্ষমা করুন।) ২৪ পদ, অথবা, ২৪ অধ্যায়, বরং, ১৫ তম পদ দিয়ে শুরু করে, আমি তাঁর বাক্যের একটি অংশ পড়তে চাই।

> অতএব *যখন দেখিবে, ধ্বংসের যে ঘৃণার্হ বস্তু দানিয়েল ভাববাদী দ্বারা উক্ত হইয়াছে, তাহা পবিত্র স্থানে* দাঁড়াইয়া *আছে, (যে জন পাঠ করে, সে বুঝুক:)*
>
> *তখন যাহারা যিহূদিয়াতে থাকে, তাহারা পাহাড় অঞ্চলে পলায়ন করুক:*
>
> *যে কেহ ছাদের উপরে—উপরে থাকে, সে গৃহ হইতে জিনিষপত্র লইবার জন্য নীচে না নামুক:*
>
> *আর যে কেহ ক্ষেত্রে থাকে, সে আপন বস্ত্র লইবার নিমিত্ত পশ্চাতে ফিরিয়া না আসুক।*
>
> *হায় সেই সময়ে গর্ভবতী এবং স্তন্যদাত্রীদিগের সন্তাপ হইবে!*
>
> *আর প্রার্থনা কর, যেন তোমাদের পলায়ন শীতকালে কিম্বা বিশ্রামবারে না ঘটে:*
>
> *কেননা তৎকালে এরূপ মহাক্লেশ উপস্থিত হইবে, যেরূপ জগতের আরম্ভ অবধি এ পর্য্যন্ত কখনও হয় নাই, কখনও হইবেও না।*
>
> *আর সেই দিনের সংখ্যা যদি কমাইয়া দেওয়া না যাইত, তবে কোন প্রাণীই রক্ষা পাইত না: কিন্তু মনোনীতদের জন্য সেই দিনের সংখ্যা কমাইয়া দেওয়া যাইবে।*
>
> *তখন যদি কেহ তোমাদিগকে বলে, দেখ, সেই খ্রীষ্ট এখানে, কিম্বা ওখানে; তোমরা বিশ্বাস করিও না।*
>
> *কেননা ভাক্ত খ্রীষ্টেরা ও ভাক্ত ভাববাদীরা* উঠিবে, *এবং এমন মহৎ মহৎ চিহ্ন ও অদ্ভুত অদ্ভুত লক্ষণ দেখাইবে; যে, যদি হইতে পারে, তবে* মনোনীতদিগকেও ভুলাইবে।
>
> *দেখ, আমি পূর্ব্বেই তোমাদিগকে বলিলাম।*

অতএব লোকে যদি তোমাদিগকে বলে, দেখ, তিনি প্রান্তরে; তোমরা বাহিরে যাইও না: দেখ, তিনি অন্তরাগারে; তোমরা বিশ্বাস করিও না।

কারণ বিদ্যুৎ যেমন পূর্ব্বদিক্ হইতে নির্গত হইয়া পশ্চিমদিক পর্য্যন্ত প্রকাশ পায়; তেমনি মনুষ্যপুত্রের আগমন হইবে।

যেখানে মড়া থাকে, সেইখানে ঈগল যুটিবে...

16 এখন, একটি বিষয়ের জন্য, আমি ২৪ তম পদটি নিতে চাই, আজ সকালে, আমাদের রবিবারের স্কুলের পাঠে এই পদটির উপর জোর দেওয়ার জন্য। আর মনোযোগ দিয়ে শুনুন, যখন আমি এটি পুনরায় পাঠ করি।

কেননা ভাক্ত খ্রীষ্টেরা ও ভাক্ত ভাববাদীরা উঠিবে, এবং এমন মহৎ মহৎ চিহ্ন ও অদ্ভুত অদ্ভুত লক্ষণ দেখাইবে; যে, যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে।

17 এখন আজ সকালে একটি বিষয়ের জন্য, অথবা একটি পাঠ্যের জন্য, বরং, আমি নিতে চাই: *শেষ সময়ের অভিষিক্তগণ।* এটিই সেই বিষয়, যে বিষয়ে আমি বলতে চাই, অথবা পাঠ্য: *শেষ সময়ের অভিষিক্তগণ।*

18 আমি বিশ্বাস করি যে আমরা শেষ সময়ে বাস করছি। আমি মনে করি বেশিরভাগ...শাস্ত্র পাঠক, অথবা এমনকি একজন—একজন বিশ্বাসী, জানেন যে আমরা এখন পৃথিবীর ইতিহাসের শেষ প্রান্তে আছি। এটি লিখে কোন লাভ হবে না, কারণ এটি পড়ার জন্য কেউ থাকবে না। এটি সময়ের শেষ। ঠিক যখন, আমি জানি না। ঠিক কতক্ষণ এটি থাকবে, এমনকি স্বর্গের দূতরাও সেই মিনিট বা ঘন্টা জানেন না। কিন্তু প্রভু যীশুর দ্বারা আমাদের বলা হয়েছে, যে, আমরা এখন যা দেখছি এই সকল যখন ঘটতে শুরু করে, তখন আমাদের মুক্তির জন্য আমাদের মাথা উঁচু করার সময় সন্নিকট। এখন, "সন্নিকট" মানে কি, আমি জানি না। এর অর্থ হতে পারে...

19 যেমন বিজ্ঞানীরা অন্য দিন বলেছিলেন, টেলিভিশনে, পৃথিবীর হাজার হাজার মাইল ভেঙ্গে নিমজ্জিত হতে যাচ্ছে। তাকে প্রশ্ন করা হয়েছিল, "এটা কি সেখানে ডুবে যেতে পারে?" সেটা লস অ্যাঞ্জেলেস, পশ্চিম উপকূল। আর আপনারা অনেকেই দেখেছেন কিভাবে তারা রেডার দিয়ে এটি অনুসরণ করেছে, আর চলে গিয়েছে...সান জোসের নিচে দিয়ে, আলাস্কায় চলে গিয়েছে, আলেউটিয়ান দ্বীপপুঞ্জের মধ্য দিয়ে, প্রায় দুইশ মাইল সমুদ্রে, এবং

সান দিয়েগোতে ফিরে এসেছে, লস অ্যাঞ্জেলেসের চারপাশ দিয়ে চলে গেছে, আর সেখানে ফিরে এসেছে, একটি বিশাল গহ্বর।

20 আর এই সমস্ত ভূমিকম্পগুলি আমরা যা পেয়েছি, তা হল আগ্নেয়গিরি এই বিশাল ফাটলটিকে নিচের দিকে আঘাত করছে, যেমন, সেখানে আছে। আমি সেই নামটি মনে করতে পারছি না, যেটা তারা—তারা বলেছিল। যাইহোক, যখন এটি কম্পিত হয়, সেটি এই ভূমিকম্পগুলি উৎপন্ন করে যা আমরা পশ্চিম উপকূলে বছরের পর বছর ধরে পেয়েছি। এখন এটির চারপাশে ফাটল ধরেছে। আর বিজ্ঞানীরা বলেছেন, একজন...

সেই লোকটি অপরজনকে বললেন, "সেটি হয়তো ভিতরে চলে যেতে পারে?"

তিনি বললেন, "'হয়তো' না, কিন্তু অবশ্যই চলে যাবে।"

বললেন, "কিন্তু আমাদের প্রজন্মের মধ্যে নয়, সম্ভবত?"

বললেন, "পরবর্তী পাঁচ মিনিটে, অথবা পরবর্তী পাঁচ বছরে। আমরা জানি না কখন।"

21 এই সপ্তাহে, আমাকে কাগজে একটি শিরোনাম পাঠানো হয়েছিল, বিশাল শত-হাজার ডলারের বাড়িগুলিতে ফাটল ধরছে, লোকেরা দূরে সরে যাচ্ছে। আর তারা জানে না কিভাবে এটা বন্ধ করতে হবে। এটা বন্ধ করার কোন উপায় নেই। দেখুন, ঈশ্বর যা চান তা করতে পারেন, এবং কেউ তাকে বলতে পারে না, কিভাবে এটি করতে হবে।

22 আপনি বাড়ি তৈরি করেন, আপনি বৈজ্ঞানিক বিষয় তৈরি করতে পারেন, এবং ঈশ্বর বিজ্ঞানের স্রষ্টা। আপনি কিভাবে তাঁকে নিবৃত্ত করবেন? তিনি চাইলে আজ সকালে মাছির দ্বারা পৃথিবী ধ্বংস করতে পারেন। আপনারা কি বুঝতে পারছেন, তিনি কথিত বাক্য দ্বারা মাছিদের অস্তিত্বে নিয়ে আসতে পারেন, আর তারা আধা ঘন্টার মধ্যে চল্লিশ মাইল গভীরে চলে যাবে, দেখুন, সেখানে নেই... এবং ভূমি থেকে মানুষ খেয়ে ফেলবে। তিনি হলেন ঈশ্বর। তাঁর যেমন ইচ্ছা হয় তিনি করেন। তিনি স্বয়ং সার্বভৌম।

23 এখন, এই সমস্ত প্রমাণগুলি একত্রিত হতে দেখে, যে সময়ে আমরা এখন বাস করছি, আমি মনে করি এই বিষয়গুলি অনুশীলন করা এবং সেগুলি বের করা একটি উত্তম বিষয়, যেহেতু মুদ্রাগুলি খোলা হয়েছে, এবং এই বিষয়গুলির সত্যতা খুঁজে বের করুন, যেমন ঈশ্বর আমাদের প্রতি এত অনুগত হয়েছেন, তাঁর অনুগ্রহে, আমাদের এই বিষয়গুলি দেখানোর জন্য।

24 আমি চাই আপনারা এখানে মথি লিখিত সুসমাচারের ২৪ এ লক্ষ্য করুন, যীশু "খ্রীষ্টেরা" শব্দটি ব্যবহার করেছেন। খ্রী-ষ্টে-রা, "খ্রীষ্টেরা।" খ্রীষ্ট নয়, কিন্তু "খ্রীষ্টেরা," বহুবচন, একবচন নয়। "খ্রীষ্টেরা।" তাই, *খ্রীষ্ট* শব্দটির অর্থ "অভিষিক্ত এক ব্যক্তি।" আর তারপর যদি এটি "অভিষিক্ত" হয়, তবে সেখানে কেবল একজন নয়, কিন্তু অনেক অভিষিক্ত, "অভিষিক্তগণ।" দেখুন?

25 অন্যথায়, যদি তিনি এটি ভেঙে দিতে চান যাতে আমরা কমবেশি এটি আরও ভালভাবে বুঝতে পারি, তিনি বলতেন, "শেষ কালে ভাক্ত, অভিষিক্তগণ উঠিবে।" এখন, এটা প্রায় অসম্ভব বলে মনে হচ্ছে, দেখুন, সেই পরিভাষাটি "অভিষিক্ত"। কিন্তু পরের শব্দগুলি লক্ষ্য করুন, "ও ভাক্ত ভাববাদীরা," ভা-ব-বা-দী-রা, বহুবচন।

26 এখন, *অভিষিক্ত ব্যক্তি* হলেন, "একজন বার্তা সহ।" আর একমাত্র পথ হল, যেভাবে বার্তাটি নিয়ে আসা যায়, একজন *অভিষিক্তের* মাধ্যমে, এবং তিনি একজন ভাববাদী, অভিষিক্ত জন, "ভাক্ত, অভিষিক্ত শিক্ষকগণ উঠিবেন।" একজন ভাববাদী শিক্ষা দেন, তার বার্তা কি। অভিষিক্ত শিক্ষকরা, কিন্তু অভিষিক্ত লোকেরা মিথ্যা শিক্ষা নিয়ে। অভিষিক্ত ব্যক্তিরা, "খ্রীষ্টেরা," বহুবচন; "ভাববাদীরা," বহুবচন। আর যদি একজন—একজন খ্রীষ্ট থাকেন, একবচন, তাহলে তাদের "অভিষিক্ত ব্যক্তিগণ" হতে হবে। যে তাদের ভবিষ্যদ্বাণী, যা তারা শিক্ষা দিচ্ছিল পার্থক্য হবে, কারণ তারা অভিষিক্ত ব্যক্তিগণ, অভিষিক্ত।

27 এখন, এটি একটি রবিবারের বিদ্যালয়ের পাঠ, আমরা এটিকে—এটিকে একটি বাস্তব আকারে আনার চেষ্টা করব, শাস্ত্র দ্বারা, অন্য কেউ এই বিষয়ে কি বলেছেন তার দ্বারা নয়, কিন্তু শাস্ত্র পাঠ দ্বারা।

আপনি বলতে পারেন, "এটি কিভাবে হতে পারে? অভিষিক্ত ব্যক্তিরা কি... ? তারা কে হয়?"

"খ্রীষ্টেরা," খ্রী-ষ্টে-রা। "অভিষিক্ত খ্রীষ্টেরা এবং ভাক্ত ভাববাদীগণ।" অভিষিক্ত ব্যক্তিরা, কিন্তু ভাক্ত ভাববাদীগণ!

যীশু বলেছেন, যে, "বৃষ্টি ধার্মিক ও অধার্মিক উভয়ের উপরেই বর্ষিত হয়।"

28 এখন, কেউ আমাকে বলতে পারেন, "আপনি কি বিশ্বাস করেন যে সেই লোকদের উপর অভিষেক করার অর্থ হল এটি পবিত্র

আত্মার অভিষেক ?" হ্যাঁ, মহাশয়, একজন ব্যক্তির উপর ঈশ্বরের প্রকৃত পবিত্র আত্মা, তবুও তারা মিথ্যা।

29 এখন মনোযোগ দিয়ে শুনুন এবং দেখুন তিনি কি বলেছেন। "এবং তারা এমন মহৎ মহৎ চিহ্ন ও অদ্ভুত অদ্ভুত লক্ষণ দেখাইবে যে, যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে।" আর তারা প্রকৃত পবিত্র আত্মা দ্বারা অভিষিক্ত। আমি জানি এটি খুব মূর্খতাপূর্ণ শোনাচ্ছে, কিন্তু আমরা সময় নিয়ে এটি বাক্য দ্বারা ব্যাখ্যা করতে যাচ্ছি, এটি এটি সম্পূর্ণরূপে **সদাপ্রভু এই কথা কহেন**, সেই সত্য।

30 এখন আসুন আমাদের বাইবেল থেকে, এক মিনিটের জন্য, মথি লিখিত সুসমাচার তার ৫ অধ্যায়ে, ৪৫ তম পদ দিয়ে শুরু করে, আর এখন দেখুন যখন আমরা এই শাস্ত্র কয়েক মুহূর্তের জন্য পাঠ করি। আর তারপর, আমরা এখানে আসার পরে, কেন, আমরা আপনাকে বলব...যেন আপনি, যদি আমরা তাদের সবগুলো পড়তে ব্যর্থ হই, আপনি আপনার বাইবেল থেকে পাঠ করতে পারবেন; আর—আর আমরা এখান থেকে চলে যাওয়ার পরে এবং আপনি বাড়িতে যাওয়ার পরে আপনি সেগুলি পাঠ করতে পারেন, আর—আর আপনি বাইবেল এই বিষয়ে কী বলে তা পড়ুন।

31 এখন আমাদের সময় নেওয়ার জন্য, একটি—একটি মৌলিক তথ্য পাওয়ার জন্য, কারণ আমি এখানে একটি বিবৃতি দিচ্ছি যা আশ্চর্যজনক। কিভাবে পবিত্র আত্মা একজন ভাক্ত শিক্ষককে অভিষিক্ত করতে পারেন ? কিন্তু যীশু তাই বলেছেন এটি ঘটবে।

এখন, মথি, ৫ম অধ্যায়, ৪৫তম পদ, আসুন এটি পাঠ করি। আসুন, এর একটু—একটু আগের থেকে শুরু করা যাক, ৪৪তম পদ থেকে।

> *কিন্তু আমি তোমাদিগকে বলিতেছি, তোমরা আপন আপন শত্রুদিগকে প্রেম করিও, যাহারা তোমাদিগকে অভিশাপ দেয় তাহাদের আশীর্বাদ দিও, যাহারা তোমাদের প্রতি ঘৃনা করে তাদের প্রতি উত্তম করিও, ...এবং যাহারা তোমাদিগকে তাড়না করে এবং নির্যাতন করে, তাহাদের জন্য প্রার্থনা করিও;*
>
> *যেন তোমরা আপনাদের স্বর্গস্থ পিতার সন্তান হও: কারণ তিনি ভাল...মন্দ লোকদের উপরে আপনার সূর্য্য উদিত করেন, এবং ধার্ম্মিক...অধার্ম্মিকগণের উপরে জল বর্ষান।*

(বৃষ্টি যেমন অধার্ম্মিকগণের উপরে আসে তেমনি ধার্ম্মিকের উপরেও আসে।)

32 এখন এটি অনুসরণ করার জন্য, এর সাথে সম্পর্কিত অন্য একটি ভবিষ্যদ্বাণী, আমরা এখন ইব্রীয় ৬ অধ্যায়ের দিকে যেতে পারি, এই বিষয় সম্পর্কীত পরবর্তী পদের জন্য, যেখানে পৌল সেই একই কথা স্মরণ করান যা যীশু বলেছিলেন। পৌল, এখন কথা বলছেন। যখন আপনি এটি খুজে বের করছেন...আর আপনারা সম্প্রচারের সময়, আপনার কাছে আপনার বাইবেল এবং এক টুকরো কাগজ রাখুন, আর এখন এটি দেখুন। ইব্রীয়, ৬ অধ্যায়, পৌল ইব্রীয়দের লিখছেন, তাদের ছায়া এবং প্রকারগুলি দেখিয়েছেন, তাদের ইহুদি ধর্মের অধীনে থেকে খ্রীষ্ট ধর্মে নিয়ে আসছেন, তাদের দেখাচ্ছেন যে কিভাবে সমস্ত পুরানো বিষয়গুলি আসন্ন বিষয়গুলির পূর্বাভাস প্রদান করে। পৌল এখন কথা বলছেন, ইব্রীয় ৬।

অতএব আইস, আমরা খ্রীষ্ট (খ্রী-ষ্ট, একবচন) *বিষয়ক আদিম কথা পশ্চাৎ ফেলিয়া সিদ্ধির চেষ্টায় অগ্রসর হই; পুনর্ব্বার এই ভিত্তিমূল স্থাপন না করি, যথা...মৃত ক্রিয়া হইতে মনপরিবর্ত্তন, ও ঈশ্বরের উপরে বিশ্বাস।*

নানা বাপ্তিস্ম ও হস্তার্পণের...শিক্ষা, মৃতগণের পুনরুত্থান ও অনন্তকালার্থক বিচার।

ঈশ্বরের অনুমতি হইলে তাহাই করিব।

কেননা যাহারা একবার দীপ্তি প্রাপ্ত হইয়াছে, ও স্বর্গীয় দানের রসাস্বাদন করিয়াছে, ও পবিত্র আত্মার ভাগী হইয়াছে,

33 আমি এক মিনিটের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি কি লক্ষ্য করেছেন? সেটা হল "দান"; এবং "দানগুলি, স্বর্গীয় দানগুলি সহভাগী" নয়; কিন্তু, "স্বর্গীয় দান," একবচন; "খ্রীষ্ট," একবচন; "দান," একবচন।

...স্বর্গীয় দানের, ও...রসাস্বাদন করিয়াছে, ও পবিত্র আত্মার ভাগী হইয়াছেন,

এবং...ঈশ্বরের মঙ্গলবাক্যের...(কি রসাস্বাদন করেছেন?)*...ও ভাবী যুগের নানা পরাক্রমের রসাস্বাদন করিয়াছে,*

পরে ধর্ম্মভ্রষ্ট হইয়াছে, মনপরিবর্ত্তনার্থে আবার তাহাদিগকে নূতন করিতে পারা যায় না; কেননা তাহারা

আপনাদের বিষয়ে ঈশ্বরের পুত্রকে পুনরায় ক্রুশে দেয় ও প্রকাশ্য নিন্দাস্পদ করে।

কারণ, (শুনুন) যে ভূমি...আপনার উপরে পুনঃ পুনঃ পতিত বৃষ্টি পান করিয়াছে, আর যাহাদের নিমিত্ত উহা চাষ করা গিয়াছে, তাহাদের জন্য উপযুক্ত ওষধি উৎপন্ন করে, তাহা ঈশ্বর হইতে আশীর্ব্বাদ প্রাপ্ত হয়:

কিন্তু যদি কাঁটাবন ও শ্যাকুল উৎপন্ন করে...তবে তাহা অকর্ম্মণ্য ও শাপের সমীপবর্ত্তী; জ্বলনই তাহার পরিণাম।

34 এখন পুনরায় মথি ৫:২৪ এর সাথে এটি তুলনা করুন। লক্ষ্য করুন, যীশু বলেছেন বৃষ্টি এবং সূর্য পৃথিবীর উপর আসে, ঈশ্বর পৃথিবীর লোকদের জন্য খাদ্য ইত্যাদি প্রস্তুত করার জন্য এটি প্রেরণ করেন। আর বৃষ্টি পাঠানো হয় খাদ্য, ফলসের জন্য। কিন্তু শ্যামা, আগাছা, ক্ষেতে থাকায়, একই জিনিস গ্রহণ করে। যে বৃষ্টিতে গম জন্মায় সেই একই বৃষ্টিতে আগাছা জন্মায়।

35 আমি একবার এই ধরনের শিক্ষা পেয়েছিলাম, যখন আমি প্রথম পেন্টিকোস্টাল লোকদের সাথে দেখা করি! আর এটি আমার জন্য একটি বৃহৎ শিক্ষা ছিল। আমি দুজন ব্যক্তিকে দেখেছি, একজন... এর আগে কখনও অন্য ভাষায় কথা বলতে শুনিনি। একজন অন্য ভাষায় কথা বলতেন, অন্যজন এর ব্যাখ্যা করেন, তদ্বিপরীত। আর সত্য বলতেন, যেমন, "এখানে অনেকের আজ রাতে অনুতপ্ত হওয়া উচিত। সেখানে নারী এবং পুরুষ উভয়ই আছে।" আর লোকেরা উঠে বেদীর কাছে যেত।

আমি ভেবেছিলাম, "কত গৌরবজনক!"

36 আর তারপর পবিত্র আত্মার ছোট্ট দান নিয়ে, আমি সেই লোকদের সাথে কথা বলেছিলাম, শুধু, আপনারা জানেন, বিচক্ষণতা, অনুসন্ধান করার একটি ছোট্ট উপায়। আর তাদের মধ্যে একজন ছিলেন প্রকৃত খ্রিস্টান, এবং তিনি খ্রীষ্টের একজন প্রকৃত দাস ছিলেন, আর অন্যজন ভণ্ড ছিলেন। আর তাদের মধ্যে একজন, যিনি ভণ্ড ছিলেন, তিনি একজন কালো কেশীক মহিলার সঙ্গে বসবাস করছিলেন, একজন স্বর্ণকেশীকে নিয়ে দৌড়াচ্ছিলেন এবং তার সন্তান ছিল। ঠিক আছে, দর্শনে এটা ঠিক সেখানে ছিল; অস্বীকার করা যেত না। আর আমি তার সাথে এই বিষয়ে কথা বলেছিলাম। তিনি আমার দিকে তাকিয়ে ভবনের পাশে চলে গেলেন।

37 আমি বিভ্রান্ত হয়ে যাই, যথেষ্ট নিশ্চিত। আমি ভেবেছিলাম আমি স্বর্গদূতদের মধ্যে এসেছি, তখন আমি ভাবলাম, আমি কি শয়তানদের মধ্যে আছি। এটা কিভাবে হতে পারে? আমি এটা বুঝতে পারিনি। আর কয়েক বছর ধরে আমি এর থেকে দূরে ছিলাম, একদিন যেখানে...

জর্জ স্মিথ, যে ছেলেটি আমার মেয়ের সাথে যায়, আমরা গতকাল গিয়েছিলাম, পুরাতন মিলের স্থানে যেখানে আমি প্রার্থনা করতে যাই।

38 আর সেখানে কয়েক দিন থাকার পর, পবিত্র আত্মা এই বাক্যটি আমার কাছে নিয়ে আসলেন: "কারণ ভূমি উপরে পুনঃ পুনঃ বৃষ্টি পতিত হয় যাহাদের নিমিত্ত উহা চাষ করা গিয়াছে, কিন্তু কাঁটাবন ও শ্যাকুল সেই একই বৃষ্টি দ্বারা জীবিত থাকে, জ্বলনই তাহার পরিণাম।" ঈশ্বরের একই জীবনদানকারী দান দ্বারা জীবনযাপন করে। তখন আমি বুঝতে পারলাম, যে, "দ্বারা," যীশু বলেছেন, "তাহাদের ফল দ্বারাই তাহাদিগকে চিনিতে পারিবে।"

39 এখন, অতএব, পৃথিবীর প্রাকৃতিক গাছপালার উপর বৃষ্টি পড়ে, এক প্রকার আধ্যাত্মিক বৃষ্টি যা অনন্ত জীবন প্রদান করে, মণ্ডলীর উপর নেমে আসে, কারণ আমরা একে বলে থাকি পূর্ববর্তী বৃষ্টি এবং পরবর্তী বৃষ্টি। আর এটি একটি বৃষ্টি, ঈশ্বরের আত্মা থেকে ঢালা হচ্ছে, তাঁর মণ্ডলীর উপর।

40 লক্ষ্য করুন, এটি এখানে একটি খুব অদ্ভুত বিষয়। দেখুন? যখন সেই বীজ মাটিতে যায়, যদিও তারা সেখানে যায়, তারা শুরু থেকেই কাঁটা ছিল। কিন্তু সেখানে গম যা মাটিতে পড়েছিল, এবং ভেষজ, শুরু থেকেই ভেষজ ছিল। আর প্রতিটি ভেষজ স্বপ্রজাতিকেই পুনরায় উৎপাদন করে, দেখায় যে এটি প্রকৃত আদিতে ছিল।

41 "যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে," কারণ তারা একই বৃষ্টি পাচ্ছে, একই আশীর্বাদ, একই চিহ্ন দেখাচ্ছে, একই আশ্চর্য কাজ করছে। দেখুন? "তারা প্রতারণা করবে, অথবা যদি সম্ভব হয় মনোনীতদের প্রতারিত করবে।" এখন, কাঁটা কাঁটা হতে সাহায্য করতে পারে না, এবং গমও গম হতে সাহায্য করতে পারে না; এটি তাদের প্রত্যেকের সৃষ্টিকর্তা আদিতে নির্ধারণ করেছেন। এটাই মনোনীত। একই বৃষ্টি!

42 একটি সকালে সূর্য উদিত হয় এবং পৃথিবীতে ব্যাপ্ত হয়, যেমন সে এই পৃথিবী এবং দিন পায় যেখানে আমরা বাস করি। আর সূর্য, একই সূর্য যে পূর্বে উদিত হয় সেই একই সূর্য পশ্চিমে অস্ত যায়। আর

সেই সূর্যকে পৃথিবীতে শস্য পরিপক্ক করার জন্য পাঠানো হয়েছে, যা থেকে আমাদের দেহ তৈরি হয়েছে।

43 আমরা মৃত পদার্থ দ্বারা বেঁচে আছি। এটাই একমাত্র উপায় যেভাবে আপনি বাঁচতে পারেন। আর যদি প্রতিদিন কাউকে মারা যেতে হয় যাতে আপনি বেঁচে থাকতে পারেন, স্বাভাবিক ভাবে, তাহলে এটা কি সত্য নয় যে যদি আপনার— আপনার শরীরকে মৃত পদার্থ দ্বারা বাঁচতে হয়, প্রাকৃতিক জীবনের জন্য, তাহলে আপনার জন্য কাউকে মারা যেতে হবে, আধ্যাত্মিকভাবে, আপনার আধ্যাত্মিক জীবন বাঁচানোর জন্য। আর ঈশ্বর, দৈহিক হলেন, দেহধারন করলেন, এবং মারা গেলেন যেন আমরা জীবিত থাকতে পারি। সেখানে কোন গির্জা নেই, ঈশ্বর ছাড়া পৃথিবীর অন্য কোন জিনিস আপনাকে পরিত্রাণ দিতে পারে না। এটাই একমাত্র জিনিস যার দ্বারা তারা জীবিত থাকতে পারে।

44 এখন শাস্ত্র পাঠ করুন। যীশু হলেন বাক্য। "আদিতে বাক্য ছিলেন। আর বাক্য দেহধারন করিলেন এবং আমাদের মধ্যে বাস করিলেন। আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন। আর বাক্য দেহধারন করিলেন, এবং যিনি জীবিত হইলেন, আমাদের মধ্যে বাস করিলেন।" "আর মনুষ্য কেবল রুটি দ্বারা জীবিত থাকিবে না," শরীরের জন্য, "কিন্তু ঈশ্বরের মুখ হইতে নির্গত প্রত্যেক বাক্য দ্বারা।" তারপর, আপনারা দেখুন, আমরা বাক্যের দ্বারা জীবিত থাকি, আর সেটি হলেন ঈশ্বর।

45 এখন সূর্য আসে এবং শস্য পরিপক্ক হয়। এখন, এটি একবারে পরিপক্ক হতে পারে না। এটি যখন বৃদ্ধি পেতে থাকে, এটি ক্রমাগত পরিপক্ক হতে থাকে যতক্ষণ না এটি পূর্ণতায় আসে।

46 আজ, মন্ডলীর সাথেও তাই। এটি শৈশব থেকে শুরু হয়েছিল, অন্ধকার যুগে, যেখানে এটি মাটির নিচে ছিল। এটি এখন পরিপক্কতায় বেড়েছে। আর আমরা এটি দেখতে পারি, কিভাবে ঈশ্বর ঠিক প্রকৃতির মাধ্যমে সর্বদা...

47 আপনি প্রকৃতিকে বাধা প্রদান করতে পারবেন না। আজকের বিষয়টা সেটাই। আমরা বোমা নিক্ষেপ করছি, আর সেখানে সেই সমুদ্রে, এটিকে ভেঙে ফেলছি এবং পারমাণবিক বোমা দিয়ে এটিকে ধ্বংস করছি। আপনারা সব সময় সেই মাটি আরও বেশি ভেঙে ফেলছেন, এতে ফেলে দিচ্ছেন। আপনারা গাছ কেঁটে ফেলেন; ঝড় আপনাকে নিয়ে যাবে। নদীর উপরে বাঁধ দিন; এটি উপচে পড়বে।

48 আপনাকে ঈশ্বরের কাজ করার পথ খুঁজে বের করতে হবে এবং

এতে থাকতে হবে। আমরা গির্জা এবং সংগঠনগুলিতে লোকদের ধর্মসম্প্রদায়ভুক্ত করেছি; দেখুন আমরা কি পেয়েছি! ঈশ্বরের দেওয়া পথে থাকুন।

49 কিন্তু, আপনারা দেখুন, "তিনি বৃষ্টি প্রেরণ করেন," আমাদের বিষয়ে ফিরে, "ধার্ম্মিক অধার্ম্মিকগণের উপরে।" যীশু আপনাকে এখন এখানে বলছেন, মথি লিখিত সুসমাচার ২৪, এটি শেষ সময়ে একটি চিহ্ন হবে।

50 এখন, যদি এই চিহ্নটি শেষ সময়ে জানা যায়, তাহলে এটি সেই মুদ্রাগুলি খোলার পরে হতে হবে। দেখুন? এটি শেষের চিহ্ন। সেটি হবে, যখন এই বিষয়গুলি ঘটবে, এটি শেষ সময়ে হবে। আর এটি একটি চিহ্ন হবে, এখন, যাতে মনোনীতরা এই বিষয়গুলিতে বিভ্রান্ত না হন। আপনারা এটি দেখতে পাচ্ছেন? তারপর, এটিকে প্রকাশিত হতে হবে, উন্মোচিত হতে হবে।

লক্ষ্য করুন, গম এবং আগাছা উভয়ই স্বর্গ থেকে একই অভিষেক দ্বারা বেঁচে থাকে। তারা উভয়ই এতে আনন্দিত হয়।

51 আমার এটি মনে আছে, সেই দিন গ্রীনস মিলের এই ঘটনাটি উল্লেখ করে। আমি—আমি সেই দর্শনটি আসতে দেখেছি। আর সেখানে একটি বড় পৃথিবী ছিল, এবং এটি সমস্ত বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। আর সেখানে প্রথমে একজন বীজ বপনকারী বের হলেন। আমি এটা আপনাদের সামনে রাখতে চাই। প্রথমে কে বের হয় তা দেখুন, তারপর তাকে কে অনুসরন করে। আর যখন এই সাদা পোশাক পরিধান করা ব্যক্তিটি পৃথিবীর চারপাশে চলে যান, বীজ বপন করেন, তখন তার পিছনে একজন ব্যক্তি আসেন, কালো পোশাক পরিধান করে, গোপনে, তার পিছনে পিছনে গোপনে যাচ্ছিল, আগাছা বপন করতে করতে। আর যখন এটি ঘটে, তখন আমি উভয় ফসলকে উঠতে দেখেছি। আর যখন তারা উপরে উঠে আসে, একটি ছিল গম এবং অন্যটি ছিল আগাছা।

52 আর সেখানে একটি খরা আসে, যখন, মনে হচ্ছিল, তাদের উভয়ই মাথা নিচু করে বৃষ্টির জন্য কাঁদছিল। তখন পৃথিবীর উপর একটি বড় মেঘ এসে তাদের বৃষ্টি দেয়। আর গম উঠে বলল, "সদাপ্রভুর প্রশংসা হউক! সদাপ্রভুর প্রশংসা হউক!" আর আগাছা উঠে গর্জন করল, "সদাপ্রভুর প্রশংসা হউক! সদাপ্রভুর প্রশংসা হউক!" একই ফলাফল। তারা উভয়ই বিনষ্ট হচ্ছিল, উভয়ই চলে যাচ্ছিল। আর তখন গম উঠে আসে এবং পিপাসিত হয়। আর যেহেতু এটি একই মাঠে, একই বাগানে, একই স্থানে, একই নলের

নীচে ছিল, সেখানে গম এবং শ্যামাঘাস একই বিষয় দ্বারা উঠে আসে। লক্ষ্য করুন, একই অভিষেকের জল গম নিয়ে আসে, আগাছা নিয়ে আসে।

53 একই পবিত্র আত্মা যিনি মণ্ডলীকে অভিষিক্ত করেন, যা তাদের আত্মাকে রক্ষা করার আকাঙ্ক্ষা দেয়, যা তাদের অলৌকিক কাজ করার ক্ষমতা দেয়, এটি ধার্মিকদের মতোই অধার্ম্মিকগণের উপর পতিত হয়। একই আত্মা! এখন, আপনি এটিকে অন্যভাবে নিয়ে এসে মথি ২৪:২৪ বুঝতে পারবেন না। তিনি বলেছিলেন, "ভাক্ত খ্রীষ্টেরা উঠিবে," মিথ্যা, অভিষিক্ত ব্যক্তিরা। প্রকৃত বিষয় দিয়ে অভিষিক্ত, কিন্তু এর মিথ্যা ভাববাদী, এর মিথ্যা শিক্ষক।

54 কি এমন আছে যা একজন ব্যক্তিকে কোন কিছুর মিথ্যা শিক্ষক হতে দেয়, যেটি হল সত্য? এখন আমরা কয়েক মিনিটের মধ্যে পশুর চিহ্নে চলে যাব, এটি ধর্মসম্প্রদায় আপনারা সেটি দেখতে পাবেন। দেখুন? মিথ্যা শিক্ষক; একজন মিথ্যা অভিষিক্ত। অভিষিক্ত খ্রীষ্টেরা, কিন্তু মিথ্যা শিক্ষক। এটি একমাত্র উপায় যেভাবে আপনারা এটি দেখতে পারেন।

55 ঠিক এখানে কিছু সময় আগে, আমি এটি উদ্ধৃত করেছি। আমি এটি উদ্ধৃত করতে পারি কারণ আমরা সারা দেশ থেকে সংযুক্ত হয়েছি। একদিন আমি আমার এক বন্ধুর সাথে কথা বলছিলাম, যেখানে আজ সকালে এটি আসছে, অ্যারিজোনায়। আর তার একটি—একটি লেবুর ক্ষেত ছিল। আর সেখানে তার একটি গাছ ছিল, একটি কমলা গাছ যাতে বাতাবি লেবু, লেবু, ট্যানজারিন, ট্যাঙ্গেলোজ। আর আমি ভুলে গেছি সেই একটি গাছে কত রকমের ফল ছিল। আর আমি সেই—সেই—লোকটিকে বললাম, আমি বললাম, "এটি কেমন করে? এটা কি ধরনের গাছ?"

তিনি বললেন, "গাছটি, স্বয়ং, একটি কমলা গাছ।"

আমি বললাম, "কিভাবে এতে বাতাবি লেবু হয়েছে? কেন এটাতে লেবু ধরেছে?"

তিনি বললেন, "তাদের এর মধ্যে কলম করা হয়েছে।"

56 আমি বললাম, "আমি বুঝতে পারছি। ঠিক আছে, এখন," আমি বললাম, "এখন, পরের বছর যখন সেই গাছে পুনরায় ফল আসবে," যেগুলো একই সময়ে পরিপক্ক হয়, আমি বললাম, "তখন এগুলো সকলে কমলা নিয়ে আসবে। যদি এটি একটি নাভি কমলা গাছ হয়, তবে এটি নাভির কমলা নিয়ে আসবে, তাই না, মহাশয়?"

তিনি বললেন, "না, মহাশয়। প্রতিটি কলম করা শাখা আপন আপন প্রকারের উৎপন্ন করবে।"

আমি বললাম, "আপনি বলতে চাচ্ছেন যে লেবুর শাখা সেই কমলা গাছ থেকে একটি লেবু নিয়ে আসবে?"

তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়।"

"বাতাবি লেবু কি সেই কমলা গাছ থেকে একটি বাতাবি লেবু নিয়ে আসবে?"

তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়। এটি শাখার প্রকৃতি যা এটিতে কলম করা হয়েছে।"

আমি বললাম, "ঈশ্বরের প্রশংসা হোক!"

তিনি বললেন, "আপনি কি বলতে চান?"

আমি বললাম, "আরও একটি প্রশ্ন। এখন, সেই কমলা গাছটি কি আর কখনও কমলা নিয়ে আসতে পারে?"

57 তিনি বললেন, "যখন এটি অন্য শাখা বের করে।" যখন *এটি* অন্য শাখা প্রসারিত করে, যখন একটি শাখায় কলম করা হয় না। কিন্তু, তারা সব লেবুবর্গীয় ফল, এবং তারা লেবু গাছের জীবন দ্বারা জীবিত থাকে যা লেবু গাছে আছে।

58 আমি বললাম, "সেখানে এটি! মেথডিস্ট প্রতিবার মেথডিস্টদের নিয়ে আসবে। ব্যাপটিস্ট প্রতিবার ব্যাপটিস্টদের নিয়ে আসবে। ক্যাথলিকরা প্রতিবার ক্যাথলিককে নিয়ে আসবে। কিন্তু জীবন্ত ঈশ্বরের মণ্ডলী মূল থেকে খ্রীষ্টকে উৎপন্ন করবে, বাক্য প্রতিবার, যদি সে তার নিজের অন্য শাখা বের করে।"

59 এখন, আপনি এটিকে সেখানে কলম করতে পারেন, আপনারা দেখুন। প্রতিটি বাতাবি লেবু, লেবু, ট্যানজেলো, ট্যানজারিন, সেগুলি যাই লেবুবর্গীয় ফল হোক না কেন, তাদের প্রত্যেকে সেই গাছে বাস করতে পারে; কিন্তু সেই গাছের সম্বন্ধে মিথ্যা সাক্ষ্য প্রদান করে, সেই গাছে বাস করে। আপনারা এটা দেখতে পাচ্ছেন? তারা সেই গাছের মধ্যে থেকে প্রকৃত জীবন নিয়ে বেঁচে আছে এবং উন্নতি করছে।

60 এখন, সেখানে মথি লিখিত সুসমাচার ২৪:২৪ আছে, একই জীবন দ্বারা বেঁচে আছে, কিন্তু তাদের প্রারম্ভ সঠিক নয়। তারা সেই গাছের মিথ্যা সাক্ষ্য দিচ্ছে! এটি একটি কমলা গাছ, তবুও এটি একটি লেবু গাছ। আর তারা বলে, "এই মণ্ডলী, এই ধর্মসম্প্রদায় খ্রীষ্টের নথি বহন করে।" আর মিথ্যা বাপ্তিস্ম পেয়েছে, বাক্যের

মিথ্যা সাক্ষী, বলার চেষ্টা করছে যে ঈশ্বরের শক্তি শুধুমাত্র শিষ্যদের জন্য ছিল ?

61 যীশু, স্বয়ং, বলেছেন, "তোমরা সমস্ত জগতে যাও এবং সুসমাচার প্রচার কর প্রতিটি শাখায় যা কখনও...বৃক্ষটি কখনও নিয়ে আসে, প্রতিটি শাখা যা বৃক্ষটি মধ্যে থাকবে। আর এই চিহ্নগুলি প্রকৃত শাখাগুলির অনুসরণ করিবে।" কোথায় ? যতক্ষণ এটি একটি বৃক্ষ, যতক্ষণ এটি শাখা প্রসারিত করছে, জগতের অন্ত পর্যন্ত। "তাহারা আমার নামে ভূত ছাড়াইবে; তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে; সর্প তুলিবে; প্রাণনাশক পান করিবে; তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।" দেখুন আমরা কোন সময়ে বাস করছি ? দেখুন যীশু কি বলেছেন ?

মনে রাখবেন, এটি শেষ সময়ের বিষয়ে ছিল, ওয়েসলির অধীনে তাদের জন্য নয়। এখন, শেষ সময়ে, এটি ঘটবে।

62 এখন শাস্ত্র দেখুন; তাদের সাক্ষ্য দিতে দিন। যীশু বলেছেন, "তোমরা শাস্ত্র অনুসন্ধান করিয়া থাক, কারণ তোমরা মনে করিয়া থাক যে, তাহাতেই তোমাদের অনন্ত জীবন রহিয়াছে, আর তাহাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়।" অন্য ভাষায়, যদি এই গাছটি কখনও একটি শাখা নিয়ে আসে..."আমি দ্রাক্ষালতা, বৃক্ষ; তোমরা শাখা। যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে," যোহন ১৪:১২।

এখন, "যে আমাতে থাকে, যে আমাতে...যে আদিতে আমার মূলে ছিল।"

63 এই কারণেই যীশু দায়ূদের মূল এবং বংশ উভয়ই ছিলেন। তিনি দায়ূদের আগে, দায়ূদের মধ্যে এবং দায়ূদের পরে ছিলেন, উভয়ই দায়ূদের মূল ও বংশ; প্রভাতীয় তারা, শারোণের গোলাপ, তলভূমির শোশন পুষ্প, আল্‌ফা এবং ওমিগা; পিতা, পুত্র, এবং পবিত্র আত্মা। "তাঁহাতেই ঈশ্বরত্বের সমস্ত পূর্ণতা দৈহিকরূপে বাস করে।" দায়ূদের মূল ও বংশ উভয়ই !

64 "তিনি যিনি মনোনীত জীবন, পূর্বনির্ধারিত জীবন, যা আমার মধ্যে আছে," এবং তিনিই হলেন বাক্য, "আদি থেকে; যখন সে বেরিয়ে আসবে, তখন সে আমার ফল প্রদান করবে।" যোহন ১৪:১২।

কিন্তু অন্যরা একই জিনিস দ্বারা জীবনযাপন করবে, নিজেদেরকে খ্রিস্টান এবং বিশ্বাসী অবিহিত করে। "যাহারা 'হে

প্রভু, হে প্রভু,' বলে, তাহারা সকলেই প্রবেশ করিতে পাইবে, এমন নয়।"

এখন, এটি ঘটবে এবং শেষ সময়ে প্রকাশিত হবে, "যখন ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব সমাপ্ত হইবে," আমরা একটু পরে এটি নিব।

65 এই গাছগুলো, প্রকৃত দ্রাক্ষালতা আর অপ্রকৃত দ্রাক্ষালতা! আপনারা আমাকে এই বিষয়ে প্রচার করতে শুনেছেন, অনেক বছর আগে থেকে, কিভাবে তারা একসাথে বড় হয়েছে। কয়িন এবং হেবলের কাছ থেকে, তাদের পৃথকভাবে এনেছিলেন এবং দেখিয়েছিলেন যে, দুটি দ্রাক্ষালতা যারা একটি বেদীতে মিলিত হয়েছিল; তারা উভয়ই ধার্মিক, উভয়ই অভিষিক্ত, উভয়ই জীবনের আকাঙ্খা করে, এবং একই ঈশ্বরের উপাসনা করে। আর একজন প্রত্যাখ্যাত হয়েছিল এবং অন্যজন গৃহীত হয়েছিল।

66 আর একমাত্র উপায়, যা গৃহীত হয়েছিল, তিনি তার ভাই থেকে ভিন্ন কিছু করতে পারতেন: এটা তার কাছে প্রকাশিত হয়েছিল। কারণ বাইবেল বলে, "বিশ্বাসের দ্বারা..." ইব্রীয়, ১১ অধ্যায়, "বিশ্বাসে হেবল ঈশ্বরের উদ্দেশে কয়িন অপেক্ষা শ্রেষ্ঠ যজ্ঞ উৎসর্গ করিলেন, ঈশ্বর সাক্ষ্য দিয়াছিলেন যে তিনি ধার্ম্মিক।"

যীশু, বলেছিলেন, তিনি কে তার আধ্যাত্মিক প্রকাশ! "মনুষ্যপুত্র কে, এ বিষয়ে লোকে কি বলে?"

তিনি বললেন, পিতর বললেন, "আপনি সেই খ্রীষ্ট, জীবন্ত ঈশ্বরের পুত্র।"

67 "ধন্য তুমি, শিমোন—শিমোন, যোনার পুত্র; কেননা রক্তমাংস তোমার নিকটে ইহা প্রকাশ করে নাই। কিন্তু আমার স্বর্গস্থ পিতা প্রকাশ করিয়াছেন। এই পাথরের উপর আমি আমার মণ্ডলী নির্মাণ করব," (কি?) বাক্যের সত্য প্রকাশ। সেখানে আবার সত্যিকারের দ্রাক্ষালতা আছে। "হেবল, বিশ্বাসের দ্বারা!"

আপনারা বলেন, "এটি কোন প্রকাশ ছিল না।"

68 বিশ্বাস কি? বিশ্বাস এমন কিছু যা আপনার কাছে প্রকাশিত হয়েছে; সেটি এখনও ঘটেনি, কিন্তু আপনি বিশ্বাস করেন যে এটি ঘটবে। বিশ্বাস হল ঈশ্বরের ইচ্ছার প্রকাশ। সুতরাং, প্রকাশিত বাক্য দ্বারা!

69 আর মণ্ডলী আজ আধ্যাত্মিক প্রকাশেও বিশ্বাস করে না। তারা কিছু ব্যবস্থার একটি ধর্মমতের শিক্ষায় বিশ্বাস করে। "বিশ্বাসে হেবল ঈশ্বরের উদ্দেশে কয়িন অপেক্ষা শ্রেষ্ঠ যজ্ঞ উৎসর্গ করিলেন, যা ঈশ্বর সাক্ষ্য দিয়াছিলেন যে তিনি ধার্ম্মিক।" আমেন। আমি আশা করি

আপনারা সেটা দেখতে পাবেন। দেখুন আমরা কোথায় বাস করছি? সময়টি দেখুন?

আমি কিছুদিন আগে একজন—একজন ভদ্রলোকের সঙ্গে কথা বলছিলাম, একজন খ্রিস্টান পণ্ডিত এবং ভদ্রলোক। তিনি বললেন, "মহাশয়। ব্রানহাম, আমরা সমস্ত প্রকাশ প্রত্যাখ্যান করি।"

আমি বললাম, "তাহলে আপনাকে যীশু খ্রীষ্টকে প্রত্যাখ্যান করতে হবে, কারণ তিনি ঈশ্বরের প্রকাশ, ঈশ্বর মানুষের দেহে প্রকাশিত হন।" আপনি যদি এটি দেখতে না পান, তাহলে আপনি হারিয়ে গেছেন।

70 যীশু বলেছেন, "যদি বিশ্বাস না কর যে, আমিই তিনি, তবে তোমাদের পাপসমূহে মরিবে।" তিনি ঈশ্বরের প্রকাশ, ঈশ্বরের আত্মা মানুষের দেহে প্রকাশিত। আপনি যদি বিশ্বাস করতে না পারেন, আপনি হারিয়ে গেছেন। আপনি তাকে তৃতীয় ব্যক্তি, দ্বিতীয় ব্যক্তি, অথবা ঈশ্বর ছাড়া অন্য কোন ব্যক্তি হিসাবে রাখেন, আপনি হারিয়ে গেছেন। "যদি বিশ্বাস না কর যে, আমিই তিনি, তবে তোমাদের পাপসমূহে মরিবে।" একটি প্রকাশ!

71 আশ্চর্যের কিছু নেই যে তারা তাকে দেখতে পায়নি। "পিতা আকর্ষণ না করিলে কেহ আমার কাছে আসিতে পারে না। পিতা যে সমস্ত আমাকে দেন," মূলে, "সে সমস্ত আমারই কাছে আসিবে।" দেখুন? আপনারা এটি বুঝতে পেরেছেন? ওহ, আমাদের তাকে কত ভালবাসা উচিত, তাঁর আরাধনা করা উচিত, তার প্রশংসা করা উচিত; শেষ সময়ে আত্মার ফল দেখার জন্য, আর কন্যার বৃক্ষ সময়ের উপর পরিপক্ক হচ্ছে!

72 সত্য দ্রাক্ষালতা এবং মিথ্যা দ্রাক্ষালতা, উভয়ের অভিষেক একই ছিল। উভয়ের উপর বৃষ্টিপাত হয়। আশ্চর্যের কিছু নেই যে তিনি আমাদের সতর্ক করেছিলেন, "যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে।"

লক্ষ্য করুন, তারা দেখতে একই রকম। তারা একই অভিষিক্ত। কিন্তু লক্ষ্য করুন, "তাদের ফলের দ্বারা..." আপনি যেভাবে তাদের চিনবেন?

73 আপনি কিভাবে জানতে পারেন যে এটি একটি কমলা নয়? কারণ এটি একটি বাতাবি লেবু নিয়ে আসে। সেই শাখা ঠিক আছে, এটি গাছের মধ্যে বাস করে, কিন্তু এটি একটি বাতাবি লেবু বহন করে। এটা প্রথমটির মতো নয়।

74 আর যদি একটি মণ্ডলী বলে যে তারা "যীশু খ্রীষ্টকে কাল, আজ এবং অনন্ত কাল একই বিশ্বাস করে," এবং তাঁর শক্তিকে অস্বীকার করে, তাঁর কাজকে অস্বীকার করে, তাঁর বাক্যকে অস্বীকার করে; যদি—যদি...যে মণ্ডলী যীশু খ্রীষ্টে বিশ্বাস করে, যীশু খ্রীষ্টের কাজের উপর করবে, এতে যীশু খ্রীষ্টের জীবন থাকবে। আর যদি তা না হয়, যাই হোক না কেন যদি জীবন এর মধ্যে ঢেলে দেওয়া হয়, যদি এটি শিকড় থেকে পূর্বনির্ধারিত না হয়, এটি প্রতিবার বাতাবি লেবু নিয়ে আসবে, অথবা অন্য কিছু। কিন্তু যদি এটি পূর্বনির্ধারিত জীবন হয়, মূল থেকে, এটি যীশু খ্রীষ্টকে কাল, আজ এবং অনন্ত কাল একইভাবে নিয়ে আসবে, যদি এটি বাক্য মূলের মধ্য দিয়ে আসে। যা, তিনিই সেই মূল, সময়ের আদি।

75 লক্ষ্য করুন, কিন্তু তারা যে ফল নিয়ে আসে তা আপনাকে পার্থক্য বলে দেয়। "তাহাদের ফল দ্বারা," যীশু বলেছিলেন, "তোমরা তাহাদিগকে চিনবে।" "মনুষ্য শ্যাকুলের ঝোপ হইতে দ্রাক্ষাফল সংগ্রহ করে না," যদিও কাঁটা গাছটি দ্রাক্ষালতার মধ্যেই থাকে। এটা সম্ভব হতে পারে, কিন্তু ফল এটা বলে দিবে।

76 ফল কি? বাক্য, ঋ-...সেই ঋতুর জন্য ফল। এটাই সেটি, তাদের শিক্ষা। কিসের শিক্ষা? ঋতুর শিক্ষা, এটি কোন সময়। মানুষের মতবাদ, ধর্মসম্প্রদায়ের মতবাদ, কিন্তু, অথবা সেই ঋতুর জন্য ঈশ্বরের বাক্য?

77 এখন, সময় তাড়াতাড়ি চলে যায়, আমরা সেটি যেন দীর্ঘ সময় নিতে পারি। কিন্তু আমি নিশ্চিত আপনারা যারা এখানে উপস্থিত আছেন, আর আপনারা যারা সারা দেশে আছেন, আমি আপনাদের কি বলার চেষ্টা করছি তা বুঝতে পারছেন, কারণ আমাদের এর উপর থাকার জন্য খুব বেশি সময় নেই।

78 কিন্তু আপনারা দেখতে পারেন যে অধার্ম্মিক, মিথ্যা শিক্ষকদের উপর অভিষেক চলে আসে, এবং তাদের ঠিক তাই করতে বাধ্য করে যা ঈশ্বর তাদের করতে না বলেছেন; কিন্তু তারা এটা করবে, যেভাবেই হোক। কেন? তারা এটি ছেড়ে দিতে পারে না। কিভাবে একটি কন্টক, একটি কন্টক ছাড়া অন্য কিছু হতে পারে? এর উপর যতই উত্তম বৃষ্টি হোক না কেন, এটি একটি কন্টক হতেই হবে। এই কারণেই যীশু বলেছেন, "তারা এতটাই অনুরূপ হইবে যে মনোনীতদিগকেও ভুলাইবে," যা মূলে রয়েছে, "যদি হইতে পারে, তবে," কিন্তু এটি সম্ভব নয়। গম, গম উৎপাদন ছাড়া কিছুই করতে পারে না; এটাই সে উৎপাদন করতে পারে।

79 লক্ষ্য করুন। মনে রাখবেন, ঈশ্বর সংগঠনের প্রণেতা নন। শয়তান হল সংগঠনের প্রণেতা। আমি বাক্য দ্বারা প্রমাণ করেছি, সামনে এবং পিছনে, বারবার; আজ সকালে এর মধ্যে যেতে হবে না। আমরা জানি যে ঈশ্বর কখনও মানুষকে এভাবে একত্রিত করেননি, একটি সংগঠন তৈরী করেননি। শেষ শিষ্যের মৃত্যুর শত শত বছর পরে, তাদের প্রথম সংগঠন তৈরী করার আগে। এটা সবসময় ব্যর্থ প্রমাণিত হয়েছে। যদি তা না হয়, কেন আমরা আজ প্রেমে একত্রিত হই না, মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিট্যারিয়ান, ক্যাথলিক আর সকলে? কেন ঈশ্বরের কাজগুলি আমাদের অনুসরণ করে না, তাহলে, প্রতিটি মণ্ডলী একই বিষয়ে, বাক্যতে? সেই বিষয়গুলি যা মানুষকে আলাদা করে, ভ্রাতৃত্ব...আমরা ঈশ্বরের থেকে অনেক দূরে ছিলাম, গীর্জাগুলির বিষয়ে কথা বলছি।

80 এখন, আমাদের বলা হয়েছে যে, "সমস্ত পুরানো ঘটনা ঘটেছে উদাহরণের জন্য, আমাদের শিক্ষার জন্য, তিরস্কারের জন্য, উপদেশের জন্য।" যে পুরাতন নিয়মের সমস্ত পুরানো বিষয়গুলি ঘটেছে, পূর্বাভাসিত, নতুন নিয়মে কি হবে তা দেখতে, আমাদের সময়ে।

81 ঠিক যেমন আপনি যদি কখনও আপনার হাত না দেখে থাকেন, আর আপনি তাকিয়ে দেওয়ালে একটি ছায়া দেখতে পান, যেমন আমার হাত আলো থেকে আসবে। যদি এখানে একটি ছায়ায় পাঁচটি আঙ্গুল থাকে (যখন ঋণাত্মক), আর আপনি যদি আপনার হাত এগিয়ে দেন (ইতিবাচক হওয়ার জন্য), নেতিবাচক—এর দিকে, সেখানে পাঁচটি আঙ্গুল থাকতে হবে।

82 যেমন বাইবেল আমাদের বলে, যে, "পুরাতন নিয়ম একটি ছায়ামাত্র, নতুন বিষয়ের প্রকার, অথবা যে বিষয়গুলি আসন্ন ছিল; যে বিষয়গুলি আছে তা নয়, কিন্তু এটি একটি ছায়ামাত্র, আসন্ন আগামী বিষয়গুলির এক প্রকার।"

83 আসুন আমরা ফিরে যাই এবং দেখি এই জিনিসটি অন্য কোন যুগে ছিল কিনা। আপনারা কি ইচ্ছুক? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] যেন আমরা জানতে পারি, এটি প্রমাণ করার জন্য, সামনে পিছনে, বাক্য দ্বারা; কোন মানুষের ধারণা দ্বারা নয়, কিছু তত্ত্ব দ্বারা।

84 আমি চিন্তা করি না সে কে; অন্য কোন ব্যক্তি, আমি অথবা অন্য কেউ, "যদি সে ব্যবস্থা ও ভাববাদীগণের অনুরূপ কথা না বলে, তবে তাহাতে দীপ্তি নাই।" দেখুন? এটাই বাইবেল বলে। "প্রত্যেক

মনুষ্যের বাক্য মিথ্যা হউক, আর আমার বাক্য সত্য হউক," সে যাই হোক না কেন।

এখন ফিরে এসে এবং এটি কখনও ঘটেছে কিনা তা খুঁজে বের করা যাক, আমাদের একটি উদাহরণের জন্য।

85 আমরা এখন যাত্রাপুস্তকে ফিরে যেতে পারি, এবং মোশি নামে একটি চরিত্রের কথা বলতে পারি, যিনি ঈশ্বরের দ্বারা প্রেরিত একজন অভিষিক্ত ভাববাদী ছিলেন, তাঁর প্রজন্মের জন্য ঈশ্বরের বাক্য এবং ঈশ্বরের ইচ্ছা নিয়ে। যেমন ঈশ্বরের বাক্য সর্বদা ধারাবাহিকতায় চলে, তিনি বলেছেন, "তিনি আপনার দাস ভাববাদিগণের নিকটে আপন গূঢ় মন্ত্রণা প্রকাশ না করিয়া কিছুই করেন না।" তারপর তিনি এটা করেন। আহ-হাহ।

এখন, তিনি মিথ্যা বলতে পারেন না। তিনি মিথ্যা বলতে পারেন না এবং ঈশ্বর হতে পারেন না। না, মহাশয়। তাকে সত্য থাকতে হবে। তাঁর মধ্যে কোন মিথ্যা নেই। তিনি...

86 আর তিনি এটি পরিবর্তন করতে পারবেন না। যদি তিনি করেন, তাহলে তিনি ঈশ্বর নন; তিনি ভুল করেছেন। তাকে অসীম হতে হবে। আর অসীম ভুল করতে পারে না। দেখুন? তাই ঈশ্বর যা বলেন, সেটা চিরন্তন সঠিক। দেখুন? আর তিনি সেটি প্রতিশ্রুতি দিয়েছেন। সুতরাং, দেখুন, বাইবেলে এমন কোথাও নেই যে এটি তার ধারাবাহিকতা অনুসরণ করে।

87 এখন, ঈশ্বর অব্রাহামকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তার বংশ চারশো বছর ধরে একটি—একটি বিদেশী দেশে অপরিচিত হবে, আর তারপর তিনি তাকে এক মহান শক্তি ও পরাক্রমের হস্ত দ্বারা বের করে আনবেন, তারা যে লোকদের সঙ্গে বাস করত তাদের মধ্যে তাঁর চিহ্ন এবং আশ্চর্য কাজগুলি দেখাবেন। প্রতিশ্রুতির সময় ঘনিয়ে আসছে। মানুষ এটি ভুলে গিয়েছিল। তাদের ফরীশী এবং সদ্দূকীরা ছিল, এবং আরও অনেক কিছু, ধর্মসম্প্রদায়। কিন্তু, হঠাৎ করে, ঈশ্বর সেখানে আসেন এবং তাদের, বাইরে, দূরে সরিয়ে নেন।

88 ঈশ্বর কখনও, কোন দিন বা কোন সময়ে, কোন ধর্মসম্প্রদায় থেকে কোন ভাববাদীকে ডাকেননি। না, মহাশয়। সে এতটাই বাঁক নিয়েছে, সে এটা করতে পারেনি; তাকে সেই ধর্মসম্প্রদায়ের সঙ্গে থাকতে হবে।

89 মোশি, ঈশ্বরের কাছ থেকে প্রেরিত একজন ব্যক্তি, ঈশ্বরের বাক্য সহ, এবং তার যাত্রায়, ইস্রায়েলকে প্রতিশ্রুত দেশে নিয়ে যাওয়ার সময়, ঈশ্বরের কঠোর নিয়মের সাথে, তিনি অন্য একজন

ভাববাদীর সাথে দেখা করেছিলেন, অন্য একজন অভিষিক্ত ব্যক্তি যার কাছে একই পবিত্র আত্মার প্রকৃত অভিষেক ছিল, যা মোশির উপর ছিল। সেটা ঠিক। তিনি একজন ভাববাদী ছিলেন। পবিত্র আত্মা এই ব্যক্তির উপর ছিলেন। তার নাম ছিল বিলিয়ম। আমরা সবাই তার সঙ্গে পরিচিত। ঠিক আছে, সেই বিষয়গুলি, একই, বিষয়গুলি—বিষয়গুলি লোকটি যা বলেছিল, এখনও ঘটছে, প্রায় আঠাশ শত বছর আগে। "হে ইস্রায়েল, তুমি শৃঙ্গবৎ। যে তোমাকে আশীর্বাদ করিবে, সে আশীর্বাদ পাইবে। যে তোমাকে অভিশাপ দিবে, সে অভিশপ্ত হইবে। হে যাকোব, তোমার শক্তি, পরাক্রমশালী, তোমার তাম্বু কত ধার্মিক!" দেখুন, বিলিয়ম নিজেকে সাহায্য করতে পারেনি। সে লোকদের অভিশাপ দেওয়ার জন্য তার হৃদয়ে উদ্দেশ্য নিয়ে সেখানে আসে।

90 ওহ, আপনারা মিথ্যা শিক্ষকরা এত বছর ধরে এই টেপগুলি শুনছেন, আর ঈশ্বরকে, তিনি যা বলেছেন তা নিশ্চিত করতে দেখেছেন, আর আপনারা আপনার অধ্যয়ন শুরু করেন আর জানেন যে এটি সত্য; এবং আপনার ধর্মসম্প্রদায়গত পার্থক্যের কারণে, আপনি তাদের প্রতিরোধ করেন এবং আপনার লোকদের বলেন তারা এমন নয়। ধিক্ আপনাদের! আপনার সময় এখন হাতের কাছে।

91 বিলিয়ম, একই আত্মা দ্বারা অভিষিক্ত ছিল, যা মোশির উপর ছিল। পার্থক্য কি ছিল? মোশির শিক্ষা সিদ্ধ ছিল। বাইবেল এখানে দ্বিতীয় পিতরে বলেছে, যে এটি ছিল "বিলিয়মের শিক্ষা" যা ইস্রায়েল পেয়েছিল, যা ঈশ্বর কখনও ক্ষমা করেননি। ক্ষমার অযোগ্য পাপ! তাদের একজনও রক্ষা পায়নি, যদিও তারা ঈশ্বরের আশীর্বাদের অধীনে বেরিয়ে এসেছিল, এবং এই পরাক্রমশালী ভাববাদীর দ্বারা ঈশ্বরের হাত অগ্রসর হতে দেখেছি, এবং ঈশ্বরের দ্বারা প্রমাণিত হতে দেখেছি। আর, কারণ, অন্য একজন ভাববাদী একটি শিক্ষা নিয়ে আসেন, এর বিপরীতে, এবং মোশির বিরোধ করে, এবং লোকদের কাছে প্রমাণ করার চেষ্টা করে যে মোশি ভুল ছিলেন। আর দাথন, কোরহ এবং তাদের অনেকে তার সাথে একমত হয়ে ইস্রায়েলের সন্তানদের ব্যভিচার করতে শিখিয়েছিল, তার সংগঠনের অনুসরণ করার জন্য, যে, "আমরা সবাই একই।"

"আমরা মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিট্যারিয়ান, অথবা পেন্টিকোস্টাল, ইত্যাদি, আমরা সবাই একই।"

92 আমরা এক নই! আপনারা পৃথককৃত লোক, প্রভুর নিমিত্ত পবিত্র, বাক্য ও ঈশ্বরের আত্মায় নিবেদিত, এই সময়ে তাঁর

প্রতিশ্রুতির ফল বহন করার জন্য। আর আপনি তাদের নন! আমি জানি যে এটি খুবই শক্তিশালী, কিন্তু এটি সত্য ঠিক একই। এই শেষ সময়ের জন্য একটি সেবায় নিবেদিত! "এর মধ্য থেকে বেরিয়ে আসুন।"

93 এখন, "বিলিয়মের শিক্ষা," বিলিয়মের ভবিষ্যদ্বাণী নয়। সেটি ঠিক ছিল। সেটি ঈশ্বর ছিলেন। কতজন এটি বিশ্বাস করেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] বিলিয়মের ভবিষ্যদ্বাণী ঠিক ছিল, কারণ তিনি আর কিছুই বলতে পারেননি। ঈশ্বরের অভিষেক অন্য কিছু বলত না, এবং ঈশ্বর এটি সত্য প্রকাশ করে এটি প্রমাণিত করেছিলেন। কিন্তু এটি ছিল "বিলিয়মের শিক্ষা।"

এখন মথি ২৪:২৪ এর সাথে এটি তুলনা করুন। অভিষিক্ত ব্যক্তি, কিন্তু তাদের শিক্ষা ভ্রান্ত। ত্রিত্ব, এবং এই জাতীয় সমস্ত বিষয়; ভ্রান্ত, খ্রীষ্টবিরোধী!

94 আমি আশা করি আপনার অনুভূতি আঘাতপ্রাপ্ত হবে না। আর এটা বন্ধ করবেন না, ফোন বন্ধ করবেন না। আর উঠে বাইরে চলে যাবেন না। শুধু স্থির থাকুন, আর আসুন দেখা যাক পবিত্র আত্মা আমাদের কাছে এটি প্রকাশ করেন কিনা এবং আমাদের কাছে এটি প্রমাণ করেন কিনা। বলেন, "কিন্তু সেটা..." আপনি যা কিছুই বিশ্বাস করেন, শুধু স্থির থাকুন আর শুনুন। আর ঈশ্বরকে আপনার হৃদয় খুলে দিতে প্রার্থনা করুন, তারপর আপনি খুঁজে পাবেন আপনি একটি শ্যাকুল, অথবা একটি কণ্টক, অথবা আপনি যেখানেই দাঁড়িয়ে আছেন। দেখুন?

95 এখন, এমনকি যিহূদা, "তিনি দণ্ডাজ্ঞার নিমিত্ত পূর্ব্বে নিযুক্ত," যীশুর সামনে সেখানে। আর যীশু তাকে বললেন, "তুমিই সেই জন। তুমি যা কিছু করতে যাচ্ছ, আর যা কিছু তোমাকে করতে হবে, তাড়াতাড়ি করে ফেল।" তিনি জানতেন যে তিনি কি করছেন, কিন্তু, তাদের জন্য ত্রিশটি রূপা এবং জনপ্রিয়তা, প্রভু যীশু খ্রীষ্টকে বিক্রি করেছিলেন। তাঁর একজন শিষ্য, মণ্ডলীর কোষাধ্যক্ষ, যীশু তাকে তাঁর "বন্ধু" বলেছিলেন। দেখুন? বাইবেল বলে, "তিনি বিনাশের পুত্র হয়ে জন্মগ্রহণ করেছিলেন," ঠিক যেমন যীশু ঈশ্বরের পুত্র হয়ে জন্মগ্রহণ করেছিলেন। "যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে।"

96 আমরা যখন অধ্যয়ন করি তখন ঘনিষ্ঠভাবে লক্ষ্য করুন। আমরা আরেকটি উদাহরণ দেখব, রাজাবলি পুস্তকে। সেখানে একজন—একজন ভাববাদী ছিলেন, আর তার নাম ছিল মীখায়। তিনি যিম্লের

পুত্র ছিলেন এবং তিনি একজন ভাববাদী ছিলেন। তিনি ছিলেন।

97 আর একজন ভাববাদী ছিলেন, ভাববাদীদের একটি সংগঠনের প্রধান, অভিষিক্ত ব্যক্তিদের। বাইবেল বলে যে তারা "ভবিষ্যদ্বক্তা" ছিলেন, ঠিক যেমন তিনি বলেছিলেন বিলিয়ম একজন ভাববাদী, অভিষিক্ত ব্যক্তি ছিলেন।

আর তাদের মধ্যে মীখায় নামে একজন ছিলেন, যিনি ঈশ্বরের সঙ্গে অভিষিক্ত হয়েছিলেন এবং ঈশ্বরের দ্বারা ঈশ্বরের বাক্য সহ প্রেরিত হয়েছিলেন।

98 সেখানে একজন ছিলেন, সিদিকিয়, যিনি ভেবেছিলেন তিনি ঈশ্বরের দ্বারা প্রেরিত। তিনি ঈশ্বরের দ্বারা অভিষিক্ত ছিলেন, কিন্তু তার শিক্ষা ঈশ্বরের বাক্যের বিপরীত ছিল। "মিথ্যা খ্রীষ্টেরা উঠিবে, মহৎ চিহ্ন দেখাইবে, যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে।"

99 লক্ষ্য করুন, তারা উভয়ই, উভয়ই অভিষিক্ত। এখন, আপনি কিভাবে বলতে পারেন কোনটি সঠিক, আর কোনটি ভুল? বাক্য আহাবকে কি অঙ্গীকৃত করেছিল তা দেখুন। তাঁর আগে যিনি ভাববাদী ছিলেন, যিনি ছিলেন এলিয়, সেই যুগের সর্বশ্রেষ্ঠ ভাববাদীদের একজন, তিনি একজন প্রমাণিত ভাববাদী ছিলেন। সেই প্রমাণিত ভাববাদী বলেছিলেন, যে, "কারণ আহাব এই মন্দ কাজ করিয়াছিল, যে কুকুরেরা তার রক্ত চাটিয়া খাইবে; নাবোতের প্রাণ কেড়ে নেওয়ার জন্য। আর কুকুরেরা ঈষেবলকে খেয়ে ফেলবে, আর...তার দেহ মাঠের উপর ফেলে দেওয়া হবে।" এখন, ঈশ্বর যাকে অভিশাপ দিয়েছেন তাকে আপনি কিভাবে আশীর্বাদ করতে পারেন? অথবা আপনি কিভাবে অভিশাপ দিতে পারেন, যেমন বিলিয়ম বলেছেন, ঈশ্বর যাকে আশীর্বাদ করেছেন? দেখুন?

100 কিন্তু এই ভাববাদীরা আন্তরিক ছিলেন। কোন সন্দেহ নেই তারা ভালো মানুষ, সম্মানিত পুরুষ ছিলেন। কারণ, ইস্রায়েলে একজন ভাববাদী হতে হলে, আপনাকে সম্মানিত হতে হবে, অথবা এমনকি একজন ইস্রায়েলীয় হতে হবে। আপনাকে পাথর মেরে হত্যা করা হবে, যদি না হয়। তারা সম্মানিত ব্যক্তি ছিলেন। তারা বুদ্ধিমান পুরুষ ছিলেন। তারা শিক্ষিত পুরুষ ছিলেন। তারা আহাবের নির্বাচিত ছিলেন, জাতির মধ্যে থেকে। (সেটা দেখুন, বোন রাইট?) জাতির থেকে নির্বাচিতরা, উপযুক্ত...

এখন, যখন মীখায় তার দর্শন দেখেছিলেন, তখন তিনি তার হৃদয়ে জানতেন বাক্য কি বলেছিল, কিন্তু তিনি দেখতে

চেয়েছিলেন, যে আত্মা তার মধ্যে আছে, সে কি বলে।

101 তাই তারা তাকে বলল, তারা বলল, "অন্যান্য ভাববাদীরা যা বলেছেন আপনিও একই কথা বলবেন। আর যখন আপনি করবেন, কেন, আপনি, আমরা আপনাকে পুনরায় সহভাগিতাতে নিয়ে যাব, কোন সন্দেহ নেই। দেখুন? আমরা আপনাকে আমাদের একজন করে নিব। আমরা আপনাকে আমাদের ধর্মসম্প্রদায়ে ফিরিয়ে নিব। আপনি...আমরা জানি আপনি একজন ভাববাদী, কিন্তু আপনি সর্বদা অভিশাপ দিয়ে থাকেন। আপনি সবসময় আহাবকে অভিশাপ দিচ্ছেন। এখন, সিদিকিয়, প্রধান ব্যক্তি, পোপ, অথবা..." সে যাই হোক না কেন। "এখন তিনি আহাবকে আশীর্বাদ করে বলেছেন, 'যান, তাহা করুন।' এখন আপনি একই কথা বলবেন, যিম্লে। কেন, আপনি একজন দরিদ্র লোক। আপনার মোটেও কোন মণ্ডলী নেই। আর এই লোকেদের লক্ষ লক্ষ রয়েছে। পুরো জাতি তাদের জন্য। এখন আপনিও তাদের মতই বলুন, দেখুন আপনি কি করবেন, আপনি—আপনি দেশের সকল উত্তম বিষয় খাবেন।" তিনি সেখানে ভুল মানুষের সঙ্গে কথা বলছেন!

কি হত যদি বলা হত, "তুমি কি সিদিকিয়, মীখায়ের মধ্যে কোন দোষ খুঁজে পাও?"

"না।"

"আপনি কি কখনও তাকে পাপে ধরেছেন?"

"না।"

"আপনি কি কখনও তাকে কাউকে অভিশাপ দিতে শুনেছেন?"

"না।"

"আপনি কি কখনও তাকে মাতাল অবস্থায় দেখেছেন?"

"না।"

"আপনি কি তার শিক্ষা নিয়ে বিতর্ক করতে পারেন?"

"না।"

"আপনি কি বিশ্বাস করেন যে তার ডাক্তারের ডিগ্রি মিথ্যা?"

"না।"

"আপনি বিশ্বাস করেন তার—তার পিএইচ.ডি. ঠিক আছে?"

"অবশ্যই। সানহেড্রিন কাউন্সিল দ্বারা, আমি অনুমান করি এটি...কাউন্সিল, আমি অনুমান করি এটি ঠিক আছে।"

"ঠিক আছে, তাহলে, আপনি কেন তার সঙ্গে যোগ দিচ্ছেন না ?"

"কারণ সে বাক্যের বাইরে !"

102 ঠিক আছে, আমরা এর একটি প্রদর্শনী করব, তাহলে, এর আগে এলিয় ভাববাদীর মতো। আর যদি আপনি ঈশ্বরের সন্তান হন, আপনি এই বাইবেলের ভাববাদীর সঙ্গে থাকবেন। এটা বাক্য। সময়, ঋতু লক্ষ্য করুন।

ঠিক আছে, যদি সিদিকিয় বলেন, "ওহ, আমি জানি ভাববাদী এটা বলেছেন, কিন্তু এটা ভবিষ্যৎ প্রজন্মের জন্য। সেটা এখন থেকে অনেক দূরবর্তী সময়ের জন্য" ?

তিনি বললেন, "আমি ঈশ্বরের কাছ থেকে একটি দর্শন না পাওয়া পর্যন্ত অপেক্ষা কর, আর তারপর আমি তোমাকে বলব।"

বললেন, "তাহলে আপনিও একই কথা বলুন ?"

তিনি বলেছিলেন, "ঈশ্বর যা বলেন আমি তাই বলব; অন্য কিছু নয়, অন্য কিছু নয়। আমি এতে একটি শব্দ যোগ করতে পারি না, অথবা এটি থেকে একটি শব্দও হরণ করতে পারি না।"

তাই সেই রাতে, প্রার্থনায়, প্রভু দর্শনে তার কাছে আসেন। তিনি পরের দিন সকালে বাইরে গেলেন, তিনি বললেন...

সেখানে দুইজন ভাববাদী !

103 দেশের সর্বশ্রেষ্ঠ ব্যক্তি, সামরিক এবং জাতীয় দৃষ্টিতে, তিনি ছিলেন সিদিকিয়। তিনি ছিলেন রাজার দ্বারা প্রধান ভাববাদী। তিনি সংগঠনের দ্বারা অন্যান্য সমস্ত ভাববাদীদের প্রধান ছিলেন। তাকে, তার সংগঠন দ্বারা, তাদের সকলের প্রধান করা হয়েছিল; সম্ভবত সেরা পঠন-পাঠন করা, সেরা শিক্ষিত, সেই চাকরির জন্য যোগ্য। আর তিনি পবিত্র আত্মা দ্বারা অভিষিক্ত হয়েছিলেন, কারণ তাকে "ভবিষ্যদ্বক্তা" বলা হয়েছিল। অবশ্যই, একজন সাধারণ ভাববাদী নন, তিনি একজন ইব্রীয় ভাববাদী ছিলেন। এখন তাকে দেখুন।

104 সিদিকিয় বলেছিলেন, "সদাপ্রভু আমাকে বলেছেন, 'আমার জন্য লোহার এই দুই শৃঙ্গ তৈরী করিও,' একটি প্রতীক।" একজন ভাববাদী সাধারণত প্রতীক প্রদান করেন। "তিনি বলেছেন, 'এই লোহার শৃঙ্গযুগল তৈরি কর।' পবিত্র আত্মা আমাকে বলেছেন, 'এগুলো নাও,' অভিষেক যিনি আমাকে আশীর্বাদ করেছেন।" এটিকে বলিদান হিসাবে ভাববেন না, কিন্তু একটি বিষয়ে প্রবেশ করার জন্য। "পবিত্র আত্মা যিনি আমার মাধ্যমে অন্য ভাষায় কথা

বলেন, যিনি আমাকে প্রমাণিত করেছেন, তিনি বললেন, ‘এই শৃঙ্গযুগল নিয়ে যান, আর এর দ্বারা, রাজাকে বলো যে তিনি সিরিয়াকে দেশ থেকে তাড়িয়ে দিবেন। আর আমি তাকে সেই দেশ ফিরিয়ে দিব যা ইস্রায়েলের, মণ্ডলীর।’”

105 ভাই, এটি মৌলিক বিষয় ছিল, ঠিক যেমন বিলিয়ম এখানে ছিলেন। বিলিয়ম মোশির মতোই মৌলিকভাবে কথা বলছিলেন। মোশি...ঈশ্বরের সঠিক সংখ্যা হল সাত। বিলিয়ম বলেছিলেন, “আমার জন্য সাতটি বেদী নির্মাণ কর; সাতটি পবিত্র বলি, ষাঁড় ও সাতটি মেষ।” সেটি ঈশ্বরের পুত্রের আগমনের কথা বলছে। মৌলিকভাবে, তিনি তাদের অন্যদের মতোই সঠিক ছিলেন।

106 আর এখানে সিদিকিয়, মৌলিকভাবে ঠিক ছিলেন যেমন, “কারণ এই দেশ আমাদের। কেন, সেখানে তারা সিরীয় এবং পলেষ্টীয়রা তাদের ও তাদের সন্তানদের পেট পূর্ণ করছে, ইত্যাদি, আমাদের শত্রু, আমাদের সন্তানরা সে খাদ্য ব্যতিরেকে থাকে! যখন, ঈশ্বর আমাদের এই দেশ প্রদান করেছেন!”

107 ভাই, এটি ভালো যুক্তি। আমি অনুমান করি তিনি ইস্রায়েলের সামনে এটি চিৎকার করতে পারেন, আর তারা যতটা সম্ভব চিৎকার করতে পারে। এখন, আমি এখন আজকের কথা বলছি। আমি আশা করি আপনারা আমাকে অনুসরণ করছেন। সমস্ত চিৎকার, হৈচৈ!

108 গত রবিবার দায়ূদের কথা মনে আছে? দেখুন? আপনারা যারা সেখানে রেডিওতে শুনছেন, অথবা এই টেলিফোনে রয়েছেন; আপনারা গত রবিবারের বার্তা পাননি, এটি নিতে ভুলবেন না। *ঈশ্বরের সেবার জন্য নিযুক্ত না হয়ে ঈশ্বরের সেবা করার চেষ্টা করা,* যতই আন্তরিক, ভালো হোক না কেন, এটা ঈশ্বরের দ্বারা গৃহীত হয়নি। দেখুন?

এখন, এখানে সিদিকিয় ছিলেন, ভাবছিলেন তিনি সঠিক আছেন।

মীখায় বললেন, “আমাকে ঈশ্বরের কাছে প্রার্থনা করতে দিন।” তাই তিনি পরের দিন সকালে **সদাপ্রভু এই কথা কহেন** সহকারে চলে আসলেন। তিনি বাক্য দিয়ে তার দর্শন পরীক্ষা করেছিলেন।

এখন তিনি যদি সিদিকিয়কে বলতেন, “আপনি কি জানেন যে বাইবেলের ভাববাদী এখানে বলেছেন, এই লোকটির সাথে কি ঘটবে?”

109 “কিন্তু এই সময়ে নয়, কারণ এই ব্যক্তি একজন সম্মানিত ব্যক্তি। তিনি চেষ্টা করছেন।” এটি বুঝতে ব্যর্থ হবেন না। “তিনি

মণ্ডলীর বিষয়গুলি মণ্ডলীকে ফিরিয়ে দেওয়ার চেষ্টা করছেন। তিনি এর সম্পত্তি ফিরিয়ে দেওয়ার চেষ্টা করছেন," আধ্যাত্মিক বিষয় নয়; যদি এটি করতেন, তিনি এলিয়র মতো সেই পুরো জাতিকে নাড়া দিতেন। কিন্তু, তাদের উপাদান বিষয়গুলি দেওয়ার চেষ্টা করছি, "আমরা সম্পত্তির মালিক। আমরা একটি বিশাল সংগঠন। আমরা এর অন্তর্গত। আমরা সকলে, আপনারা সকলে, আপনারা প্রোটেস্ট্যান্টদের, সকলের আমাদের সাথে যোগ দেওয়া উচিত।" আহ-হাহ।

110 আমরা একটু পরে সেটাতে আসছি. "তারা সবই ভাই এবং বোন, যাইহোক।" এটা নয়! ঈশ্বরের প্রকৃত মন্ডলীর সাথে কখনও ছিল না এবং কখনও হবে না। হতে পারে না!

111 লক্ষ্য করুন, তিনি দর্শন দেখেছিলেন। আর তাই তিনি বললেন, "ঈশ্বর আমার সঙ্গে কথা বলেছেন।" এখন, দেখুন, লোকটি আন্তরিক ছিলেন। তিনি বললেন, "তিনি বললেন, এই শৃঙ্গগুলি তৈরি কর, আর সেখানে রাজার সামনে গিয়ে পশ্চিম দিকে ঠেলে দাও,'" অথবা তারা যেখানে দাঁড়িয়ে ছিল সেখান থেকে ভূমি যে দিকেই হোক না কেন। "'গুঁতা দাও, আর সেটি **সদাপ্রভু এই কথা কহেন** হবে, তিনি বিজয়ী হয়ে ফিরে আসবেন, মণ্ডলীর জন্য একটি বিজয়।' তাদের তাড়িয়ে দিবেন!" এটা বেশ কাছাকাছি, তাই না? ব্যাপারটা কি ছিল?

এখানে মীখায় নেমে আসে। বললেন, "এখন তুমি তোমার ভাববাণী দাও।"

"সেখানে যাউন! কিন্তু আমি সমস্ত ইস্রায়েলকে অরক্ষক মেষপালের ন্যায় পর্ব্বতগণের উপরে ছিন্নভিন্ন দেখিলাম।" বাহ! ঠিক তার বিপরীত।

112 এখন, আপনি মণ্ডলী। এখন কোনটি সঠিক? তারা উভয়ই, ভাববাদী। তাদের মধ্যে পার্থক্য বলার একমাত্র উপায় হল, আপনি বাক্য দ্বারা এটি পরীক্ষা করুন।

বললেন, "আপনি এটা কিভাবে বুঝলেন?"

তিনি বললেন, "আমি ঈশ্বরকে সিংহাসনে বসে থাকতে দেখেছি।" বললেন, "আমি তাঁর চারপাশে সকল পরিষদ দেখেছি।"

113 এখন মনে রাখবেন, সিদিকিয় শুধু বলেছেন তিনি ঈশ্বরকেও একই আত্মায় দেখেছেন। "আমি ঈশ্বরকে দেখেছি। তিনি আমাকে এই শৃঙ্গগুলো তৈরি করতে বলেছিলেন—লোহা দিয়ে। সেখানে যান এবং জাতিদের এখান থেকে তাড়িয়ে দিন, কারণ এটি

আমাদের। অন্যদের এতে কোন অধিকার নেই।" তারা যদি ঈশ্বরের সঙ্গে সঠিক থাকে। তাদের এটা থাকত, কিন্তু তারা ঈশ্বরের কাছ থেকে দূরে চলে গিয়েছিল।

114 এইভাবে সংগঠন চলে, গির্জা। এই বিষয়গুলির অধিকার আছে, কিন্তু আপনি এর দ্বারা প্রতারিত হয়েছেন, কারণ আপনি ঈশ্বরের বাক্য এবং ঈশ্বরের আত্মা থেকে দূরে চলে গেছেন, অভিষেক থেকে, সময়ের বাক্যকে প্রমাণ করার জন্য। আপনি এই বার্তা বুঝতে ব্যর্থ হবেন না।

115 এখন কি ঘটেছে লক্ষ্য করুন। তিনি বলেছিলেন, "আমি ঈশ্বরকে দেখেছি," মীখায় দেখেছিলেন, "স্বর্গে সিংহাসনে অধিষ্ঠিত। তার সভা তাকে ঘিরে জড়ো হয়েছিল। তিনি বলেছিলেন, 'আমরা কাকে নিতে পারি যে গিয়ে আহাবকে প্রতারিত করতে পারে, এলিয়র বাক্য সত্য করার জন্য, আমার ভাববাদী যিনি প্রমাণিত হয়েছিলেন। আমি বলেছিলাম যে তিনি আসবেন। আর এলিয়র কাছে আমার বাক্য ছিল। আকাশ ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্য লোপ হইবে না। আমি চিন্তা করি না যে তারা কতটা আধুনিক হয়েছে, অথবা তারা কতটা ভালো হয়েছে, অথবা তারা কতটা শিক্ষিত হয়েছে, অথবা তারা কতটা বড় হয়েছে, আমার বাক্য কখনও ব্যর্থ হবে না।'

116 "আর একটি মিথ্যা আত্মা নরক থেকে উঠে এসে হাঁটু গেড়ে বসে বলল, 'আপনি যদি আমাকে অনুমতি দেন, আমি তাদের আমার অভিষেক দিতে পারি, তাদের যে কোন ধরনের চিহ্ন বা আশ্চর্য কাজ করাতে পারি, যতক্ষণ না আমি তাদের বাক্য থেকে বের করে দিই। সে এমনকি জানবে না যে এটা আপনার বাক্য। জনপ্রিয়তার জন্য তিনি এটা উপেক্ষা করবেন।'" ভাই, সময় বদলায়নি। ভাই নেভিল, এটা সত্য। আপনাদের মনে আছে, এটা সত্য। "'আমি তাকে ধরব, তাকে একই কাজ করতে বাধ্য করব যা বাকিরা করে। আমি তাকে ভাববাণী করাব, এবং মিথ্যা বলাব।'" এটা কিভাবে মিথ্যা হতে পারে ? কারণ এটি বাক্যের বিপরীত ছিল।

117 আপনি এই মিথ্যা বাপ্তিস্মগুলির মধ্যে যেকোনটি গ্রহণ করুন, মিথ্যা *অমুক-অমুক-অমুক*, আমি এটা চিন্তা করি না যে এটি কতটা বাস্তব শোনায়, তারা যতই ছদ্মবেশ ধরার চেষ্টা করুক, এটি মিথ্যা যদি এটি এই সময়ের ঈশ্বরের বাক্যের বিপরীত হয়। ঠিক তাই।

আপনারা বলেন, "ঠিক আছে, আমাদের, ঠিক আছে, আমরা *এটা* করেছি, আর আমরা *এটা* করি, আর আমাদের মণ্ডলী *এই* পথে আর *সেটা*।"

118 এটা কি আমি চিন্তা করি না। যদি এটি এই সময়ের জন্য লিখিত বাক্যের বিপরীত হয়, তবে এটি মিথ্যা। এর সাথে ঈশ্বরের কিছুই করার থাকবে না, যতই আন্তরিক, যতই শিক্ষিত, কত বুদ্ধিমান, শুনতে কতটা সত্য, যতই যুক্তিযুক্ত মনে হোক না কেন, যদি এটি এই সময়ের বাক্যের বিপরীতে হয়। আমরা কয়েক মিনিটের মধ্যে এটির আরও গভীরে প্রবেশ করব, সময় আমাদের অনুমতি দেয়। যদি আমরা না করি, আমরা আজ রাতে এটি আবার গ্রহণ করব।

119 লক্ষ্য করুন, তিনি ছিলেন আন্তরিক, ভালো মানুষ, কোন সন্দেহ নেই। আর তিনি বললেন...তারপর, অন্যথায়, মীখায় তাকে বলেছিলেন, তার মুখের সামনে নয়, কিন্তু অন্য কথায়, "তুমি মিথ্যাবাদী আত্মায় অভিষিক্ত।" এটা কি একজন বিশপকে বলার মতো কিছু? কিন্তু তিনি এটা করেছিলেন।

120 আর তাই এই বিশপ উঠে এসে বললেন, "তুই আর কখনও কোন সহভাগিতা পাবি না," আর তার মুখে থাপ্পড় মারলেন। বললেন, "আপনি জানেন যে আমি একজন প্রমাণিত ব্যক্তি। আমার মন্ডলী আমাকে এর প্রধান করেছে, এই জিনিসটি। ঈশ্বরের লোকদের জনপ্রিয় ভোট আমাকে এটি তৈরি করেছে। আমার সংগঠন আমাকে এটা তৈরি করেছে। আর ঈশ্বর আমাদের এই দেশ দিয়েছেন, আর তিনি এটি আমাদের অন্তর্গত করতে চান। **সদাপ্রভু এই কথা কহেন**, আমার কাছে আছে।" তাকে কটাক্ষ করে, বললেন, "সদাপ্রভুর আত্মা তোর সঙ্গে কথা কহিবার জন্য আমার নিকট হইতে কোন্ পথে গিয়াছিলেন?"

121 মীখায় বলেছিলেন, "তুমি একদিন খুঁজে পাবে," যখন ক্যালিফোর্নিয়া সমুদ্রের নীচে চলে যাবে, এবং এই সমস্ত বিষয়গুলি। দেখুন? "তুমি দেখতে পাবে এটি কোন পথে গেছে, যখন তুমি ভিতরের কারাগারে অবস্থান করবে।"

122 এখন, আহাব, আপনি কি বলতে যাচ্ছেন? "আমি আমার ভাববাদীকে বিশ্বাস করি," তিনি বলেছিলেন। তিনি যদি বাক্য অনুসন্ধান করেন? দেখুন, তিনি নিজেকে অভিশপ্ত দেখতে চাননি। আমার কথা শুনুন! তিনি নিজেকে অভিশপ্ত দেখতে চাননি। কোন মানুষ তা করে না।

123 আর আমার সংগঠন-...সাংগঠনিক ভাই, আপনাদের এটাই সমস্যা। আপনি ভাবছেন যে আপনি সঠিক, যখন, আপনি আপনার হৃদয়ে জানেন, যখন আপনি "পিতা, পুত্র, পবিত্র আত্মা," নাম ব্যবহার করে বাপ্তিস্ম দেন, আপনি মিথ্যা বলছেন। আপনি জানেন

যখন আপনি পূর্ব-...আপনি যা করছেন তা বলেন, এবং প্রাথমিক প্রমাণ গ্রহণ করেন, আর এইরকম সব বিষয়, আপনি ভুল। কেমন করে প্রাথমিক প্রমাণ অন্য ভাষায় কথা বলতে পারে, আর এই সময়ে ঈশ্বরের প্রতিশ্রুতির বিপরীতে কথা বলতে পারে? এটা কিভাবে হতে পারে? আপনি অভিশাপ চান না, তাই নয় কি? কিন্তু *এখানে* এটা লেখা আছে, আর সেটাই হবে। এটি পশুর চিহ্ন, যদি এটি সম্ভব হয় তবে এটি নির্বাচিতদের প্রতারিত করবে।

124 প্রতিটি চিহ্ন, প্রতিটি আশ্চর্য বিষয়, অভিষিক্ত পুরুষ, ভবিষ্যদ্বাণী, সমস্ত ধরণের বিষয় ঘটছে; সব ধরনের চিহ্ন, সব ধরনের আশ্চর্য বিষয়, আপনি কিভাবে পার্থক্যটি বলতে পারবেন? এই সময়ের বাক্য দেখুন। এভাবেই আপনি নেন...

মোশিকে দেখুন, তিনি বিলিয়মকে বলতে পারতেন। মীখায়কে এখানে দেখুন, আমরা কিভাবে জানব যে তিনি সঠিক ছিলেন? বাক্য, তার পূর্বে, আহাবের জন্য ভবিষ্যদ্বাণী করেছিল।

125 এবং বাক্য, আমাদের আগে, এই দিনের জন্য এই সংগঠনগুলির বিষয়ে ভবিষ্যদ্বাণী করেছিল, এবং তাদের উপর এই অভিশাপ আছে। আর যে বিষয়গুলি তাঁর সত্যিকারের অভিষিক্ত মণ্ডলীর দ্বারা সংঘটিত হবে, তার জন্য বাক্য থাকবে, বাক্য ভার্য্যা। এখানে আমরা আছি। এখানে এটা, আজ, ঠিক যেমন তখন ছিল।

126 বাইবেল বলে, "প্রত্যেক কথা দুই অথবা তিনজন সাক্ষীর মুখে স্থির হোক।" আমি বিলিয়মের কথা বলেছিলাম, আমি বিলিয়ম এবং মোশির কথা বলেছিলাম। আর আমি এখন মীখায় এবং সিদিকিয়ের কথা বলছি। এখন আমি আরও একটি দিতে যাচ্ছি। যা, সেখানে শত শত আছে, কিন্তু আরও একজন, তিনজন সাক্ষী করার জন্য। আমি তাদের একটি সম্পূর্ণ পংক্তি এখানে লিখেছি; কিন্তু সময় বাঁচানোর জন্য।

127 যিরমিয় যিনি ছিলেন একজন প্রমাণিত, বহিষ্কৃত ব্যক্তি, কিন্তু ঈশ্বরের একজন প্রমাণিত ভাববাদী। তারা লোকটিকে ঘৃণা করত। তারা তার দিকে অপরি-...অতি পাকা ফল নিক্ষেপ করে, ইত্যাদি। আর তিনি তাদের উপর অভিশাপ দিলেন। আর তিনি যা করেছিলেন, এবং সেখানে রেখেছিলেন, ইত্যাদি, এবং চিহ্ন প্রদান করেন যে ইস্রায়েল ভুল ছিল।

128 প্রত্যেক ভাববাদী, সত্য ভাববাদী যারা পৃথিবীতে উত্থাপিত হয়েছেন, গির্জার সেই ধর্মসম্প্রদায়ের সংগঠনগুলিকে অভিশাপ

দিয়েছেন। কিভাবে এটা পরিবর্তন হতে পারে, অপরিবর্তনীয় ঈশ্বর দ্বারা ?

129 পবিত্র আত্মা এই সময়ের ভাববাদী; তিনি তাঁর বাক্যকে প্রমাণ করছেন, এটি প্রমাণ করছেন। পবিত্র আত্মা মোশির সময়ের ভাববাদী ছিলেন। পবিত্র আত্মা ছিলেন মীখায়ের সময়ের ভাববাদী। পবিত্র আত্মা, যিনি বাক্য লিখেছেন, আসেন এবং বাক্যকে নিশ্চিত করেন।

এখন মীখায়ের সময়ে কি ঘটেছিল ? আহাবকে হত্যা করা হয়েছিল, এবং কুকুররা তার রক্ত চেটেছিল, ঈশ্বরের বাক্য অনুসারে।

130 তোমরা সকল মিথ্যা শিক্ষকরা, ঈশ্বর বলেন, একদিন, তোমরা যা বপন করেছ তাহাই কাটিবে, হে অন্ধদের অন্ধ পথপ্রদর্শক ! আমি রাগান্বিত নই। আমি শুধু আপনাকে একটি সত্য বলছি। আর আমি এটা বলতাম না যদি এখানে উপরে, সেই ঘরে, যদি পবিত্র আত্মা না বলতেন, "এইভাবে বলো।" আমি কি কখনও আপনাদেরকে ভুল বলেছি কিন্তু ঈশ্বর যা প্রমাণ করেছেন তা সঠিক ? জেগে উঠুন, আমার ভাইয়েরা, অনেক দেরি হওয়ার আগে !

131 কিন্তু আমাকে এটা বলতে দিন। কিভাবে একটি কাঁটা জেগে উঠতে পারে এবং একটি কাঁটা গাছ হতে পারে, যখন এটি পূর্বনির্ধারিত ছিল ? কিভাবে নির্বাচিতরা এটা দেখা থেকে বিরত থাকতে পারে ? কারণ, আপনি এটি দেখার জন্য নির্বাচিত হয়েছেন। "পিতা আমাকে যাহা দিয়েছেন, সে সকলেই আমারই কাছে আসিবে," যীশু বলেছেন, "কিন্তু জগৎপত্তনের পূর্বে আমাকে না দিলে তাহাদের মধ্যে কেহ আসিতে পারে না, যখন তাদের নাম মেষশাবকের জীবন-পুস্তকে রাখা হয়েছিল," গির্জার যাজকের কাছে নয়, কিন্তু পুস্তকে, মেষশাবকের জীবন পুস্তকে লেখা হয়েছিল।

লক্ষ্য করুন, যিরমিয় উঠে দাঁড়িয়েছিলেন, লোকেদের সামনে প্রমাণিত হয়েছিলেন, তবুও তারা তাকে ঘৃণা করেছিল।

132 আর এইভাবে তারা বাইরে গিয়ে একটি জোয়াল তৈরি করল, তিনি করল, আর তার ঘাড়ের উপর রাখলেন, আর লোকদের সামনে চলে গেলেন। তারা বলেছিল, "ওহ, আমরা ঈশ্বরের মহান প্রজা। কেন, আমরা ইস্রায়েল। আমরা আমাদের সমাজগৃহের প্রতি এত আন্তরিক! আমরা প্রতি রবিবার উপস্থিত থাকি, আমরা, আমরা বলিদান করি, এবং আমরা আমাদের অর্থ প্রদান করি।

কিভাবে নবূখদ্‌নিৎসর ঈশ্বরের পবিত্র বিষয়গুলি নিতে পারেন?" হুহ! তোমার পাপ এটা করেছে।

133 ঈশ্বর বলেছেন, "তুমি যদি আমার আজ্ঞা পালন কর, তবে আমি তা করব না। কিন্তু, যদি তুমি না কর, এটা তোমার কাছে আসবে।" সেটা একদম ঠিক। এখনও একই। তাঁর আজ্ঞাগুলি, তাঁর বাক্য এই সময়ের জন্য রাখুন, তিনি যা প্রতিশ্রুতি দিয়েছেন।

134 এখন লক্ষ্য করুন। এখন, যিরমিয়, ঈশ্বরের ইচ্ছা দ্বারা, প্রমাণিত ভাববাদী, যদিও ঘৃণা করা হয়...তাদের প্রত্যেককে তাদের সময়ে ঘৃণা করা হত। তারা সেই সময়ের ধর্মসম্প্রদায়ের বিরুদ্ধে এমন অদ্ভুত কাজ করেছিল, সবাই তাকে ঘৃণা করত, এমনকি রাজারা এবং অন্য সবাই। তাই তিনি ঘাড়ে একটি—একটি জোয়াল রেখে বললেন, "**সদাপ্রভু এই কথা কহেন**। তারা সত্তর বছর ধরে সেখানে থাকবে," কারণ তার কাছে ঈশ্বরের বাক্য থেকে বোধশক্তি ছিল। "সত্তর বছর!"

135 তারপর হনানিয়, হনানিয়, আমি অনুমান করি আপনি এটি উচ্চারণ করবেন, হ-না-নি-য়। হনানিয়, লোকদের মধ্যে একজন ভাববাদী, উঠে এসে, যিরমিয়ের ঘাড় থেকে জোয়াল খুলে নিয়ে, এবং এটি ভেঙে ফেললেন। আর বললেন, লোকদের মধ্যে বড় হও, দেখুন, যখন তিনি ঈশ্বরের বাক্যের বিপরীত কথা বলছিলেন। আর তিনি বললেন, "দুই বছরে তারা ফিরে আসবে। **সদাপ্রভু এই কথা কহেন**।"

দুই অভিষিক্ত ভাববাদী। তাদের মধ্যে পার্থক্য কি ছিল? একজনের কাছে বলার জন্য বাক্য ছিল, আর অন্যজনের কাছে ছিল না। যিরমিয় বললেন, "আমেন।"

136 সমস্ত প্রাচীন এবং মণ্ডলীর সামনে, সমস্ত ইস্রায়েলের, দেখুন, তিনি দেখাতে চেয়েছিলেন যে তিনি যিরমিয়ের মতো বড় হতে পারেন। "আপনি জানেন তারা আপনাকে পছন্দ করে না, যাইহোক। তাই আমিও একজন ভাববাদী। আমি আপনার চেয়ে অনেক বেশি ভাববাদী, কারণ আপনি মিথ্যা ভবিষ্যদ্বাণী করছেন। আপনারা আমাকে বলুন, ঈশ্বরের লোকেরা কি *অমুক-অমুক* বিষয়ের অধীনে থাকবে?"

137 এটাই তারা আজ বলে, কিন্তু আপনি সেখানে একইভাবে থাকবেন, একটি গির্জা হিসাবে। আপনি অভিশাপে অভিশপ্ত। আপনারা সকল গীর্জা, ধর্মসম্প্রদায় ঈশ্বরের বাক্যের পরিবর্তে তাদের

মানুষের পরম্পরাগত বিধি ধরে রেখেছে, আপনারা ঈশ্বরের দ্বারা অভিশপ্ত।

138 এখন লক্ষ্য করুন, তিনি এখানে এসেছেন। হনানিয় তার ঘাড় থেকে এই জোয়ালটি সরিয়ে দেন, ঈশ্বরের প্রতীক, এটি ভেঙে ফেলেন, আর বলেছিলেন, "**সদাপ্রভু এই কথা কহেন**। দুই বছর পর তারা ফিরে আসবে।" শুধু দেখানোর জন্য, "আমি *অমুক-অমুক*।" কারণ তিনি দাঁড়িয়েছিলেন, তিনি একজন সাংগঠনিক ভাববাদী ছিলেন।

যিরমিয় একজন বনভূমির মানুষ ছিলেন, যিনি একাকী বসবাস করতেন। তিনি সর্বদা তাদের বিরুদ্ধে মন্দ ভবিষ্যদ্বাণী করেছিলেন, কারণ তারা মন্দ ছিল।

139 আর এই লোকটি তাদের বলছিলেন, "ওহ, যতক্ষণ আপনারা এতে আছেন ততক্ষণ আপনারা ঠিক আছেন। যতক্ষণ আপনি ইস্রায়েল আছেন, সেটাই প্রয়োজনীয়। দেখুন, আপনারা, আমরা... ঈশ্বর এটি করবেন না। আমি জানি এখানে সামান্য কিছু ঘটেছে, কিন্তু আতঙ্কিত হবেন না, ভয় পাবেন না।"

140 ওহ, ভাই, তারা আজও বেঁচে আছে। "চিন্তা করবেন না, সবকিছু ঠিক আছে। আমরা সবকিছু নিয়ন্ত্রণে নিয়ে এসেছি। আমরা মণ্ডলী।" আপনারা কি সেটা মনে করেন না। হ্যাঁ।

141 তাই তিনি বললেন, "সব ঠিক আছে। তারা দুই বছরের মধ্যে ফিরে আসবে। যে একটি সামান্য বিষয় ঘটেছে। এটা অস্বাভাবিক কিছু নয়। সেটি আমাদের। শুধু নবূখদ্‌নিৎসর এখানে এসেছেন, কিন্তু আমাদের ঈশ্বর এই সব কিছুর দেখভাল করবেন।"

142 কিন্তু বাক্য বলেছে যে তারা সেখানে সত্তর বছর থাকবে; যতক্ষণ না সেই প্রজন্ম বিলুপ্ত হয়ে যায়, আর অন্য প্রজন্ম। চল্লিশ বছর একটি প্রজন্ম। "প্রায় দুই প্রজন্মের আপনি সেখানে থাকবেন।" আর যিরমিয় ঈশ্বরের বাক্য অনুসারে এটি বলেছিলেন।

হনানিয় সেটি ভেঙে ফেললেন! যিরমিয় বললেন, "ঠিক আছে। আমেন। কিন্তু, হনানিয়, আসুন আমরা এটা মনে রাখি, আমরা দুজনেই ভাববাদী। আমরা উভয়ই সেবক।"

143 আর আমি আপনাকে এটা বলছি, আমার ভাই। আসুন আমরা স্মরণ করি যে আমাদের আগেও ভাববাদীরা ছিলেন, আর তারা রাজ্যের বিরুদ্ধে ভবিষ্যদ্বাণী করেছিলেন, তারা কিছু বিষয়ের বিরুদ্ধে ভবিষ্যদ্বাণী করেছিলেন। কিন্তু, মনে রাখবেন, ভাববাদী যখন কিছু বলেন, তাকে অবশ্যই বাক্য অনুসারে ভবিষ্যদ্বাণী করতে হবে।

মীখায়, মোশি এবং তাদের বাকি সকলের মতো। এটা বাক্য অনুযায়ী হতে হবে। যদি তা না হয়, তাহলে কি হয়েছিল মনে রাখবেন।

144 তারপর, হনানিয়, তার ধার্মিক ক্রোধান্বিত হয়ে যান। "আমি হনানিয়" (নিঃসন্দেহে), "প্রভুর ভাববাদী, আর আমি বলি, 'দুই বছর।'" অন্য কথায়, "বাক্য কি বলে তাতে আমার কিছু যায় আসে না।" তার অভিষেক, "আমি বলি, 'দুই বছর, তারা ফিরে আসবে।'"

145 যিরমিয় তার সামনে থেকে বেরিয়ে গেলেন, বাইরে গিয়ে বললেন, "প্রভু, তিনি কি বললেন তাতে আমার কিছু যায় আসে না, আমি এখনও বিশ্বাস করি এবং জানি যে বাক্য তাই বলে। আমি আপনার প্রতি সত্য থাকব। আমি তার দ্বারা প্রতারিত হব না।"

146 ঈশ্বর বলেছেন, "যাও হননিয়কে বলো, 'আমি লৌহের যোঁয়ালি প্রস্তুত করিব, পরের যোঁয়ালি।'" কারণ সে তা করেছিলেন, তাকে পৃথিবীর মুখ থেকে তুলে নেওয়া হয়েছিল, সেই বছরই হনানিয়কে নেওয়া হয়েছিল।

আমাদের উদাহরণ আছে, উভয় ভাববাদী। এই সময়ে আরও অনেক কিছু বলা এবং কথা বলা যেতে পারে।

147 কিন্তু দেখুন। যীশু বলেছেন, যে, এই শেষ সময়ে, আবার, দুটি আত্মা আবার একসাথে ঘনিষ্ঠ হবে। এটা কি ঠিক? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] এখন লক্ষ্য করুন। এটা তার চেয়ে কাছাকাছি হবে। এটাই শেষ সময়। ওহ, সন্তানেরা! ঈশ্বর আমাদের উপর দয়া করুন! যতক্ষণ না, "এটা এতটাই বাস্তব হবে যতক্ষণ না এটা সম্ভব হলে মনোনীতদিগকেও প্রতারিত করবে।" এখন আপনারা কিভাবে যাবেন...সেই দিনগুলোতে আমরা এটা কিভাবে চিনতে পারতাম? আপনি আজ এটা কিভাবে চিনতে পারবেন? একইভাবে, বাক্যের সাথে থাকুন, "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।"

148 এখন এই সমস্ত বার্তার যত্ন নিন। আর যখন আপনি টেপ শোনেন, এমনকি হয়তো আমি একদিন চলে যাব যখন প্রভু আমার সাথে এখানে পৃথিবীতে কার্য্য শেষ করবেন, আপনারা এটি উল্লেখ করবেন। আমার রব শুনুন, আমি আপনাকে কি বলছি। যদি তিনি তার আগমনের আগে আমাকে নিয়ে যান, শুধু মনে রাখবেন, আমি আপনাদের নিকট প্রভুর নামে কথা বলেছি, প্রভুর বাক্য দ্বারা। হ্যাঁ।

149 লক্ষ্য করুন, "একসঙ্গে এতটাই কাছাকাছি আসবে যে যদি সম্ভব হয় তবে মনোনীতদিগকেও প্রতারিত করবে," একই

চিহ্ন, একই অলৌকিক কাজ, একই আত্মার দ্বারা। এটা কি ঠিক? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] ঠিক যেমন ভাববাদীদের সম্পর্কে আমরা কথা বলেছি, ভাববাদীরা। এখন, এটাও লেখা আছে...

আসুন তার দিকে ফিরে যাই, এর জন্য, আপনি যদি চান, দ্বিতীয় তীমথিয় ৩। আসুন এটিকে ছেড়ে যাব না। আর আমি চাই না...

150 আমি সেখানে সেই ঘড়ির দিকে তাকাই, আর আমি—আমি অনেক কিছু বাদ দিতে চাই, আর আমি মনে করি না আমাদের এখন এটা করা উচিত। দেখুন? লক্ষ্য করুন। শুধু...যদি আমি এখানে দাঁড়িয়ে থাকি, আমার মতো ঘাম ঝরতে থাকে, দেখুন, কিন্তু আমি খুশি। আর আমি জানি যে এটা সত্য। দ্বিতীয় তীমথিয় ৩:৮।

151 পৌল, সেই ব্যক্তি যিনি বলেছিলেন, "যদি স্বর্গ হইতে কোন দূত আসিয়া, আমি যে সুসমাচার প্রচার করিয়াছি, তাহা ছাড়া অন্য কোন সুসমাচার তোমাদিগকে প্রচার করে, তবে সে অভিশপ্ত হউক," এখন, একজন দূত নেমে আসেন। এটি দ্বিতীয় থিষলনীকীয়...ওহ, আমি দুঃখিত।

152 দ্বিতীয় তীমথিয় ৩:৮ পদে লক্ষ্য করুন। দেখুন পৌল এখন কথা বলছেন। এই বিষয় দিয়ে শুরু করা যাক...আসুন প্রথম পদ থেকে শুরু করা যাক, আর এখন খুব মনোযোগ দিয়ে শুনুন। আপনারা যাদের বাইবেল আছে, আমার সাথে পড়ুন। আপনারা, যাদের কাছে বাইবেল নেই, মনোযোগ দিয়ে শুনুন। সেই...

কিন্তু ইহা জানিও, শেষ কালে...

সেটি আন্ডারলাইন করুন, "শেষ কালে।" তখনই এটা ঘটতে যাচ্ছে।

...বিষম সময় উপস্থিত হইবে। (আমরা এতে আছি।)

কেননা মনুষ্যেরা আত্মপ্রিয়, অর্থপ্রিয়, আত্মশ্লাঘী, অভিমানী, ধর্ম্মনিন্দক, পিতামাতার অবাধ্য, অকৃতজ্ঞ, অসাধু,

153 এই দলটির দিকে দেখুন যা আমরা আজ পেয়েছি, বিকৃত। এমনকি রাস্তায় পুরুষরা, যুবকরা, লম্বা চুলে তাদের কপাল ঢেকে যায়, মহিলাদের মতো। বিকৃতি! সদোমবাসী!

154 এই বছরে আপনি কি পড়েছেন, এই মাসের *রিডার্স ডাইজেস্ট*? বলেছে, "আমেরিকান লোকেরা বয়সে," আমি মনে করি এটা ছিল, "কুড়ি থেকে পঁচিশ বছর বয়সের মধ্যে, ইতিমধ্যেই তাদের মধ্যবয়সী

অবস্থায় রয়েছে।" তারা শেষ হয়ে গেছে! তারা বিকৃত হয়ে গেছে! বিজ্ঞান বলে যে, একজন পুরুষ তার মধ্য বয়সে, আর একজন মহিলা, যখন তারা এখনও তাদের কুড়ির কোঠায়। তাদের শরীর এতটাই বিকৃত হয়ে গেছে এবং নোংরা হয়ে গেছে।

ওহ, আমেরিকা, ঈশ্বর কতবার তোমাকে ঘিরে রাখবে, কিন্তু এখন তোমার সময় এসেছে! তুমি জগৎকে নোংরামির মধ্যে নিয়ে গেছো।

...ধর্ম্মনিন্দক, পিতামাতার অবাধ্য, অকৃতজ্ঞ, অসাধু, স্বাভাবিক স্নেহরহিত,...

এমনকি একে অপরের প্রতিও সত্যিকারের ভালবাসা নেই, নারীর প্রতি পুরুষের, পুরুষের প্রতি নারীর। "এমনকি প্রাকৃতিক স্নেহও নেই।" নোংরা, যৌনতা!

...যুদ্ধবিরতিকারী ভঙ্গকারী, মিথ্যা অভিযোগকারী, অসংযমী, প্রচণ্ড, এবং সদ্‌বিদ্বেষী,

155 অন্য কথায়, বলুন, "তোমরা পবিত্র গড়ানোদের দল।" কেউ একজন অন্য দিন এখানে গির্জায় আসার বিষয়ে জিজ্ঞাসা করেছিল। বললেন, "ওখানে যেও না। এটি কেবল একটি বড় আওয়াজ এবং এভাবে চালিয়ে যাওয়া।"

দেখুন, "তাহাদের তুচ্ছকারী।"

বিশ্বাসঘাতক, দুঃসাহসী, গর্ব্বান্ধ, ঈশ্বরপ্রিয় নয়, বরং বিলাসপ্রিয়*;*

আপনি বলেন, "ভাই ব্রানহাম, এটা সাম্যবাদী।" পরের পদটি কি বলে?

লোকে ঈশ্বরস্বরূপতার অবয়বধারী, কিন্তু (কি?) *তাহার শক্তি অস্বীকারকারী হইবে:* (বাক্য, যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই, প্রকাশিত, এই সময়ের জন্য প্রতিশ্রুতি)...

ঠিক হনানিয়ার মতো, ঠিক সিদিকিয়ের মতো, ঠিক বিলিয়মের মতো, বিগত দিনের, অন্যান্য মিথ্যা ভাববাদীদের মতো।

লোকে ঈশ্বরস্বরূপতার অবয়বধারী, (অভিষিক্ত... দেখুন?)

অবয়বধারী, (অভিষিক্ত, নিযুক্ত সেবকরা...)

ঈশ্বরস্বরূপতার অবয়বধারী, কিন্তু অস্বীকারকারী (যে তিনি কাল, আজ এবং...তাঁর বাক্য অস্বীকার করে!)

156 কিভাবে তারা সেই দিন যীশুকে অস্বীকার করেছিল ? যখন তারা যীশুকে অস্বীকার করেছিল তখন তারা কাকে অস্বীকার করেছিল ? বাক্যকে। তারা ধার্মিক ছিলেন। তারা তাদের বাইবেল থেকে শিক্ষা দিয়েছিল, কিন্তু বর্তমান সময়ের বাক্যকে অস্বীকার করেছিল।

157 তারা আজ কি? একই জিনিস, অভিষিক্ত, পঞ্চাশত্তমীর সুসমাচার প্রচার করছেন, কিন্তু বাক্যের বর্তমান সময়ের যা প্রতিশ্রুতি প্রমাণিত হচ্ছে তা অস্বীকার করে, "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।" আপনি এটা দেখতে পাচ্ছেন ? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।]

> *ইহাদেরই মধ্যে এমন লোক আছে, যাহারা ছলপূর্ব্বক গৃহে গৃহে প্রবেশ করিয়া পাপে ভারাক্রান্ত ও নানাবিধ অভিলাষে চালিতা...যে স্ত্রীলোকেরা সতত শিক্ষা করে,*

158 "আমাদের সেলাই পার্টি এবং আমাদের *অমুক-অমুক*।" কেউ এসে বাক্যের ভুল ব্যাখ্যা করার চেষ্টা করছে, আর বলছে, "এটা ঠিক আছে, বোন, আপনার চুল ছোট করা। সেই মূর্খের দিকে কোন মনোযোগ দিবেন না। দেখুন ? অথবা, যদি আপনি—আপনি *এটি* পরিধান করেন; *এটা* তা নয়, 'মানুষের হৃদয় থেকে যা বেরিয়ে আসে তাই তাকে কলুষিত করে।'" দেখুন ? আর আপনি কি বুঝতে পেরেছেন যে আপনি একটি মন্দ, লম্পট, নোংরা আত্মায় অভিষিক্ত ? যত্নশীল, আপনি ছোট চুল নিয়ে সমবেত সঙ্গীত গাইতে পারেন, কিন্তু আপনার কাছে একটি মন্দ আত্মা আছে। এটা বাক্যের বিপরীতে। সেটা ঠিক। এটাই বাইবেল বলে। আর আপনি বলেন, "ঠিক আছে, আমি হাফপ্যান্ট পরি। এটা আমাকে দোষী করে না।"

"যদি কোন স্ত্রীলোক পুরুষের বস্ত্র পরিধান করে, তবে ঈশ্বরের দৃষ্টিতে তা ঘৃণ্য।" অপরিবর্তনীয় ঈশ্বর সেটি বলেছেন।

159 ওহ, এত কিছু, আমরা কিভাবে এর মধ্য দিয়ে যেতে পারি ? আমাদের সময় দূরে থাকবে। কিন্তু আপনি সঠিক এবং ভুল জানার জন্য যথেষ্ট জানেন। আর আমি কিভাবে তাদের এটা করতে পারি ? আমি কিভাবে এটা করতে পারি ? বলেন, "ঠিক আছে, আপনি কি নিয়ে চিৎকার করছেন ?" আমি আপনার বিরুদ্ধে একজন সাক্ষী। কোন দিন, বিচারের দিনে, আপনার কাছে যাওয়ার জন্য একটি কোণও থাকবে না।

160 কিভাবে মীখায় এটা থামাতে পারেন ? কিভাবে মোশি, চিৎকার করে, এটা থামানোর চেষ্টা করতে পারেন ? আর যিহোশূয় এবং তারা

লোকদের মধ্যে গিয়ে? এমনকি, লেবি তার তলোয়ার বের করে তাদের হত্যা করেছিলেন? তারা একইভাবে চলতে থাকে।

161 এটা ভবিষ্যদ্বাণী করা হয়েছে যে তারা এটা করতে যাচ্ছেন। আর তারা এটা করতে যাচ্ছে, কারণ **সদাপ্রভু এই কথা কহেন** তারা এটা করতে যাচ্ছেন। আপনি কি মনে করেন তাদের মনোনয়ন কখনও ভেঙে যাবে, তাদের ধর্মসম্প্রদায় বাক্যে ফিরে আসবে? এটি **সদাপ্রভু এই কথা কহেন**, তারা করবে না! তারা কি খ্রীষ্টবিরোধীর মধ্যে যাবে? ঠিক। এটি **সদাপ্রভু এই কথা কহেন**, তারা করবে! "তাহলে আপনি কি বলছেন?" আমাকে সাক্ষী হতে হবে, আর আপনারাও, সকল বিশ্বাসীদের। দেখুন।

...নানাবিধ অভিলাষে চালিতা...যে স্ত্রীলোকেরা,

"ঠিক আছে, বাকি সব মহিলারা করে।" মিথ্যা ভাববাদীরা! এখন শুনুন। মিথ্যা ভাববাদী, আমি তাদের বিষয়ে বলছি। এখন শেষ দিনে তারা কি করবে?

...পাপে ভারাক্রান্ত...নানাবিধ অভিলাষে চালিতা যে স্ত্রীলোকেরা,

"ঠিক আছে, আমি বাকি মহিলাদের জানি..." ঠিক আছে, এগিয়ে যান।

162 এখানে ক্যালিফোর্নিয়ায় এই বড় ঘটনার ঠিক আগে আমি কি বলেছিলাম? "আপনারা এখানে লস অ্যাঞ্জেলেসে, যে বছর আমি ফিরে আসি সেখানে আরও বব-কেশিক মহিলারা উপস্থিত হন আর প্রথমের চেয়ে বেশি নির্বোধ মানুষ, বেশি প্রচারক সংগঠনে যাচ্ছে। আপনারা এর ব্যতিক্রম নন! যদি পরাক্রমশালী কাজ সদোমে করা হত এবং ঘমোরাতে তোমাদের মধ্যে করা হত, তবে আজ তা দাঁড়িয়ে থাকত। ওহ, কফরনাহূম, তুমি যে নিজেকে স্বর্গদূতদের নামে ডাকো, লস অ্যাঞ্জেলেস!" দেখুন কি ঘটছে? সে ঠিক সমুদ্রের তলদেশে চলে যাবে। কখন? আমি জানি না এটি কখন চলে যাবে, কিন্তু এটি যাচ্ছে। আপনারা তরুণরা, যদি আমি আমার সময়ে এটি না দেখি, আপনারা দেখবেন। সে চলে যাবে!

তথাপি সত্যের তত্ত্বজ্ঞান পর্য্যন্ত পঁহুছিতে পারে না... তাহাদিগকে বন্দি করিয়া ফেলে।

এখন এখানে মর্মান্তিক, এখানে মর্মান্তিক অংশ। এটি শুনুন।

আর যান্নি ও যাম্ব্রি যেমন মোশির প্রতিরোধ করিয়াছিল, তদ্রূপ ইহারা সত্যের প্রতিরোধ করিতেছে: এই লোকেরা

নষ্টবিবেক, বিশ্বাস সম্বন্ধে অপ্রামাণিক যা একবার পবিত্রদের কাছে অর্পণ করা হয়েছিল, অবশ্যই।

"বিশ্বাসের সম্বন্ধে।" "আর তিনি পিতৃগণের বিশ্বাস, অথবা সন্তানদের, পিতৃগণের প্রতি ফিরাইবেন।"

163 "বিশ্বাস সম্বন্ধে অপ্রামাণিক।" উহ! আপনি কি জানেন *অপ্রামাণিক* মানে কি ? যদি আপনার কাছে একটি স্কোফিল্ড বাইবেল থাকে, তবে সেখানে *h* আছে। ঠিক সেখানে, বলে, "ধর্মত্যাগী।" ধর্মত্যাগী, এটাই সেটি।

164 এখন, এক মিনিট। আমি এখানে কিছু দেখতে চাই। আমি মনে করি আমি এটা ঠিক লিখেছি। আমি নিশ্চিত নই, কিন্তু আমি এটা বলতে চাই, আর আমি—আমি বলার আগে এটা দেখুন। এখন, এক মিনিট। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।] "সত্যের বিষয়ে অপ্রামাণিক, বিশ্বাসের বিষয়ে।" "বিশ্বাস," শুধুমাত্র একটি বিশ্বাস আছে। সেটা ঠিক। "বিশ্বাসের বিষয়ে, অপ্রামাণিক!"

এখন আমি লূক ১৮ পড়তে চাই। মাত্র এক মিনিট। আপনারা কি...আপনারা এটা নামিয়ে রাখতে পারেন; আপনাদের পড়তে হবে না।

আর তিনি তাঁহাদিগকে এই ভাবের একটী দৃষ্টান্ত কহিলেন যে, তাঁহাদের সর্বদাই প্রার্থনা করা উচিত...নিরুৎসাহ হওয়া উচিত নয়;

বলিলেন—বলিলেন, কোন নগরে এক বিচারকর্ত্তা ছিল, সে ঈশ্বরকে ভয় করিত না, মনুষ্যকেও মানিত না*:*

আর সেই নগরে এক বিধবা ছিল; সে তাহার নিকটে আসিয়া বলিত, অন্যায়ের প্রতীকার করিয়া আমার বিপক্ষ হইতে আমাকে উদ্ধার করুন।

বিচারকর্ত্তা কিছু কাল পর্য্যন্ত সম্মত হইল না: কিন্তু পরে মনে মনে কহিল, যদিও আমি ঈশ্বরকে ভয় করি না, মনুষ্যকেও মানি না;

তথাপি এই বিধবা আমাকে ক্লেশ দিতেছে, এই জন্য অন্যায় হইতে ইহাকে উদ্ধার করিব, পাছে এ...সর্ব্বদা আসিয়া আমাকে জ্বালাতন করিয়া তুলে।

পরে প্রভু কহিলেন, শুন, ঐ অধার্ম্মিক বিচারকর্ত্তা কি বলে।

তবে ঈশ্বর কি আপনার সেই মনোনীতদের পক্ষে অন্যায়ের প্রতীকার করিবেন না, যাহারা দিবারাত্র তাঁহার কাছে রোদন করে, *যদিও তিনি তাহাদের বিষয়ে দীর্ঘসহিষ্ণু ?*

আমি তোমাদিগকে বলিতেছি, তিনি শীঘ্রই তাহাদের পক্ষে অন্যায়ের প্রতিকার করিবেন। কিন্তু মনুষ্যপুত্র যখন আসিবেন, তখন কি পৃথিবীতে বিশ্বাস পাইবেন ?

165 এখন এটাই প্রশ্ন। এখানে আমি যেতে চেয়েছিলাম: প্রকাশিত বাক্য ১০ এ (আমরা কয়েক মিনিটের মধ্যে এটিতে পৌঁছাব, অন্য বাক্যে, উল্লেখ করুন।), তিনি বলেছিলেন, "কিন্তু সপ্তম দূতের ধ্বনির দিনসমূহে, ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব সমাপ্ত *হওয়া উচিত*।" এখানে প্রশ্ন হল, যদি আপনি এই সময়ে সেই লাইনটি অনুসরণ করেন, তবে *এটি কি* শেষ হয়ে যাবে ? "আমি কি বিশ্বাস খুঁজে পাব ?" মালাখি ৪ কি এই সময়ে পূর্ণ হবে, "সন্তানদের বিশ্বাস ফিরাইবে, পিতাদের বিশ্বাসে, মূল, বাক্যে" ? দেখুন ?

166 "আর যান্নি ও যাম্ব্রি যেমন মোশির প্রতিরোধ করিয়াছিল।" এখন, এছাড়াও, শুনুন, দ্বিতীয় তীমথিয় ৩:৮ পদ। "যেমন যা-... মোশিকে প্রতিরোধ করেছিল, শেষ কালেও সেই একই প্রতিরোধ আসবে," এখন দেখুন এটি যেখানে বলে, "ঈশ্বরস্বরূপতার অবয়বধারী," অভিষিক্ত ব্যক্তিরা। এখন আসুন...আপনি ফিরে যান আর—আর বাড়িতে এটি পড়ুন, যাতে আমি এটি শেষ করতে পারি, আজ সকালে, যদি আমি করতে পারি। "সম্পর্কিত প্রতিরোধ..." জীবনযাপনে—জীবনযাপনে—প্রতিরোধ নয়; সেগুলো ভালো, সংস্কৃতিবান ব্যক্তি।

167 এখন লক্ষ্য করুন, যখন মোশি মিশরে গিয়েছিলেন, **সদাপ্রভু এই কথা কহেন** বার্তা নিয়ে, এবং প্রমাণিত হয়েছিলেন; ইস্রায়েলকে আহ্বান করেছিল, যারা একটি জাতি ছিল, চার্চ নয়। ইস্রায়েল একটি জাতি ছিল; তারা কখনও একটি চার্চ ছিল না। কারণ, *চার্চ* শব্দের অর্থ "আহূতকৃত ব্যক্তিরা।" তারা ঈশ্বরের লোক ছিল। তারপর যখন তারা বাক্যের অধীনে অভিষিক্ত হয়, এবং আহূত করা হয়, তারা ঈশ্বরের চার্চে পরিণত হয়। আর তখন বিপথগামী হয়, কারণ তারা ঈশ্বরের বাক্যে বিশ্বাস করেনি, এবং একজন মিথ্যা ভাববাদীর কথা শুনেছিল। আমি আশা করি যে সেটি বুঝতে পারবেন।

168 ইস্রায়েল, ঈশ্বরের প্রজা হয়ে, ঈশ্বরের হাতের অধীনে বেরিয়ে আসে, বাক্য দিয়ে অভিষিক্ত হয়...ঈশ্বরের শক্তিতে, ঈশ্বরের চিহ্ন

ও আশ্চর্য্য কাজ দেখেছিল। আর তারপর যখন ঈশ্বর তাদের সঙ্গে এগিয়ে যাচ্ছিলেন, তখন একজন মিথ্যা ভাববাদী আসেন, অভিষিক্ত ব্যক্তি, এবং ঈশ্বরের মূল বাক্য যা তারা শুনেছিল তার বিপরীতে কিছু শিক্ষা দিয়েছিল; আর তিনজন ছাড়া তাদের প্রত্যেকে প্রান্তরে মারা গেল। এখন এটি ধরে রাখুন।

169 "যেমন নোহের সময়ে হইয়াছিল, যেখানে আটটি প্রাণ জল দ্বারা উদ্ধার পাইয়াছিল, মনুষ্যপুত্রের আগমনেও তেমনই হইবে।" "লোটের সময়ে যেমন হইয়াছিল, সদোম হইতে তিনজন বাহিরে আসিয়াছিল, যখন মনুষ্যপুত্র প্রকাশিত হইবেন, সেই সময়েও তাহাই হইবে।" আমি কেবল বাক্য উদ্ধৃত করছি, প্রভুর বাক্য, যা, "আকাশ ও পৃথিবী লোপ হইবে..." এটি সংখ্যালঘু হবে!

170 এখানে লক্ষ্য করুন। মোশি হারোণের কাছে যান। মোশিকে ঈশ্বর হতে হবে। ঈশ্বর তাকে ঈশ্বর হতে বলেছিলেন, বললেন, "তুমি ঈশ্বর হও, তোমার ভ্রাতা হারোণ তোমার ভাববাদী হউক। তুমি যদি ভালভাবে কথা বলতে না পার তবে তুমি তার মুখে কথাগুলি দিয়ে দেও।" বললেন, "কিন্তু কে মানুষকে বোবা করেছে? কে মানুষকে কথা বলার জন্য তৈরি করেছে?" প্রভু করেছেন।

171 আর তিনি সেখানে হেঁটে চলে গেলেন। তিনি কি করেছিলেন? তিনি একটি সত্য এবং ন্যায্য অলৌকিক কাজ করেছিলেন যা ঈশ্বর তাকে করতে বলেছিলেন। ঈশ্বর তাকে বললেন, "যাও তোমার লাঠি নিচে ফেলে দাও।" এটি তুলে নিলেন, আর এটি একটা সাপে পরিণত হয়েছিল। তিনি এটি তুলে নিলেন, আর এটি একটি লাঠিতে পরিণত হয়ে গেল। বললেন, "তুমি ফরৌণের সম্মুখে যাও, আর বল, '**সদাপ্রভু এই কথা কহেন**।'"

172 আর যখন ফরৌণ এটা দেখে, আমরা বলি, "কেন, একটি সস্তা যাদুকরের কৌশল।" বললেন, "এতে কিছুই নেই। এটা মানসিক টেলিপ্যাথি অথবা অন্য কিছু, আপনারা জানেন। আমাদের সংগঠনে সেইরকম ব্যক্তিরা রয়েছে যারা একই জিনিস করতে পারে। 'এখানে আসুন, বিশপ *অমুক-অমুক*। আর, আপনি, আপনি এখানে বেরিয়ে আসুন।' আমাদের কাছে সেই ব্যক্তিরা রয়েছে যারা একই কাজ করতে পারে।" এটা শয়তান ফরৌণের মাধ্যমে কথা বলেছিল।

এটি ঈশ্বর মোশির মাধ্যমে কথা বলছিলেন।

173 কিন্তু এই লোকটিকে বেরিয়ে আসতে দেখুন। যান্নি ও যম্ব্রি মোশির সামনে এবং লোকদের সামনে প্রকাশ্যে বেরিয়েছিলেন, এবং মোশি যে সমস্ত অলৌকিক কাজ করতে পারেন তা সম্পাদন করেছিলেন।

"যদি সম্ভব হয় তবে তারা মনোনীতদের প্রতারিত করবে।" সেটা ঠিক? মোশি যে কাজ করেছিলেন সেই একই কাজ করেছিলেন। আপনারা এটা বুঝতে পেরেছেন? এখন মনে রাখবেন, এটি **শাস্ত্র এই কথা বলে**, শেষ সময়ে এটি পুনরায় পুনরাবৃত্তি হবে।

মোশি এবং যাম্ব্রীর মধ্যে পার্থক্য কি ছিল?

মোশি বলেছিলেন, "রক্ত জলে আসুক।"

আর এই মিথ্যা ভাববাদীরা বলেছিল, "নিশ্চয়ই, আমরাও জলে রক্ত আনতে পারি।" আর এটা ঘটেছিল।

তাই মোশি বললেন, "সেখানে দংশকের ঝাঁক আসুক।" তিনি এটা কি পেয়েছিলেন? সরাসরি ঈশ্বরের কাছ থেকে। দেখুন?

আর তিনি কি করেছিলেন? তিনি বললেন, "ঠিক আছে, অবশ্যই, আমরা দংশকের ঝাঁক আনতে পারি।" আর তারা এটা করেছিল। মোশি যে কোন অলৌকিক কাজ করতেন, তারাও সেটি করতে পারত!

174 মনে রাখবেন, মনে রাখবেন, আমরা কিছুক্ষণ পরে এটিতে আসছি। বাকিরা যা করতে পারে তারা তা করতে পারে, কিন্তু তারা বাক্যের সঙ্গে থাকতে পারে না। তারা বাক্যের সঙ্গে থাকতে পারে না।

175 এখন লক্ষ্য করুন, তারা এটা করেছে। কিন্তু মোশি, ঈশ্বরের কাছ থেকে প্রকৃত প্রেরিত ভাববাদী, ঈশ্বরের দ্বারা নিযুক্ত, তিনি কখনও তাদের সঙ্গে বিবাদ করেননি, বলেছিলেন, "এখানে, তোমরা এটা করতে পারবে না! তোমরা পারবে না!" তিনি তাদের একা থাকতে দেন, তাদের যেতে দেন। তারা সাংগঠনিক ভাববাদী, কিন্তু এগিয়ে যান।

176 মোশি ঠিক এগিয়ে গেলেন, ঈশ্বরের কথা শুনলেন। ঈশ্বর যাই বলুন না কেন, "এখন তুমি *এটা* কর," মোশি গিয়ে সেটা করলেন। তিনি একটি নতুন কাজ করেছেন। যখন তারা করেছিল, তাদের প্রত্যেকের মধ্যে একটি সংবেদন বা কিছু ছিল, তারা এখানে আসে। তারাও এটা করেছিল, ঠিক যেমন মোশি করেছিলেন।

177 এখন লক্ষ্য করুন। এই ব্যক্তিরা উপস্থিত হলেন...ওহ, আপনারা, আপনারা এটা যেতে দিবেন না! এই প্রতারক, ছদ্মবেশী, সত্যের প্রথম আবির্ভাব হওয়ার পর এসেছিল। দেখুন? তারা ছদ্মবেশ ধারণ করতে আসে। দেখুন, তাদের করতেই হবে। শয়তান কিছুই সৃষ্টি করতে পারে না; সে শুধু প্রকৃতের বিকৃতিকারী।

আর পাপ কি ? ধার্মিকতার বিকৃতি। ব্যভিচার কি ? সঠিক কাজের বিকৃতি। মিথ্যা কি ? সত্যকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে। একটি বিকৃতি !

178 হনানিয়কে দেখুন, মূল বাক্যের একটি বিকৃতি। বিলিয়মের দিকে দেখুন, মূল বাক্যের একটি বিকৃতি। সিদিকিয়ের দিকে দেখুন, মূল বাক্যের বিকৃতি।

আর বাইবেল বলে যে এই লোকেরা বেরিয়ে আসবে, বিকৃতকারীর পরে...অথবা মূল বাক্যকে বিকৃত করার জন্য প্রমাণিত হয়েছে এবং সত্য বলে প্রমাণিত হয়েছে।

179 "একজন সুসমাচার প্রচারকের কাজ করুন," সেই কোণে, "আপনার সেবাকার্যের পূর্ণ প্রমাণ দিন। কারণ এমন সময় আসবে যখন তারা সঠিক শিক্ষা সহ্য করবে না, কিন্তু নিজেদের অভিলাষ অনুসারে নিজেদের জন্য শিক্ষকদের স্তূপ করিবে, যাদের কান চুলকায়; তারপর এগিয়ে গিয়ে, তারা যা করতে চায় তা করবে, আর, 'এটা ঠিক আছে, আমাদের কাছে একই লক্ষণ এবং আশ্চর্য্য বিষয় রয়েছে।' এবং সত্য হইতে বিমুখ হইবে, এবং কল্পকাহিনীতে, ধর্মমতবাদে চলে আসবে।"

180 ওহ, পবিত্র আত্মার সচেতনতা, সেই বিস্ময় যা একজন মানুষের আত্মাকে আঘাত করে যখন সে ভাবতে থেমে যায় যে এটা আমাদের সামনে কতটা বাস্তব এবং সরল! এখানে সেই ভিত্তিপ্রস্তরটি খনন করে বের করুন এবং কাগজের টুকরোটি পড়ুন যা সেখানে রাখা হয়েছিল, তেত্রিশ বছর আগে। দেখুন তিনি কি বলেছিলেন ওপারে—ওপারে সেভেন্থ স্ট্রিটে, সেই সকালে যখন এই ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল। এখন এটা দেখুন। এখানে নদীর তীরে দেখুন, যখন প্রভুর দূত আগুনের স্তম্ভ আকারে নেমে আসেন, শত শত মণ্ডলী, অথবা মণ্ডলীর লোকেরা, তীরে দাঁড়িয়ে ছিলেন; তিনি যা বলেছেন, দেখুন এটি বাস্তবায়িত হয় কিনা। দেখুন কি হয়েছে।

181 এটি খুব কঠিন। আমি জানি এটি কঠিন দেখাচ্ছে, ভাইয়েরা, সেখানে। কিন্তু এটা...বাইবেল বলে, যীশু নিজেই বলেছেন, "এটা মনোনীতদের প্রতারিত করবে যদি এটা সম্ভব হয়।" এর অন্য কোন পথ নেই। তারা কখনই এটি দেখতে সক্ষম হবে না। যদি এটা সম্ভব হয়, মনোনীতরা এর দ্বারা প্রতারিত হবে।

182 লক্ষ্য করুন, এই ব্যক্তিরা ঈশ্বরের প্রকৃত অভিষিক্তদের পাঠানোর পরে আবির্ভূত হয়েছিল; তাঁর সত্য ভাববাদী, মোশি। আর যখন

মোশি কিছু করতেন, তারা এটির নকল করত।

183 এখন, ভাই, বোন, আমি...এটা আমার নিজের মণ্ডলী। আমি যা চাই তা প্রচার করার অধিকার পেয়েছি, যতক্ষণ এটি ঈশ্বরের বাক্য থেকে বেরিয়ে আসে। আর আমি আপনাদের দোষারোপ করছি না, কিন্তু আসুন আমরা এখন যে সময়ে এবং ঘন্টায় বাস করছি, সেটি অনুসন্ধান করি।

184 ভাই রুডেলকে, জুনিয়র জ্যাকসনকে, এবং তাদের এখানে, আমাদের ভাই মন্ডলীকে শুভেচ্ছা জানাই। আমি তাদের ভুলে গিয়েছিলাম, কিছুক্ষণ আগে। আমি মনে করি তারা আজ সকালেও আমাদের সঙ্গে সংযুক্ত আছে, কারণ মণ্ডলীতে কোন—কোন স্থান নেই।

185 শুধু এখন এটা ভাবুন, এক মিনিটের জন্য। তারা একই অলৌকিক কাজ করেছিল যা মোশি করেছিলেন। মোশি দংশকের ঝাঁক নিয়ে এসেছিলেন; তারা এটির ছদ্মবেশ ধারণ করে এবং দংশকের ঝাঁক নিয়ে আসে। দেখুন ?

ঈশ্বর বলেছেন, "যে দিন তাহার ফল খাইবে, সেই দিন মরিবে।"

186 শয়তান এসে বলল, "নিশ্চয়ই, তোমরা মরিবে না। তোমাদের চক্ষু খুলিয়া যাইবে। তোমরা একটি ভালো সংগঠন পাবে, একটি উত্তম..." আপনারা জানেন। "আপনারা জানেন, আপনার জন্য সবকিছু উত্তম হবে, আরও আলো পাবেন।" দেখুন, শুধু একটি বিকৃতি। উচিত...

187 আর মনে রাখবেন, **সদাপ্রভু এই কথা কহেন**, দ্বিতীয় তীমথিয় ৩:১৮ অনুসারে, যে, "শেষ সময়ে, এই যান্নি ও যাম্ব্রি পৃথিবীতে থাকবে।" এখন, আমি চাই আপনারা লক্ষ্য করুন তাদের মধ্যে দুজন আছেন, দেখুন, ছদ্মবেশী।

188 এখন আমরা সদোমে ফিরে যাচ্ছি, কিছুক্ষণ পর, সেই তিনজন, সেই তিনজন স্বর্গদূত খুঁজে বের করুন যারা নেমে এসেছেন, আর ছদ্মবেশ দেখুন, ইত্যাদি, দেখুন, দেখুন কোনটি সঠিক এবং কোনটি ভুল। দেখুন ? দেখুন ?

189 লক্ষ্য করুন, তারা একই অলৌকিক কাজ করেছিল। কিন্তু, লক্ষ্য করুন, সত্য বাক্য অভিষিক্ত হওয়ার পরে তারা ছদ্মবেশ ধারণ করেছিল, ঈশ্বরের পাঠানো সত্যের দ্বারা; অনুসৃত, দ্বিতীয়ত।

190 আমি আশ্চর্য হই, আমরা যদি এক মিনিটের জন্য ভাবতে পারি। লোকদের হাত ধরে, খুব বেশি দিন আগে নয়, প্রায় কুড়ি বছর আগে, এবং একটি চিহ্ন প্রদর্শিত হয়। বালক, সব স্থানে আরও

অনেক চিহ্ন ছিল, আর সবাই...একজনের ডান হাতে এটা আছে; একজন তার বাম হাতে এটি পেয়েছেন; অন্যজন এর গন্ধ পাচ্ছেন। দেখুন, সব ধরনের...আর আমি আশ্চর্য হই...ঈশ্বর আমাকে এই সময়ে আপনাকে বলতে দিবেন না আসলে সত্য কি, কিন্তু একদিন আপনারা খুঁজে বের করতে যাচ্ছেন। এটা তাদের মূর্খতা প্রকাশ করার জন্য ছিল। এটা ঠিক ছিল না, শুরুতে। আমি আপনাকে একদিন বলব, যদি প্রভু অনুমতি দেন।

191 লক্ষ্য করুন, তারা একই অলৌকিক কাজ করেছিল, কিন্তু তারা করেনি...লক্ষ্য করুন, তারা এটি করেননি যতক্ষণ না মূল বাক্য বেরিয়ে আসে, প্রথমে। এইভাবে শয়তান এদন উদ্যানে করেছিল। এভাবেই সে সব সময় করেছে। কে প্রথম ভবিষ্যদ্বাণী করেছিলেন? মোশি। কে প্রথমে দৃশ্যে আসেন, মোশি না বিলিয়ম? মোশি। কে প্রথমে দৃশ্যে আসেন, যিরমিয় না হনানিয়? আপনারা কি বুঝতে পারছেন, আমি কি বলতে চাইছি?

192 লক্ষ্য করুন, তারা অনুলিপি করেছে। শারীরিক ছদ্মবেশী, আন্তরিক, ভেবেছিলেন যে তারা "ঈশ্বরের সেবা করছেন," গত সপ্তাহে, দায়ূদ যেমন করেছিলেন, কিন্তু শারীরিক ছদ্মবেশী। আমি শুধু এক মিনিট অপেক্ষা করছি। আমি চাই আপনারা এই স্থানগুলির মধ্যে চিন্তা করুন। যদি আমি এটি না বলি, অবশ্যই পবিত্র আত্মা এটি প্রকাশ করবেন, বিশেষ করে মনোনীতদের কাছে। দেখুন?

193 ফরৌণের ধর্মসম্প্রদায় বলে, "আমাদের কাছে এমন মানুষ আছে যারা একই কাজ করতে পারে," আর তারা এটা করেছে। দেখুন? কেন ফরৌণ এটা করেছিল? কেন ঈশ্বর এটা অনুমতি দিয়েছিলেন? কেন ঈশ্বর সেখানে একজন সত্য, অভিষিক্ত ভাববাদীকে ফরৌণের সামনে একটি চিহ্ন প্রদর্শন করার জন্য পাঠাবেন, এবং তারপর একটি ধর্মসম্প্রদায়ের অনুলিপি সেখানে আসতে দেন এবং মানুষের সামনে এটি অনুলিপি করতে দেন? কেন তিনি একজন ছদ্মবেশীকে এটি করার জন্য উঠতে দিবেন, এবং ঈশ্বরের প্রকৃত আত্মাকে ঠিক একই কাজ করতে দিবেন? দেখুন, শাস্ত্র অবশ্যই পূর্ণ হবে।

194 লক্ষ্য করুন, তিনি এটা করেছিলেন যাতে তিনি ফরৌণ এবং মিশরীয়দের হৃদয় কঠোর করতে পারেন, প্রমাণ করার জন্য যে মোশি একমাত্র ব্যক্তি ছিলেন না যার কাছে বাক্য ছিল। তারা মোশির মতো একইভাবে সবকিছু করতে পারত।

195 আর কেন ঈশ্বর শেষ সময়ে এই জিনিস ঘটতে দিলেন? সুতরাং, মিথ্যাবাদী আত্মা যেমন সিদিকিয়কে বলেছিল, "কিভাবে আমরা

আহাবকে সেখান থেকে বের করে আনব, যাতে এই বিষয়গুলি ঘটতে পারে?" তিনি কিভাবে এই লোকদের, তাদের মন্ডলীতে বিশ্বাস করাতে চলেছেন, এই জিনিসটি ঘটতে দেওয়ার জন্য, এখানে বেরিয়ে আসার জন্য, যা তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন? তারা, এই লায়দিকেয়া মণ্ডলীর যুগে, "কারণ তুমি কহিতেছ, তুমি 'ধনবান্, এবং তোমার কোন অভাব নেই। আমি রানী হয়ে বসলাম।' কিছুই নেই! তুমি কি জানো না যে তুমি দুর্ভাগ্য, কৃপাপাত্র, অন্ধ? আর আমি আমার কাছ থেকে ক্রয় করার পরামর্শ দিই," তিনি বললেন, "তৈল ও স্বর্ণ।" কেন তিনি এটা করেছিলেন?

196 কেন তিনি এই শেষ সময়ে এই ছদ্মবেশকে উঠতে দিলেন, যখন এই বিষয়গুলি ঈশ্বরের সত্য বাক্য দ্বারা ঘটবে; এবং ছদ্মবেশী এসে একই কাজ করতে দিন, এবং ঈশ্বরের সত্য বাক্য অস্বীকার করতে দিন? তিনি মোশির জন্য এটা করেছিলেন। ফরৌণ মোশির বিরুদ্ধে তা করেছিলেন; আর যান্নি ও যম্ব্রি মোশির বিরুদ্ধে এটা করেছিল। আর বাইবেল বলে যে শেষ সময়ে এটি আবার পুনরাবৃত্তি হবে। এখানে আমরা। এখন, যদি সেই বাক্য পূর্ণ না হয়, তবে এটি কোথায়?

197 মোশি কি তাদের উপর বিরক্ত হয়ে বলেছিলেন, "এখানে! এখানে! তোমরা এটা করতে পারবে না। এটা করার জন্য আমিই একমাত্র নিযুক্ত হয়েছি। এখানে! তোমরা এখনই এটা বন্ধ কর"? তিনি তাদের যেতে দিলেন।

198 তাদের যেতে দিন। মনে রাখবেন, বাইবেল বলে, "তেমনি ইহাদের মূঢ়তা সকলের কাছে ব্যক্ত হইবে, শেষ সময়ে তাদের প্রকাশ করা হইবে," যখন ভার্য্যাকে উর্দ্ধাকাশে নিয়ে যাওয়া হয়। লক্ষ্য করুন।

মোশি, সত্য প্রকাশিত বাক্য, কখনও কিছু বলেননি, শুধু সেটিকে যেতে দিলেন। কিন্তু তিনি তা করেছিলেন যাতে তিনি ফরৌণের হৃদয়কে কঠোর করতে পারেন, ফরৌণকে প্রতারিত করতে পারেন।

199 তিনি সেই একই কাজ করেছিলেন যাতে তিনি আহাবকে প্রতারিত করতে পারেন। আর সেই ছোট্ট ব্যক্তিটি সেখানে একা দাঁড়িয়ে ছিলেন, ছোট মীখায়, তাদের বললেন, "**সদাপ্রভু এই কথা কহেন**।" এখানে আর একজন দাঁড়িয়েছিলেন, অভিষিক্ত, "**সদাপ্রভু এই কথা কহেন**।" এবং বিপরীতে, একে অপরের সাথে।

200 আমরা আজ **সদাপ্রভু এই কথা কহেন** এর সঙ্গে দাঁড়িয়েছি,

যে শেষ সময়ে জলে বাপ্তিস্ম যীশু খ্রীষ্টের নামে হতে হবে। আর আরেকজন দাঁড়িয়ে অলৌকিক কাজ করে, আর, একজন ত্রিত্ববাদী।

201 আমাকে বাইবেলে *ত্রিত্ব* শব্দটি দেখান। আমাকে দেখান যেখানে তিনজন ঈশ্বর আছেন। আমাকে দেখান যেখানে এই ধরনের জিনিস আছে। এটা ঈশ্বরের বাক্যে নেই। এই উপাধিগুলি ব্যবহার করে "পিতা, পুত্র, পবিত্র আত্মা" নামে কেউ কখনও বাপ্তাইজিত হয়েছে এমন কিছু নেই। এই সব বিষয়, "ওহ, এটা ঠিক আছে, বোনেরা। ঠিক আছে, শুধু লম্বা...আপনার চুল ছোট। এটা ঠিক আছে, আপনাকে *এটা*, *সেটা* অথবা *অন্য কিছু* করতে হবে না। ওহ, এটা বাজে কথা, কিছু পুরানো ধারণা।"

202 কিন্তু বাইবেল বলেছে! আর তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, "শেষ সময়ে, তিনি এলিয়ের আত্মা প্রেরণ করিবেন, এবং লোকদের, ঈশ্বরের সন্তানদের, আদি বিশ্বাসে ফিরিয়ে আনবেন, যেমন এটি বাক্যের উপর আদিতে ছিল।" সেই বাক্য সত্য হয়েছিল, শেষ সময়ে মনুষ্যপুত্র, সদোমে যেমন হয়েছিল; কাল, আজ এবং অনন্ত কাল। তিনি এটি করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। এটি ঈশ্বরের প্রতিশ্রুতি। এটি **সদাপ্রভু এই কথা কহেন**।

লক্ষ্য করুন, তারা একই কাজ করেছিল, ঠিক যেমন মোশি করেছিলেন, যতক্ষণ না ঈশ্বর যথেষ্ট পরিমাণে এটি পান।

203 এখন মনে রাখবেন, **সদাপ্রভু এই কথা কহেন**, এই সময়ে তা ঘটবে। এখন, বিশ্বজুড়ে অনুসন্ধান করুন; প্রতিটি ধর্ম গ্রহণ করুন, প্রতিটি গোষ্ঠী নিন, প্রতিটি মানুষকে নিন, প্রতিটি মণ্ডলী নিন! আমি আপনাদেরকে, খ্রীষ্টের নামে নির্দেশ দিচ্ছি, আপনারা প্রচারকদের, এটি করার জন্য। আমি আপনাকে সংবাদপত্র পড়ার জন্য বা আপনি যেখানে যেতে চান সেখানে বিবেচনা করার জন্য আপনাকে নির্দেশ দিচ্ছি, আর দেখুন এটি এই মুহূর্তে পৃথিবীতে আছে কিনা। দেখুন?

204 তারপর, মথি ২৪:২৪ একেবারে সঠিক। "ভাক্ত ভাববাদীরা শেষ সময়ে উঠিবে, এবং ভাক্ত ভাববাদী হইবে, এবং অনেককে প্রতারিত করিবে।" এর এখন প্রকারভেদ দেখুন, যখন এটি এখনে আসে, দেখুন, "অনেককে প্রতারিত করবে।" "ভাববাদীরা," বহুবচন; "খ্রীষ্টেরা," অভিষিক্তদের, বহুবচন; অনেকগুলি ভিন্ন, মেথডিস্ট, আপনারা জানেন, এবং ব্যাপটিস্ট, এবং পেন্টিকোস্টাল, এবং আরও অনেক কিছু। দেখুন?

কিন্তু সেখানে একজন সত্যিকারের খ্রীষ্টের আত্মা আছেন, আর সেটা হল সেই বাক্য যাকে দেহধারন করা হয়েছে, যেমন তিনি এটা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

এখন আমরা একটু এগিয়ে যাব, আরও কিছু শাস্ত্রের দিকে।

যতক্ষণ না, ঈশ্বর পক্ষে এটি যথেষ্ট হয়, তারপর এটি শেষ হয়ে যায়। তাদের মূর্খতা প্রকাশিত হয়।

205 লক্ষ্য করুন। মনে রাখবেন, খোসা দেখতে হুবহু গমের দানার মতো। দেখুন? এখন, আপনি বলতে পারেন না, লুথারেন যুগে, "কাণ্ডটি গম ছিল," তবুও এর মধ্যে জীবন ছিল। কাণ্ড ঠিক আছে, কাণ্ডের মধ্যে জীবন ঠিক ছিল, কিন্তু, মনে রাখবেন, জীবন এগিয়ে গিয়েছে; ইলীশায় থেকে এলিয় পর্যন্ত অগ্রসর হন। জীবন এগিয়ে যেতে থাকে। কিন্তু, মনে রাখবেন, এটা অন্য পর্যায়ে আছে। এটা সেই পর্যায়ে থাকতে পারে না। আমরা অন্য কোন যুগের পচা মাংস খেতে পারি না। আমরা পেন্টিকোস্টালের পচা মাংস, মেথডিস্ট বা ব্যাপটিস্ট খেতে পারি না। দেখুন, এটি পচা মাংস হয়ে গেছে। আমাদের কাছে তাজা খাবার আছে, এই সময়ের বাক্য, আরও অনেক কিছু।

206 মনে রাখবেন, খোসাটি ঠিক গমের দানার মতো। আপনি পারবেন না...এটি পত্রের মধ্যে দেখাচ্ছিল না, শিষের মধ্যে এটি আছে এমন সেটি দেখাচ্ছিল না, কিন্তু এটি নিশ্চিতভাবে খোসার মধ্যে ছিল। দেখতে মনে হয়নি যে সেখানে...যীশু খ্রীষ্ট কাল একই ছিলেন, লুথারের মধ্যে; ওয়েসলিতে এটি দেখতে মনে হয়নি; কিন্তু এটি নিশ্চিতভাবে পেন্টিকোস্টে হয়, "যদি সম্ভব হয় তবে মনোনীতদের ভুলাইবে।" দেখুন? সেখানে আপনার যুগ আছে।

207 কিন্তু মনে রাখবেন, সেই পেন্টিকোস্টাল মণ্ডলী, শেষ সময়ে, লায়দিকেয়া ছিল; আর খ্রীষ্টকে বাইরে বের করে দেওয়া হয়, শস্য, গম, স্বয়ং। যখন তিনি চেষ্টা করেছিলেন...মনে রাখবেন, যখন তিনি মণ্ডলীতে নিজেকে প্রকাশ করার চেষ্টা করেছিলেন, তাকে বাইরে বের করে দেওয়া হয়েছিল। এটি এখনও একটি মণ্ডলী ছিল, বলে দাবি করা হয়েছিল; অভিষিক্ত।

208 কিন্তু *এখানে* বাক্য, খ্রীষ্ট স্বয়ং, তিনিই অভিষিক্ত বাক্য যা তাঁর শরীরের বাকি অংশের জন্য আসবেন, ভার্য্যা। অভিষিক্ত, সেই একই জল থেকে যা গমকে সেচ দিয়েছিল, যেমন আমরা কথা বলেছি, শ্যামাঘাসকে জল দেয়, অভিষিক্ত ব্যক্তিগণ। শুধুমাত্র মনোনীতরা, অথবা পূর্বনির্ধারিতরা, তাদের মধ্যে পার্থক্য সনাক্ত করতে সক্ষম

হবেন। এখন, ইফিষীয় ৫:১ আপনাকে তাই বলে, এবং এটি কেমন ছিল সে সম্পর্কে।

209 তারা অভিষিক্ত ব্যক্তিগণ। সবাই বলে, "ঈশ্বরের মহিমা হউক! আমরা এখানে স্বাধীনতা পেয়েছি। হালেলুইয়া! আমরা...ওহ, হালেলুইয়া! আমরা অন্য ভাষায় কথা বলি, আর লাফাইয়া উঠি। আমরা নারী স্বাধীনতা পেয়েছি; আপনারা তাদের এই সমস্ত বিষয়ের অধীনে রাখার চেষ্টা করেন।" দেখুন? এগিয়ে যান। আপনি করতে পারেন এমন কিছুই নেই। বলেন, "ঠিক আছে, আমরা অন্য ভাষায় কথা বলি। আমরা চিৎকার করি। আমরা আত্মায় নাচ করি। আমরা বাক্য প্রচার করি।" ঠিক আছে। এর বিরুদ্ধে কিছু বলার নেই। এই লোকেরা এখানে বাইবেলে সেটি করেছিল।

যীশু বলেছেন, "এটি মনোনীতদের প্রতারিত করবে যদি এটি সম্ভব হয়, সেই মনোনীতদের।"

210 এখন লক্ষ্য করুন, খোসা...মূল শস্য থেকে, শস্য যেটি মাটিতে চলে গিয়েছিল, এটি কোন সংগঠন ছিল না। এটি একটি শস্য ছিল, স্বয়ং। কিন্তু যখন এটি উঠে আসে, এটি একটি শস্য ছিল না; এটি একটি সংগঠন ছিল, দেখুন, পাতা, দানা।

তারপর এটি অন্য পর্যায়ে চলে যায়, যা ছিল একটি শিষ। এখনও এটি শুরুর মতো নয়। এটি একটি সংগঠন।

211 এটি খোসার মধ্যে চলে যায়, অনেক পাতা, পেন্টিকোস্ট, প্রায় এখন আকৃতিতে চলে আসে। এটা দেখুন। এটি সব সময় আকার নিচ্ছে, প্রায় হুবহু একই, ঠিক গমের দানার মতো দেখায় যখন আপনি সেখানে সেই ছোট্ট শস্যমঞ্জরি দেখতে পান।

212 কিন্তু অবশেষে এটি প্রকাশিত হয়েছে, এবং কোন সংগঠন নেই। আর কোন বাহক নেই। সংগঠন একটি বাহক মাত্র। আর বাহকের প্রয়োজন নেই; কাণ্ডকে অবশ্যই মরতে হবে, খোসা অবশ্যই মরতে হবে, বাকি সবাইকে অবশ্যই মরতে হবে, কিন্তু গম জীবিত থাকে। এটি পুনরুত্থানের দেহ, ঠিক নিচে আসে এবং তাদের তুলে নেয়। "যাহারা শেষ, তাহারা প্রথম হইবে, আর যাহারা প্রথমে তাহারা শেষ হইবে।" দেখুন, পুনরুত্থানে ঠিক তাদের তুলে নিবেন। আপনি কি এটি অনুসরণ করছেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] ঠিক আছে। লক্ষ্য করুন, শস্য হল...

213 খোসা দেখতে অবিকল শস্যের মতো। আর একজন ব্যক্তি যিনি গম চাষ করছেন, অথবা অন্য কিছু, তাকিয়ে বলবেন, "ঈশ্বরের প্রশংসা, আমি গমের ফসল পেয়েছি," যখন তার কাছে এক

কণাও গম থাকে না। হুম? এটি দেখতে হুবহু গমের মতো, কিন্তু এটি খোসা।

214 এখন, বন্ধুরা, আমার সাথে ফিরে চলুন। প্রথম পুনরুজ্জীবন কোথায় আসে, (মৃত্যুর) পরে যখন গমের দানা মাটিতে পড়ে, দেহ, খ্রীষ্টের ভার্য্যা? খ্রীষ্ট তাঁর ভার্য্যাকে সংগঠিত করেন, এটা কি ঠিক, তাঁর মণ্ডলী? তিনি এটি সংগঠিত করেননি; তিনি শুধু প্রেরিতদের, এবং ভাববাদীদের, ইত্যাদি, মণ্ডলীতে স্থাপন করেছিলেন, এটিকে পরিষ্কার রাখার জন্য। কিন্তু রোমের নাইসিয়ায়, তিনশো ছয় বছর পরে, তারা এটি সংগঠিত করে এবং এটি থেকে একটি সংগঠন তৈরি করে। এটা কি ঠিক? আর এটি মারা যায়। সেই মণ্ডলীর সাথে একমত না ছিল এমন সবকিছুকে হত্যা করা হয়েছিল। আর এটি স্থির ছিল, শত শত বছর ধরে, ময়লার মধ্যে।

215 কিন্তু, কিছুক্ষণ পরে, সে লুথারে চলে আসে। ভুট্টার প্রথম ছোট ডানা উঠে আসে। দ্বিতীয়টি, এটি সেখান থেকে বেরিয়ে আসে। তারা চলে আসে, জুইংলি এবং আরও অনেকে, এবং অন্যান্য সংস্থা এবং আরও অনেক কিছু। তারপর, কিছুক্ষণ পরে, অ্যাংগ্লিক্যানরা আসেন।

216 আর তারপর কি হয়েছিল? এখানে ওয়েসলি একটি নতুন পুনরুজ্জীবনের সাথে আসেন, শিষ, যা দেখতে অনেকটা গমের মতো। তারপর সেটার কি হল? এটি সংগঠিত হয়েছিল, এবং শুকিয়ে যায় এবং মারা যায়।

217 জীবন ঠিক খোসার মধ্যে চলে যায়, আর সেই খোসাটি ঠিক প্রায় গমের মতো বেরিয়ে আসে। কিন্তু, অবশেষে, গত আট অথবা দশ বছরে, বিশেষ করে গত তিন বছরে এর মূর্খতা প্রকাশ পেয়েছে। এখন এটা কি করে? গম থেকে দূরে টেনে নিয়ে যায়।

218 এখন কেন এই মহান পুনরুজ্জীবনের এই গত বিশ বছরে একটি সংগঠন শুরু হয়নি; এটা অভিষিক্ত ভাববাদী, অভিষিক্ত শিক্ষক, ইত্যাদি, কিন্তু কেন সেখানে নেই? শস্যের বাইরে কিছুই নেই। দেখুন, এটি ফিরে এসেছে, কোন সংস্থা ছাড়াই। ওহ, আমার, একজন অন্ধ ব্যক্তি এটি দেখতে পারেন। এটি সংগঠিত হতে পারে না; এটা দৃঢ়ভাবে এর বিরুদ্ধে। এটা গমের শস্য, স্বয়ং। মনুষ্যপুত্র প্রকাশিত হবেন। গমের দানা আবার গমে ফিরে আসবে, শেষ সময়ে মনুষ্যপুত্র।

219 "আর শেষ সময়ে এর মিথ্যা ছদ্মবেশ আসবে, যা সম্ভব হলে মনোনীতদের প্রায় প্রতারিত করবে।" দেখুন তাদের সাংগঠনিক খোসাগুলো এখন দূরে সরে যাচ্ছে।

220 এটা শুধুমাত্র গমকে প্রকাশিত করে, মনোনীতদের কাছে, যারা এর অংশ। এখন এটি এখানে কত সুন্দর ভাবে আনা হয়েছে লক্ষ্য করুন। শুধুমাত্র...লক্ষ্য করুন, অভিষিক্ত ব্যক্তিরা সক্ষম হবেন; প্রকৃত মনোনীতরা, পূর্বনির্ধারিতরা, ইফিষীয় ৫:১, অথবা, ১:৫, বরং, নিযুক্ত, মনোনীত হবেন। তারাই একমাত্র ব্যক্তি যারা প্রতারিত হবে না।

221 লক্ষ্য করুন, অভিষিক্ত ভাববাদীরা মিথ্যা হবেন, এবং তাদের মধ্যে সত্য অভিষিক্তরা থাকবেন। আপনি কিভাবে এটা বলতে যাচ্ছেন? বাক্য দ্বারা। যেমন, আমাদের এটি ছায়ার মধ্যে আছে। আপনি এটা দেখতে পাচ্ছেন? বলুন, "আমেন।" [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] দেখুন?

222 লক্ষ্য করুন, অভিষিক্ত ব্যক্তিরা, শুধুমাত্র বাক্য তাদের পৃথক করবে, চিহ্ন নয়। ওহ, না। তারা একই চিহ্ন প্রদর্শন করবে, কিন্তু বাক্য তাদের পৃথক করেছে। নিশ্চিত। তারা সকলেই ভবিষ্যদ্বাণী করেছিল। তারা সকলেই *এটা*, *সেটা*, এবং *ইত্যাদি* করেছে, নিশ্চিত, ঠিক একই। যীশু বলেছিলেন যে তারা একই কাজ করবে। কিন্তু বাক্যই তাদের পৃথক করেছে, লক্ষ্য করুন, চিহ্ন নয়।

223 আপনারা কি লক্ষ্য করেছেন? যীশু এখানে বলেছেন, মথি ২৪ এ। তিনি বলেননি, "শেষ কালে মিথ্যা যীশুগণ উঠিবে।" ওহ, না, তারা কখনই এর জন্য স্থির থাকবে না। না। আপনি একটি পেন্টিকোস্টাল পেয়েছেন, যা একটি প্রকৃত পেন্টিকোস্টাল, বলে, নিজেই, সে "যীশু"? দেখুন? আপনি একটি মিথ্যা মেথডিস্ট, অথবা একটি ব্যাপটিস্ট, অথবা এইরকম কেউ, অথবা একটি সংগঠন, বলে, "আমরা যীশু"? তারা এর চেয়ে ভালো জানে। তারা এটা করতে যাচ্ছে না। কিন্তু বাইবেল বলে যে তারা "মিথ্যা খ্রীষ্টেরা হবেন," যীশুগণ নয়, কিন্তু, "মিথ্যা খ্রীষ্টেরা।" তারা চিনতে পারবে না, বলবে, "আমি যীশু।" ওহ, না।

224 কিন্তু তারা "মিথ্যা খ্রীষ্টেরা," এটা জানে না, কারণ তারা বাক্যের বিপরীতে। আর ঈশ্বর সেটাই প্রমাণ করেন। এখন, আমি এটিকে এখন একটি প্রদর্শনীতে নিয়ে আসছি, কারণ আপনি এই লোকদের দ্বারা একই জিনিস করতে দেখেছেন যা বাস্তবে করা হয়েছে। আর যীশু তাই বলেছেন।

225 এখন, যেমন আমি বলেছি, এখন আপনাদের কাছে, টেলিফোনে যারা আছেন, আমি—আমি আপনাদের দোষী করছি না, কিন্তু এটি আমার মণ্ডলী এবং—এবং আমার মণ্ডলী যার উপরে

পবিত্র আত্মা আমাকে স্থাপন করেছেন, এবং আমাকে তাদের সত্য বলতে হবে। সময় দেরী হয়ে যাচ্ছে।

226 এখন, তারা এর পক্ষে দাঁড়াবে না, কিন্তু, "মিথ্যা খ্রীষ্টেরা," মিথ্যা, অভিষিক্ত ব্যক্তিরা, প্রায় প্রতিটি চিহ্ন এবং বাক্যের প্রতিটি অক্ষর সহ। "তারা পবিত্র আত্মার বাপ্তিস্মে বিশ্বাস করে?" নিশ্চিতভাবে। "*এই* সকল বিষয় বিশ্বাস করে?" হ্যাঁ। "অন্য ভাষায় কথা বলায় বিশ্বাস করে?" হ্যাঁ। "বিশ্বাস করে চিহ্ন ও আশ্চর্য কাজ, চিহ্নগুলি তাদের অনুসরণ করবে?" হ্যাঁ। এটি মেথডিস্ট নয়, এটি ব্যাপটিস্ট নয়। না, না। সেটি পেন্টিকোস্টাল। দেখুন, এটাই শেষ সময়।

227 এখন, প্রথম মণ্ডলীর যুগ কখনই তা লক্ষ্য করেনি। মেথডিস্ট মন্ডলীর যুগ কখনই সেটি লক্ষ্য করেনি; ব্যাপটিস্ট মন্ডলীর যুগ, তারা এটি লক্ষ্য করেনি; প্রেসবিট্যারিয়ান মণ্ডলীর যুগ, তারা এটি লক্ষ্য করেনি। কিন্তু, পেন্টিকোস্টাল, আসল জিনিসের মতো এত কাছে! সেখানেই, গম...খোসা প্রায় গমের মতো। তারা এটা লক্ষ্য করবে না। দেখুন? তারা করবে না। কিন্তু এটা শেষ সময়, এই দিন। হ্যাঁ, মহাশয়।

228 লক্ষ্য করুন, ঠিক যেমন এটি আদিতে ছিল, এটি শেষেও তাই হবে। হবা যেমন একটি বাক্যের ভুল ব্যাখ্যা করেছিলেন, শয়তান হবার কাছে করেছিল, আর সে এটা বিশ্বাস করেছিল। হবা, আদম নন; মণ্ডলী, তিনি নন। দেখুন? মণ্ডলী সেই মিথ্যা বাক্যটি পেয়েছিল। দেখুন? আদম নন; হবা। খ্রীষ্ট নয়; মণ্ডলী, ভার্য্যা, অভিষিক্ত, হওয়ার কথা, নিজেকে ভার্য্যা বলে, দেখুন, সে মিথ্যা বাক্য পেয়েছে।

229 আপনারা কি সেটা দেখতে পাচ্ছেন না? কেন, এটা জুতার ফিতার মতো বেঁধে যায়, আপনার চোখের পলকের মতো। কেন, আপনি যে সকলের দিকে ফিরে যাবেন, বাইবেল, এটি ঠিক এটিকে একত্রিত করে। হবা, আদম নয়; হবা এটা বিশ্বাস করেছিল, আদম নয়। আজ ভার্য্যা, তথাকথিত, এটা বিশ্বাস করেছে; খ্রীষ্ট নয়। ভার্য্যা সব প্রকারের আছে, তথাকথিত ভার্য্যা; একই চিহ্ন, একই আশ্চর্য বিষয়, একই সবকিছু; কিন্তু প্রকৃত নয়। "যদি সম্ভব হয় মনোনীতদের ভুলাইবে।"

230 এখন দ্রুত, যদি আমরা এটি পনেরো মিনিটের মধ্যে শেষ করতে পারি, আমরা সময়মতো পৌঁছে যাব। এখন খুব মন দিয়ে লক্ষ্য করুন, যাতে আপনি—আপনার কাছে ভুল বোঝাবুঝি না হয়।

231 এখন, না, তারা "মিথ্যা যীশু" বলে দাঁড়াবে না। তারা হবে না,

বলার জন্য দাঁড়াবে, "যীশু।" অবশ্যই না। এটা খুব সরল। যে কেউ সেটা জানে। যে কেউ জানবে যে তারা যীশু নন। আমি চিন্তা করি না তাদের পিঠে তেল আছে কিনা, এবং তাদের হাতে এবং তাদের চোখ উপরে-নিচে রক্ত আছে কিনা, তারা এখনও জানে এটি...যার ভালো বোধশক্তি আছে, জানেন যে তিনি যীশু নন। দেখুন? তারা এর জন্য দাঁড়াবে না। কিন্তু তারা নিজেদেরকে "অভিষিক্ত" বলে। আর তারা চিহ্ন ও আশ্চর্য কাজ করে, "প্রায় মনোনীতদের প্রতারিত করার জন্য।" "কিন্তু ভাক্ত খ্রীষ্টেরা, অভিষিক্তগণ, উঠিবে, এবং যদি সম্ভব হয় মনোনীতদের ভুলাইবে।"

এখন মনোযোগ দিয়ে লক্ষ্য করুন। এই বিবৃতিটি ছেড়ে দিবেন না, কারণ এটি শোনার যোগ্য।

তিনি এখানে এই মাইক্রোফোনে কিছু টেপ লাগাচ্ছেন, এটি যাতে উড়ে না যায়। আমি ঘামছি; টেপের উপর পড়ছে, আপনারা দেখুন।

আর তাই এটি ঠিক এর মতো হবে, বাইবেল, বলেছে এটা হবে। দেখুন?

232 লক্ষ্য করুন, মিথ্যা যীশু নয়। "ভাক্ত খ্রীষ্টেরা!" তারা বিশ্বাস করে যে তারা অভিষিক্ত, কিন্তু তারা জানে তারা যীশু নন। দেখুন, এটা খুব সরল। আজ যদি মানুষ উঠে বলে, "আমার হাতের ক্ষতগুলি দেখুন। আমার কপালে দেখুন। আমি যীশু।" ঠিক আছে, এখন, আমরা জানি যে সেটি ভুল। আর, মনে রাখবেন, যীশু কখনও বলেননি যে তারা আবির্ভূত হবে। তিনি বলেছিলেন সেখানে "ভাক্ত খ্রীষ্টেরা" আবির্ভূত হবে। "খ্রীষ্টেরা," বহুবচন, ধর্মসম্প্রদায়, এবং আরও অনেক কিছু, *অভিষিক্ত ব্যক্তিরা*; একটি ধর্মসম্প্রদায়ের আত্মা দিয়ে অভিষিক্ত, বাক্য দ্বারা নয়। আপনারা এটি অনুসরণ করেন? মিথ্যা যীশু নয়। "মিথ্যা খ্রীষ্টেরা," মিথ্যা, অভিষিক্ত ব্যক্তিরা। দেখুন? ওহ, কত স্পষ্টভাবে! আমরা কিভাবে...নিশ্চয়ই আপনারা এটি মিস করবেন না!

233 এখন, মনে রাখবেন, আমি সবসময় আপনাদের বলেছি, তিন শ্রেণীর মানুষ আছে। মানুষের তিনটি জাতি আছে: হাম, শেম এবং যেফৎ, তিনটি জাতি। তিনটি শ্রেণী, আর আমি বললাম, সেটা হল বিশ্বাসী, ভণ্ড-বিশ্বাসী, এবং অবিশ্বাসী। এটা সবসময় ছিল, সবসময় হবে। দেখুন? সেখানে মোশি ছিলেন, বিশ্বাসী; সেখানে যান্নি ও যম্ব্রি ছিল; অবিশ্বাসী। দেখুন? সেখানে বিলিয়ম ছিলেন; মোশি...সর্বদা সেই তিন শ্রেণীর মানুষ, তিন শ্রেণীর; বিশ্বাসী, ভণ্ড-বিশ্বাসী, এবং

অবিশ্বাসী।

234 এখন মনে রাখবেন, অবিশ্বাসী, ধর্মসম্প্রদায়ের মন্ডলী, কোন চিহ্নে বিশ্বাস করে না; ঠান্ডা, আনুষ্ঠানিক, অনমনীয়, বিশ্বের গির্জা, ধর্মসম্প্রদায়। কিন্তু ভণ্ড-বিশ্বাসী ব্যক্তি হল সেই খোসা। এটাই সেই লোক যে ভণ্ড-বিশ্বাস করে। আর তারপরে একজন প্রকৃত বিশ্বাসী আছেন যিনি প্রকৃত সত্য। এখন, তাদের দেখুন যখন তারা এখন যাচ্ছেন, শুধু এক মিনিটের জন্য।

235 আর লক্ষ্য করুন এই অবিশ্বাসীরা কতটা সাহসী, অথবা এই ভণ্ড-বিশ্বাসী এবং অবিশ্বাসীরা। আমার! তারা সাহসী, দেখুন, যেমন শয়তান সত্য বাক্যের উপস্থিতিতে উঠে দাঁড়িয়েছিল, এবং বলেছিল, "এটা লেখা আছে!" এটা কি ঠিক?

236 কেন শয়তান এটা করেছিল? কারণ সে এর জন্য বাক্য জানত না...সে জানতেন যে বাক্য সেই সময়ের জন্য ছিল, কিন্তু সে সন্দেহ করতো এই নম্র মানুষটিকে সেই বাক্য বলে। "তুমি যদি ঈশ্বরের পুত্র হও। আমি জানি ঈশ্বরের পুত্র আসছেন, কারণ সেটি বলা হয়েছে যে তিনি তা করবেন। আর এটি লেখা আছে, 'তিনি আপন দূতগণকে তোমার বিষয়ে আজ্ঞা দিবেন।' দেখুন? আমাকে এটা প্রমাণ কর! একটি অলৌকিক কাজ কর! আমাকে দেখতে দেও যে তুমি এটা করতে পার।" দেখুন? দেখুন?

237 দেখুন, অবিশ্বাসী, ভণ্ড-বিশ্বাসী, ছদ্মবেশী। ঠিক তাদের মধ্যে যিহূদাকে দেখুন, একই সময়ে, ভণ্ড-বিশ্বাসী! দেখুন? লক্ষ্য করুন, আর সেখানে সত্য বাক্য ছিল।

238 তারা কতটা সাহসী! "এখন, সেই ফালতু কথায় মনোযোগ দিবেন না। সেখানে কিছুই নেই। সেখানে যাবেন না। এটা শুধু একগুচ্ছ কোলাহল। সেখানে কিছুই নেই। এটা সব কল্পকাহিনী মাত্র। সেটা আপনার মনে রয়েছে।" দেখুন, দেখুন আমি কি বলতে চাইছি? বাক্যের উপস্থিতিতে দাঁড়িয়ে এটি বলুন।

239 শয়তান ঠিক ভিতরে চলে আসে। যেমন বাইবেল এখানে যিহূদায় বলেছে, "এমনকি প্রধান স্বর্গদূত, শয়তানের সঙ্গে তর্ক করার সময় বলেছিলেন, 'প্রভু তোমাকে ভর্ৎসনা করুন।'" স্বয়ং বাক্যের বিরুদ্ধে!

আর এখানে সেই খ্রীষ্টবিরোধী, অভিষিক্ত, ঠিক এখানে আজকের প্রকৃত বাক্যের বিরুদ্ধে দাঁড়িয়ে, যীশু খ্রীষ্টের, আর বললেন, "এটা লেখা আছে।"

240 শেষ সময়ের দিকে দেখুন। "এটা এত কাছাকাছি হবে যে এটি মনোনীতদের প্রতারিত করবে, যদি সম্ভব হয়।" ওহ, আমার! যে কারণে মনোনীতরা প্রতারিত হবেন না, কেন জানেন? কারণ তারা বাক্য। দেখুন? ঠিক যেমন জীবনের মূলে আছে, আমি কিছুক্ষণ আগে বলেছিলাম, এটি নিজেকে অস্বীকার করতে পারে না। দেখুন, এটি বাক্য এবং বাক্যের সময়ে আছে। সেটা ঠিক।

241 ঠিক যিরমিয়ের মতো, তিনি জানতেন। হনানিয় যাই বলুক না কেন, তিনি জানতেন তিনি কোথায় আছেন। এটা ঠিক মোশির মতো, এবং—এবং বাকিদের মতো। এটাই, তিনি জানতেন, মিথ্যা ভাববাদী যাই বলুক না কেন, সেখানে ঈশ্বরের বাক্য ছিল। এটা লেখা ছিল।

সেই জন্য মীখায় বলতে পেরেছিলেন, "ঠিক আছে, আপনি অপেক্ষা করুন এবং দেখুন।"

242 আহাব বললেন, "আমি আমার ভাববাদীদের বিশ্বাস করি। আমার সংগঠন সঠিক। যখন আমি শান্তিতে ফিরে আসি...সেই ব্যক্তিকে কারাগারে রেখে দেও। আমি তার যত্ন নেব! তাকে কষ্টযুক্ত রুটি প্রদান কর। তাকে বের করে দেও, তার সঙ্গে কোন সহভাগিতা করবে না। যখন আমি শান্তিতে ফিরে আসব, আমরা সেই লোকটির যত্ন নেব।"

243 মীখায় বললেন, "আপনি যদি ফিরে আসেন, তবে সদাপ্রভু আমার সঙ্গে কথা বলেন নাই।" তিনি জানতেন যে **সদাপ্রভু এই কথা কহেন** তার কাছে আছে, এবং তার দর্শন ঠিক **সদাপ্রভু এই কথা কহেন**; অন্য কোন সময়ের জন্য নয়, কিন্তু সেই সময়ের জন্য। আমেন! হালেলুইয়া! সময়!

সাহসী, উঠে দাঁড়ায় এবং একজন প্রধান দূতের সঙ্গে বিতর্ক করে! এটা বলা হয়েছে, যে, "মূর্খরা হবনেল জুতা পরিধান করে হেঁটে বেড়াবে যেখানে স্বর্গদূতেরা হাঁটতে ভয় পায়।" সেটা ঠিক।

244 কারণ মনোনীতরা, যীশু বলেছেন, প্রতারিত হবেন না, কারণ তারা সেই বাক্য। তারা অন্য কিছু হতে পারে না। তারা আর কিছুই শুনতে পায় না। তারা আর কিছুই জানে না। সেটা ঠিক।

245 মনে রাখবেন, মোশি তাদের ছদ্মবেশে হারিয়ে যাননি। তিনি কি হয়েছিলেন? মোশি বললেন, "এখন, এক মিনিট অপেক্ষা করুন, ফরৌণ। আপনি কি জানেন? প্রভু আমাকে এটা করতে বলেছেন, কিন্তু, ঈশ্বরের মহিমা, আমি দেখতে পাচ্ছি যে আপনার ছেলেরা একই কাজ করতে পারে। তাই, আমি বলি আমি কি করব, আমি

আপনার সাথে যোগদান করব" ? হুহ্! এটা ঈশ্বরের ভাববাদীর মত শোনাচ্ছে না। না, সত্যিই! তিনি যতটা শক্তভাবে দাঁড়াতে পারেন ঠিক ততটাই দাঁড়িয়েছিলেন। তিনি জানতেন, ঠিক, ঈশ্বর কোনো না কোনোভাবে এর যত্ন নেবেন, কারণ তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। "আমি তোমার সঙ্গে থাকব। আমি তোমাকে ছেড়ে দেব না।"

246 তিনি জানতেন, তাই তিনি তাদের সঙ্গে যোগ দেননি। ওহ, না। তিনি তাদের সঙ্গেই থাকলেন। তিনি তাদের ধর্মসম্প্রদায়ের কোনোটিই চাননি। তিনি ঈশ্বরের সঙ্গে ছিলেন। তারা যা কিছু করতে পারত তার দ্বারা তিনি হারিয়ে যান নি। যখন তারা একটি কাজ করেছিল...তিনি পিশু এনেছিলেন; তারাও পিশু এনেছিল। তিনি রক্ত নিয়ে আসেন; তারাও রক্ত নিয়ে আসে। তিনি সবকিছু নিয়ে আসেন; তারা তাকে সর্বত্র ছদ্মবেশ ধারণ করেছিল, ঠিক সেইরকম। তিনি শুধু স্থির হয়ে দাঁড়িয়ে ছিলেন। তিনি ঠিক জানতেন, কি, ঈশ্বর কাজ করছেন।

247 এখন বুঝলেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] আপনি দুই এবং দুই নেন, আর চার করেন? ["আমেন।"] আপনি খুব জোরে জ্বলতে চান না। সুতরাং, আপনি—আপনি বুঝতে পারেন, দেখুন।

কেন? তারা এর দ্বারা প্রতারিত হবে না, প্রকৃত বিশ্বাসী, তারা পূর্বনির্ধারিত বীজ যা সেই সময়ে দাঁড়ানো উচিত।

248 ঠিক, এছাড়াও, যীশু এই কথা বলেছেন, "সেদিন অনেকে আমার নামে আসিবে, আর বলিবে, 'প্রভু, আমি কি আপনার নামে ভূত ছাড়াই নাই?'" যীশু বলেছেন, "শেষ সময়ে, যখন সময় শেষ হবে এবং মহাপুনরুত্থান আসবে, যে অনেকে এসে রাজ্যে বসবে।" ঈশ্বরের রাজ্য আপনার মধ্যে আছে।

249 অনেকে, আগাছা এসে গমের সাথে মিশে যাবে, বলেন, "এখন, এক মিনিট অপেক্ষা করুন, প্রভু! আমি অন্য ভাষায় কথা বলেছিলাম। আমি চিৎকার করেছিলাম। আমি আত্মায় নেচেছিলাম। আমি শয়তানদের তাড়িয়ে দিয়েছিলাম। আমি অন্য ভাষায় কথা বলেছিলাম। আমি এই সমস্ত কাজ করেছি।"

তিনি কি বলবেন? লক্ষ্য করুন। "হে অধর্ম্মাচারীগণ, আমি তোমাদিগকে চিনি নাই।"

250 *অধর্ম* কি? কাউকে জিজ্ঞাসা করুন। এটা "এমন কিছু যা আপনি জানেন, আপনার করা উচিত, কিন্তু আপনি তা করেন না।" তারা সেই বাক্য জানে। তারা এটা শুনেছে। আপনি এই টেপটি

শুনছেন। আপনি এই বার্তাটি শুনছেন। আপনারা দেখুন প্রভু ঈশ্বর তাই বলছেন; আপনি তাকে এটি নিশ্চিত করতে দেখুন, এটি সত্য করুন। আর আপনারা জানেন যে এটা বাইরে সূর্যের আলোর মতো সরল, কিন্তু আপনারা যারা আপনার ধর্মসম্প্রদায়কে ধরে রাখবেন, সেই মিথ্যা বিষয়গুলিকে ধরে রাখবেন; হে অন্যায়কারী!

"ওহ, হ্যাঁ, আমাদের দুর্দান্ত সভা ছিল। আমি *এটা* করেছি। আমি *সেটা* করেছি।"

বললেন, "হে অধর্ম্মাচারী, আমার নিকট হইতে দূরে হও, আমি তোমাকে জানি নাই।"

251 "ঠিক আছে, পবিত্র আত্মা আমার উপর পতিত হয়েছিল।" আমি সেটি একটুও সন্দেহ করি না। "আমি অন্য ভাষায় কথা বলেছি। আমি আত্মায় গান গেয়েছি। আমি করেছি..." আমি এতে একটুও সন্দেহ করি না। এটা নিয়ে কোন প্রশ্ন নেই। ওহ, ভাই, বোন, এটি কেমন একটি অবস্থা!

এটি একটি কাঁপানোর সময়। আমরা কোথায়? এই বাক্য এখন জীবনে আসছে। লক্ষ্য করুন।

252 হ্যাঁ, তিনি বলেছিলেন যে তারা তা করবে। লক্ষ্য করুন, "হে অধর্ম্মাচারীরা।" আমি এখানে একটি বাক্য লিখেছি। আমি জানি না এটা কোথায় ছিল। আমি অনেক সময় নিয়েছি। আমি এটা দেখতে যাচ্ছি, মাত্র এক মিনিট, আর দেখব এটা কি ছিল। আমি পেয়েছি—আমি মথি ৭:২১ পেয়েছি। আমি—আমি জানি না কোথায়। আমি, কখনও কখনও আমি এর সাথে কিছু লিখি না, ঠিক আছে, আমি—আমি এইভাবে প্রচার করছি, আমি—আমি ভুলে গেছি যে আমি শাস্ত্রে কি উল্লেখ করছিলাম। মথি ৭:২১।

> *যাহারা আমাকে হে প্রভু, হে প্রভু বলে, তাহারা সকলেই যে স্বর্গ-রাজ্যে প্রবেশ করিতে পাইবে, এমন নয়; কিন্তু যে ব্যক্তি আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা পালন করে, সেই পাইবে।*
>
> *সেই দিন অনেকে আমাকে বলিবে, হে প্রভু, হে প্রভু, আপনার নামেই আমরা কি ভাববাণী বলি নাই...*

253 ভাববাদীরা, অভিষিক্ত ব্যক্তিরা! সেই অধিকার? "আমরা কি ভাববাদী ছিলাম না? আমরা কি অভিষিক্ত, অভিষিক্ত ছিলাম না? আমি কি আপনার নামে ভাববাণী বলি নাই? আর আপনার নামে কি আমি ভূত ছাড়াই নাই?" আপনি কিভাবে তা করতে পারেন, এবং যীশুর নামে বাপ্তিস্ম নিতে অস্বীকার করতে পারেন? দেখুন? ওহ, আমার! দেখুন কতটা প্রতারণা? ঠিক সেই বিন্দু পর্যন্ত, তারপরে

ফিরে যান। তারা সরাসরি বাক্য পর্যন্ত যায়, তারপর ফিরে আসে। এখন এটা দেখুন। আমরা এটা বের করব, মাত্র এক মিনিট।

> *সেই দিন অনেকে আমাকে বলিবে...হে প্রভু, হে প্রভু, আমরা কি ভাববাণী বলি নাই,* আমরা ভাববাদী ছিলাম ?...

হ্যাঁ, আমি মথি ২৪:২৪ এ এই বিষয়ে কথা বলেছি।

> *...আপনার নামেই...কি ভূত ছাড়াই নাই ? আপনার নামেই কি অনেক* পরা-*...কার্য্য করি নাই ?*
>
> *তখন আমি তাহাদিগকে স্পষ্টই বলিব, আমি কখনও তোমাদিগকে জানি নাই: হে অধর্ম্মাচারীরা, আমার নিকট হইতে দূর হও।*

254 "যখন এটি তোমার সামনে রাখা হয়েছে এবং তুমি এটিকে দেখেছ, এবং এটিকে চলমান দেখেছ, দেখেছ এটি বাক্য; আর তোমাদের ধর্মসম্প্রদায়ের স্বার্থে, তুমি শুধু এটা ধরে রেখেছ। আমি এমনকি তোমাকে জানি না। আমি পরোয়া করি না যে তুমি কত শয়তানকে তাড়িয়েছ, কতজনকে তুমি *এটি* এবং *সেটি* করেছ; আমি তোমার সম্পর্কে কিছুই জানি না।"

বিলিয়ম বললেন, "আমি আপনার নামে সঠিক ভাববাণী বলেছি। এটি বাস্তবায়িত হয়েছে।"

"সেটা একদম ঠিক, কিন্তু, যখন বাক্য আসে, তুমি এটা প্রত্যাখ্যান করেছিলে।"

255 ওহ, ভাই, প্রতারণার অংশটি দেখুন ? ঠিক "ভাববাদী" নয়; কিন্তু বাক্যের সঙ্গে, সত্য বাক্য, প্রমাণিত বাক্য প্রকাশিত হয়েছে। "হে অধর্ম্মাচারীগণ !"

চেষ্টা করেছে, শয়তান সত্য বাক্যের নকল করার জন্য সমস্ত যুগে চেষ্টা করেছে। আমরা সেটা জানি, তাই নয় কি ?

256 লক্ষ্য করুন, সীমারেখা পর্যন্ত আসে এবং চলে যায়। এখানে দেখুন, তিনি বলেছেন, ইব্রীয় তার ৬ অধ্যায়ে (এখন, আমরা কিছুক্ষণ আগে পাঠ করছিলাম, আমি আপনাদের বলেছিলাম, "এটি দেখুন," আর আমরা পরবর্তী কয়েক মিনিটের জন্য করব।), তিনি বলেছেন:

> *...কিন্তু কাঁটাবন ও শ্যাকুল...যা শাপের সমীপবর্ত্তী; জ্বলনই তাহার পরিণাম।* (সীমান্তরেখা !)
>
> ...তোমরা যাহারা *স্বর্গীয় দানের রসাস্বাদন... করিয়াছে,...*

257 "রসাস্বাদন করিয়াছে," অন্য কথায়, আপনারা এটি দেখেছেন! আপনারা [ভাই ব্রানহাম তার ঠোঁটে আওয়াজ করেন—সম্পাদকীয়।] শুধু আপনার মুখ দিয়ে এটির স্বাদ নিতে পারেন না। কিন্তু আপনারা এটা দেখেছেন, আর আপনারা জানতেন এটা সত্য। আপনারা জানতেন এটা সত্য। "স্বর্গীয় দান রসাস্বাদন করেছেন।"

...ও *পবিত্র আত্মার ভাগী হইয়াছে,* যেমন এটি আপনাদের উপর পতিত হয়,

...*ঈশ্বরের মঙ্গলবাক্যের রসাস্বাদন করিয়াছে,*...

"রসাস্বাদন করিয়াছে," আপনারা দেখেছেন এটা ঠিক। "আর পবিত্র আত্মা আপনাদের উপর পতিত হয়," মাঠের আগাছার উপর।

...আর পরে *ধর্ম্মভ্রষ্ট হইয়াছে,*...

"যিনি আপনাদের পবিত্র করেছে, এবং আহ্বান করেছে, এবং সেই অভিষেক আপনাদের অর্পণ করেছে, সেই খ্রীষ্টকেই অস্বীকার করছেন।"

...তবে তার জন্য *পাপার্থক আর কোন যজ্ঞ অবশিষ্ট থাকে না*।

এটা ক্ষমার অযোগ্য! "তাদের পক্ষে সত্যের জ্ঞানে আসা অসম্ভব।"

পবিত্র আত্মার *ভাগী হইয়াছে, তাহাদিগকে...পারা যায় না,*

258 আগাছার উপর পড়ে, দেখুন, "যীশুর সঙ্গে শুরু করেছিল, আর, 'প্রভু, আমি এর মধ্য দিয়ে যাচ্ছি,'" কিন্তু যখন আপনি বাক্যকে আঘাত করেন, আপনি ফিরে যান। "পবিত্র আত্মার ভাগী হইয়াছে, এবং ঈশ্বরের মঙ্গলবাক্যের ও ভাবী যুগের নানা পরাক্রমের রসাস্বাদন করিয়াছে।" আর তারপর এটি থেকে মুখ ফিরিয়ে নেয়, "তাদের পক্ষে কখনও এটি দেখা বা এর কাছে আসা সম্পূর্ণ অসম্ভব।"

259 এটাই **শাস্ত্র এই কথা বলে**। এখন, আপনারা..."আকাশ ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু এটির হবে না।" আপনারা এটা দেখতে পাচ্ছেন? "সম্পূর্ণ অসম্ভব।" বাইবেল তাই বলে, এবং আত্মা এটির নথি বহন করে।

260 লক্ষ্য করুন, আমাকে একটি ছোট উদাহরণ দিতে দিন। সেই লোকদের দিকে দেখুন যারা মোশির ভবিষ্যদ্বাণীর অধীনে বেরিয়ে

আসে, সেই সংগঠন থেকে বেরিয়ে আসে, এবং সবকিছু থেকে বেরিয়ে আসে, ভবিষ্যদ্বাণীর অধীনে, মহান কাজ এবং আশ্চর্য কাজ দেখেছিল, এবং এই জাতীয় জিনিসগুলি, এবং ভিতরে যাওয়ার সীমারেখা পর্যন্ত এসেছিল।

261 এখন, লি, আপনার "পুস্তকে নাম" এসেছে। দেখুন? আপনি এটি ঠিক করেছেন। আর আপনি যে এখানে নেই, এবং বাইরে—সেই হুক-আপের মধ্যে, তিনি ডাক্তার লি ভ্যাল এখানে বসে আছেন। তিনি সপ্ত মন্ডলীর যুগের এই বইটি ব্যাকরণ করছেন। আর সমস্যাটি আসে, অথবা প্রশ্ন, আপনার "মেষশাবকের জীবন পুস্তক থেকে নাম হরণ" করার সম্পর্কে। দেখুন, এটা অনেক সেবকদের বিভ্রান্ত করেছে। কিন্তু পুস্তকটি না পাওয়া পর্যন্ত অপেক্ষা করুন, যদি আপনার মধ্যে কোন আলো থাকে তবে আপনি এটি বুঝতে পারবেন। দেখুন?

262 লক্ষ্য করুন, এখন, আপনি আপনার মাথা ঘুরবেন এবং আপনি যদি এটি দেখতে না চান তবে এটির দিকে তাকাবেন না। যেমন আমার মা বলতেন, "তুমি ওলকপি থেকে রক্ত বের করতে পারবে না, কারণ এতে রক্ত নেই।"

263 লক্ষ্য করুন, আলো আসতে হবে; এটা অন্ধকারে নয়। আলো অন্ধকারে আসে, আর অন্ধকার তা গ্রহণ করে না। এখন এই সময়ের অভিষিক্ত ব্যক্তিদের দিকে লক্ষ্য করুন।

264 মোশি যেমন ইস্রায়েল-সন্তানদের বের করে এনেছিলেন; আর তারা শুনেছিল এবং সেখানে সেই মহান জাতির সঙ্গে বিভ্রান্ত হয়ে যায়। এখন, ইস্রায়েল আন্তঃসাম্প্রদায়িক ছিল। তার কোন জমি ছিল না, কোন দেশ ছিল না। এটি একটি দেশে যাচ্ছিল।

265 আমাদের কোন গির্জা নেই। আমরা...আমরা—আমরা একটি মণ্ডলীতে যাচ্ছি, প্রথমজাতের মণ্ডলীতে, যে মণ্ডলী মহিমায় অবস্থিত; পৃথিবীর কোন মণ্ডলী নয়, একজন মানুষের দ্বারা নির্মিত। যে মণ্ডলী মহিমায় রয়েছে, যাদের আহ্বান করা হয়েছে, অনন্ত জীবনের জন্য পূর্বনির্ধারিত, দেখুন, তাদের গৃহে যাচ্ছে।

266 আর যখন তারা পার হওয়ার জন্য সেই স্থানে আসে, তারা বাক্যকে সন্দেহ করে, এবং ফিরে আসে। যিহোশূয় এবং কালেব এবং তারা সেখানে গিয়ে একগুচ্ছ দ্রাক্ষা নিয়ে আসলেন, তাদের কাছে প্রমাণ করার জন্য যে সেখানে সেই দেশ আছে, ঈশ্বরের প্রতিশ্রুতির বাক্য, "এটা উত্তম দেশ, দুধ ও মধু।" এবং এটি ফিরিয়ে আনে, এই

দিকে, তাদের কাছে এটি প্রমাণ করার জন্য। আর তারা এটার স্বাদ নিয়ে বলল, "ওহ, ওহ, আমরা যদিও এটা করতে পারি না।"

267 কি হয়েছে ? তারা প্রান্তরে মারা গিয়েছিল। তারা ঠিক সেখানেই থেকে যায় এবং নিজেদেরকে সংগঠিত করে, আর মারা যায়, তাদের প্রত্যেকে, কিন্তু যারা পার হয়ে গিয়ে তাদের ফিরিয়ে আনলেন, যিহোশূয় এবং কালেব; মোশিকে অনুবাদ করা হয়েছিল। এক প্রকার মণ্ডলীর অপেক্ষা; এবং পুরাতন নিয়মের পুনরুত্থান, নতুন নিয়ম; এবং অতীন্দ্রিয় দেহ। সেখানে তিনটিকে দেখুন ? তাদের তিনজনকে লাইনে রাখতে হবে, দেখুন, তাই, বিশ্বাসী এবং অবিশ্বাসীতে। দেখুন ?

268 লক্ষ্য করুন এটা কেমন ছিল "সম্পূর্ণ।" মনে রাখবেন, ঈশ্বর কখনই সেই পাপ ক্ষমা করেননি। এখন তারা কিভাবে ভিতরে আসবে ? যদি এটি কাঁটাযুক্ত হয়, শুরুতে, এটি শেষে কাঁটাযুক্ত হবে। শুধুমাত্র পূর্বনির্ধারিতরাই এটা দেখতে পাবে।

269 এখন মনোযোগ দিয়ে লক্ষ্য করুন। ঠিক যেমন সেন্ট মার্টিনের সময়ে, অন্ধকার যুগের ঠিক আগে; একজন ধার্মিক ব্যক্তি। কতজন সেন্টমার্টিন এর লেখা পড়েছেন ? আপনাদের অনেকের আছে। আমরা সেন্টমার্টিনের লেখা আনতে গিয়েছিলাম; যাজক বললেন, "কিন্তু তিনি ধর্মপ্রাণ ছিলেন না।" অবশ্যই, তিনি ছিলেন না; তাদের দ্বারা নয়, কিন্তু তিনি ঈশ্বরের দ্বারা ছিলেন। পবিত্র আত্মা আমাদের বলেছেন তাকে সেখানে সেই তৃতীয় মণ্ডলীর যুগে রাখতে। দেখুন ?

270 দেখুন তিনি কত ধার্মিক ব্যক্তি ছিলেন; আহূত, পূর্বনির্ধারিত। তার পিতামাতা, বিধর্মী। তার পিতা, একজন সৈনিক। তাকে তার পথ অনুসরণ করতে হয়েছিল, একজন সৈনিক হতে হয়েছিল। আর, যখন তিনি তা করলেন, আর সর্বদা বিশ্বাস করতেন যে কোথাও একজন ঈশ্বর আছেন; একজন বনের মানুষ, এবং ঈশ্বরকে দেখতে পান। একদিন তিনি একটি শহরের পাশ দিয়ে যাচ্ছিলেন, আর সেখানে একটি বৃদ্ধ জখম ব্যক্তি পড়ে ছিল, মারা যাচ্ছিল, কাউকে জিজ্ঞাসা করছিল...সেই রাতে সে শীতল হয়ে গিয়েছিল। "ওহ," বললেন, "আমাকে আবৃত করার জন্য আমাকে কিছু দেও; আমি আজ রাতে মারা যাব।"

271 কেউ এটা করবে না। আর মার্টিন একপাশে দাঁড়িয়ে কিছুক্ষণ তাকে দেখল। কেউ এটা করবে না। তার একটি মাত্র কোট ছিল। তিনি বরফ হয়ে যাবেন, তিনি নিজেই, তিনি ডিউটিতে ছিলেন, যদি তিনি—তিনি তাকে সেই কোটটি দেন। তাই তিনি ভাবলেন,

"আমাদের উভয়েরই বাঁচার সুযোগ আছে যদি আমি তার সাথে ভাগ করি।" তাই তিনি তার নিজের কোটটি নিয়ে, এবং তার তলোয়ার দিয়ে এটিকে দুই ভাগে ভাগ করলেন, আর সেই বৃদ্ধ জখম ব্যক্তিটিকে মুড়ে দিলেন। তিনি তার নিজের কোট চারপাশে আবৃত করলেন।

সবাই বলল, "দেখো কি মজার সেন্ট্রি। দেখুন কি মজার চেহারার সৈনিক, তার চারপাশে অর্ধেক কোট আবৃত!"

272 পরের রাতে, যখন তিনি দায়িত্ব থেকে বের হয়ে বিছানায় শুয়ে ছিলেন, তখন তিনি জেগে উঠলেন। দেখলেন, সেই ঘরে দাঁড়িয়ে আছেন, সেখানে যীশু খ্রীষ্ট দাঁড়িয়ে আছেন সেই পুরানো কাপড়ে আবৃত যা দিয়ে তিনি তাকে আবৃত করেছিলেন। তিনি ঠিক তখনই জানতে পারলেন, "তোমরা আমার এই ক্ষুদ্রতমদিগের প্রতি যখন ইহা করিয়াছিলে, তখন আমারই প্রতি করিয়াছিলে, আমার অভিষিক্তদের প্রতি করিয়াছিলে," সেখানে শুয়ে ছিল।

273 তিনি ঈশ্বরের একজন মহান দাস ছিল। মণ্ডলী তাকে ঠাট্টা করেছিল, তাকে তাড়না করেছিল, তাকে বের করে দিয়েছিল, এবং অন্য সবকিছু, কিন্তু তিনি ঈশ্বরের একজন ভাববাদী ছিলেন। তিনি যা বলেছেন তা বাস্তবায়িত হয়েছে। সেই যুগেও অনেকে তাকে বিশ্বাস করেছিল।

274 আমি আপনাকে দেখাতে চাই যে শয়তান কতটা প্রতারক। একদিন তিনি অধ্যয়নরত ছিলেন। একজন পরাক্রমশালী দূত এসেছিলেন, তার মাথায় মুকুট, সোনার জুতা পরে, সোনার ফিতা লাগান পোশাক পরে, আর বললেন, "মার্টিন, তুমি কি আমাকে চেনো?" তিনি বললেন, "আমিই তোমাদের প্রভু ও ত্রাণকর্তা। আমি সেই ব্যক্তি যিনি তোমাকে বাঁচিয়েছিল। আমার উপাসনা কর, মার্টিন।" কিন্তু সেই ভাববাদী, সেখানে একটু অদ্ভুত কিছু আছে জেনে, তিনি তার দিকে তাকিয়ে থাকলেন। তিনি বলেছিলেন, "মার্টিন, আমি তোমার পরিত্রাতা, যীশু খ্রীষ্ট। আমার উপাসনা কর! তুমি কি আমাকে চেনো না, মার্টিন?"

275 মার্টিন তার দিকে তাকিয়ে থাকলেন, শাস্ত্র তার মনের মধ্যে দিয়ে চলছিল। তিনি বললেন, "শয়তান, আমার কাছ থেকে দূরে সরে যা।" তিনি বললেন, "তোর মাথায় মুকুট আছে। আর ঈশ্বরের বাক্য বলে যে যুগের শেষে তাঁর 'পবিত্রগণ তাঁকে মুকুট পরিধান করাবে।'"

এটা কি পেন্টিকোস্টাল টোপ ছিল না? সেই বাক্যটি দেখুন, ভাই। সেখানেই এটি অর্থ প্রদান করে।

276 একদিন, আবার, মঠে, সেখানে তাদের একজন বৃদ্ধ সাধু ছিলেন, একদল তরুণদের শিক্ষার্থী। তাদের মধ্যে একজন খিটখিটে স্বভাবের ছিল। এটা দেখুন, আজ এখানে একটি ভালো—একটি ভালো দৃষ্টান্ত রয়েছে। সে তাদের বাকিদের উপরে কিছু হতে চেয়েছিল। সে নিজেকে দেখাতে চেয়েছিল, কর্তৃত্ব, আরও বড় কিছু, ভালো কিছু, সমস্ত শ্রেণী, আপনারা জানেন, এবং মহান কিছু। তাকে শাস্ত্রীয় হতে হয়েছিল। সর্বদা অন্য ভাইদের চেয়েছিল...আপনারা জানেন, তাকে আলাদা হতে হবে। দেখুন ? সে, যাই হোক না কেন, সে খুব অহংকারী ছিল। সে সমুদ্র সৈকতে একমাত্র পাথর ছিল। কেউ তাকে স্পর্শ করতে পারত না। এখন দেখুন কি হয়েছিল। তাকে বড় কিছু হতে হবে। তাকে তুলনা করতে হয়েছিল—বড় সমাজের সঙ্গে। আপনারা আমাকে অনুসরণ করছেন ? দেখুন ? তাই, সে বলল, সে ভবিষ্যদ্বাণী করলো। সে বলল, "প্রভু আমাকেও ভাববাদী করেছেন। আমি একজন ভাববাদী।"

এখন, সেই দেশে একজন চিহ্নিত ভাববাদী ছিলেন, আর তিনি ছিলেন সেন্ট মার্টিন; তিনি একজন ভাববাদী হয়ে জন্মগ্রহণ করেছিলেন।

277 কিন্তু এই বালকটি বলল, যুবকটি বলল, প্রায় পঁচিশ বছর বয়সী তরুণ শিক্ষার্থী, সে বলল, "প্রভু আমাকে ভাববাদী করেছেন, আর আমি আপনার কাছে তা প্রমাণ করতে যাচ্ছি।" বলল, "আজ রাতে প্রভু আমাকে একটি বড়, সূক্ষ্ম পোশাক দিবেন, এটি আমাকে পরিয়ে দিবেন, একটি সাদা পোশাক, এবং তোমাদের মধ্যে স্থাপন করবেন। তখন তোমরা সকলে আমার কাছে এসে দেখবে, আর তোমরা আমার কাছ থেকে আদেশ গ্রহণ করবে।"

এখন সেটি আজকের সাথে তুলনা করুন, দেখুন, "আমি সংস্থার প্রধান হব। আমি তোমাদের যত্ন নিব, বাকি শিক্ষার্থীদের।"

278 আর যথেষ্ট নিশ্চিত, "সেই রাতে, ভবনে একটি আলো জ্বলে ওঠে," সেন্ট মার্টিনের লেখা বলে। এটা পড়ুন। আর এটা প্রকৃত। এটা ইতিহাস। আর আলো জ্বলে ওঠে, আর বাকিরা সবাই দেখতে থাকে, আর এখানে আসে...সে একটি সাদা পোশাক পরিধান করে, তাদের মধ্যে দাঁড়িয়ে ছিল। সে বলল, "দেখো আমি তোমাদেরকে কি বলেছিলাম ?" কিন্তু এটি বাক্যের বিপরীত।

279 আর যখন সে কলেজের বৃদ্ধ যাজকের কাছে গেল, তিনি একটু এদিকে-ওদিকে হেঁটে, বললেন, "পুত্র, এটা ঠিক শোনাচ্ছে না।" তিনি বললেন, "একটিই পথ আছে।" এখানে সেটা! "আমাদের

জানার একমাত্র উপায় রয়েছে। এটা অতিপ্রাকৃত লাগছিল।" বালক, পেন্টিকোস্ট সেটি ধরে ফেলত, রুট, সিঙ্কার, লাইন, হুক, এবং অন্য সবকিছু! তিনি বললেন, "অলৌকিক কাজটি ঠিক বলে মনে হতে পারে, কিন্তু বাক্যের সঙ্গে এটি সঠিক বলে মনে হয় না। এখন, আমাদের কাছে এমন একজন ব্যক্তি আছেন, মার্টিন নামে একজন অভিষিক্ত ভাববাদী। এসো, তার সামনে এগিয়ে যাও।"

ছেলেটি বলল, "না, না! এর সাথে মার্টিনের কিছু করার নেই।"

আর বললেন, "যেভাবেই হোক, তুমি যাচ্ছ।" আর তারা তাকে মার্টিনের সামনে নিয়ে যাওয়ার জন্য ধরে নিয়ে যায়, আর পোশাকটি তাকে ছেড়ে চলে যায়।

দেখুন, "যদি সম্ভব হয় তবে নির্বাচিতদের প্রতারিত করবে।" দেখুন, তারা তাদের চেনে। যীশু বলেছেন, "আমার মেষেরা আমার বাক্য জানে।"

"ওহ," আপনারা বলেন, "'আমার *রব* শুনে।'"

280 এটা তার বাক্য। "মনুষ্য কেবল রুটিতেই বাঁচিবে না, কিন্তু প্রত্যেক বাক্য দ্বারা।" দেখুন? পূর্বনির্ধারিতরা এটা জানে। "একটি অদ্ভুত বাক্য, অথবা একটি অদ্ভুত রব, তারা অনুসরণ করবে না।"

281 সেখানে সেই লোকদের সাথে এইভাবে করেছিল; তারা অনুসরণ করবে না। তারা জানত যে মার্টিন সেখানে ছিলেন, সেই যুগের একজন ভাববাদী, বাক্যের মাধ্যমে ঈশ্বর দ্বারা চিহ্নিত, বাক্য জানতেন। আর সেই মানুষটি তার সামনে দাঁড়াবে না।

282 তিনি আরও বলেছেন, "যেখানে শব আছে," অথবা বাক্য, "সেখানে, সময়ে, ঈগল পাখিরা জড়ো হবে।" এখন সেটি ম-... আপনি এটি লিখে রাখতে চান, সেটি মথি ২৪:২৮। একটু আগে, মথি ২৪:২৪; এর চারটি পদ নীচে আছে, দেখুন, আপনি যদি এটি লিখে রাখতে চান। "যেখানে শব আছে," মান্না আছে, বাক্য আছে, "সেখানে ঈগল পাখিরা জড়ো হবে।"

283 এখন আমাকে তাড়াতাড়ি করতে হবে। আমি সেখানে তাকিয়ে দেখলাম কটা বাজে...এটা—এটা বারোটা বেজে সাত মিনিট অথবা আট মিনিট। আমি তাড়াতাড়ি করব, অথবা আমরা আজ রাতে এটি শেষ করতে পারি, আপনারা যেটি করতে চান। আজ সকালে নাকি আজ রাতে? হুহ? সভা শেষে আজ কতজনকে বাড়ি ফিরতে হবে, আপনাদের হাত দেখি, দেখি। ওহ, আমার, চালিয়ে যাওয়া ভালো হবে!

284 আমি লোকদের তাদের ফোনে এইভাবে ধরে রাখার জন্য দুঃখিত, কিন্তু আমি তাড়াতাড়ি করব। এটি আপনার অর্থের চেয়ে বেশি মূল্যবান। আমি বিশ্বাস করি এটা, আমার কাছে, দেখুন। আপনার টাকা নষ্ট হয়ে যাবে। এটা নষ্ট হবে না; এটা বাক্য। দেখুন ?

285 "যেখানে শব আছে, সেখানে ঈগলরা জড়ো হবে।" যেখানে শব, যেখানে—সেই—হত্যা করা হয়েছে, সেখানে ঈগলরা জড়ো হবে। যেখানে তাজা মাংস রয়েছে, সময়ের বাক্য, সেখানে ঈগল পাখিরা জড়ো হবে।

286 কিন্তু এটি পচে যাওয়ার পর, শকুনরা তার কাছে চলে আসে। হ্যাঁ। দেখুন আমি কি বলতে চাইছি ? যখন একটি হত্যা করা হয়, এখানে ঈগলরা চলে আসে; কিন্তু যখন এটি সেখানে শুয়ে থাকে, এবং পচে যায়, তখন এখানে শকুনরা আসে। সেটি দিয়ে ঈগলের কিছুই করার থাকবে না। দেখুন ?

287 যীশু বলেছিলেন, "যেখানে শব আছে," যেখানে মান্না পড়েছিল, যে রাতে তাজা মান্না পড়েছিল, "সেখানে ঈগল পাখিরা এর জন্য জড়ো হবে।" এটাই সেদিনের মান্না। দেখুন ? লক্ষ্য করুন।

288 কিন্তু এটি পচে যাওয়ার পরে, লার্ভা এতে প্রবেশ করে, তারপর এখানে শকুনরা আসে। যতক্ষণ না এটি পচে যায় তারা এর গন্ধ পেতে পারে না। আশ্চর্যের কিছু নেই যে যীশু সেখানে দাঁড়িয়ে বলেছিলেন, "যিরূশালেম, তোমরা ভাববাদিগণকে পাথর মারিয়া থাক!" সেই ব্যক্তিগত সর্বনামটি লক্ষ্য করুন, দেখুন, "যিরূশালেম, যিরূশালেম, আমি কতবার..." তিনি কে ছিলেন ? "তোমার নিকটে প্রেরিত ভাববাদিগণকে পাথর মারিয়া থাক, কুক্কুটী যেমন আপন শাবকদিগকে পক্ষের নীচে একত্র করে, তদ্রূপ আমিও কত বার তোমাদিগকে একত্র করিতে ইচ্ছা করিয়াছি," সেই মহান মণ্ডলী, যিরূশালেম।

289 সেই যিরূশালেম যা এখানে পৃথিবীতে আছে তা নয়, "কিন্তু আমরা উপরের যিরূশালেমের," যেখান থেকে বাক্য আসে, পূর্বনির্ধারণ থেকে, দেখুন। পুরানো যিরূশালেম নয় যা ধ্বংস হবে; নতুন যিরূশালেম যা ধ্বংস হতে পারে না। পুরানো যিরূশালেম নয়, সেটি মানুষের দ্বারা নির্মিত; কিন্তু নতুন যিরূশালেম ঈশ্বরের দ্বারা নির্মিত, দেখুন, সেখানে বাক্য এখন প্রকাশিত হচ্ছে। "আমার পিতার বাটীতে অনেক বাসস্থান আছে। কেননা আমি তোমাদের জন্য স্থান প্রস্তুত করিতে যাইতেছি," সৃষ্টিকর্তা সোনার রাস্তা তৈরি করছেন, এবং আরও অনেক কিছু। সেটি বিনষ্ট হবে না।

290 "যিরূশালেম, যিরূশালেম, আমি কতবার," সময়ের আদি থেকে; তৃতীয় কোন ব্যক্তি নয়, অন্য কেউ নয়, কিন্তু, "কুক্কুটী যেমন আপন শাবকদিগকে পক্ষের নীচে একত্র করে, কিন্তু তোমরা সম্মত হইলে না। কিন্তু এখন তোমাদের সময় ঘনিয়ে এসেছে।" দেখুন ?

"যেখানে শব আছে, সেখানে ঈগলরা জড়ো হবে।" কিন্তু মৃতদেহ পচে যাওয়ার পর, বাজপাখি জড়ো হয়। দেখুন ?

291 লক্ষ্য করুন। মোশি, তিনি কখনই ঈশ্বরের সন্তানদের দেননি... মোশি একজন ঈগল ছিলেন, এবং তিনি কখনই ঈশ্বরের সন্তানদের নোহের অবশিষ্টাংশ দেননি। দেখুন? তার কাছে ঈশ্বরের তাজা বাক্য ছিল। "প্রভু ঈশ্বর প্রান্তরে আমার সাথে দেখা করেছেন, এবং তাঁর বাক্যকে সত্য করেছেন, এবং আমাকে এখানে পাঠিয়েছেন তোমাদের বের করে আনার জন্য।" তারপর চারপাশে ছদ্মবেশীরা আসে, এটির ছদ্মবেশ ধরে। দেখুন? কিন্তু তার কাছে সময়ের বাক্য ছিল।

292 কারণ, ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন, যিনি প্রতিজ্ঞা করেছিলেন, "তোমার সন্তানগণ চারশো বৎসর পরজাতীয় দেশে প্রবাস করবে, কিন্তু আমি তাহাদিগের সাথে সাক্ষাত করিব এবং বলবান হস্তে তাহাদিগকে বাহির করিব।"

মোশি বললেন, "এখন, প্রভু ঈশ্বর আমার সঙ্গে কথা বলবেন এবং আমাকে দেখাবেন, এবং আমাকে কি করতে হবে বলেছেন, আর আমি আপনাদের বলব।" বললেন, "'**আমি যিনি আছি**' আমাকে পাঠিয়েছেন।"

293 "**আমি যিনি আছি**!" না "আমি ছিলাম, অথবা থাকব।" "আমি," বর্তমান কাল, বাক্য এখনকার জন্য। সেই বাক্য নয়, যা ছিল, যে বাক্য আসবে; সেই বাক্য, যা এখন আছে। দেখুন? আপনারা এটা বুঝতে পেরেছেন? "**আমি যিনি আছি**!" "**আমি যিনি আছি**" হল বাক্য। "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন।" এটা কি ঠিক? "আমি যিনি আছি।" "ঈশ্বর আমাকে তাঁর ভাববাদী হিসাবে পাঠিয়েছেন, এটা সত্য বলে প্রমাণ করার জন্য। আমি এই বাক্যের উত্তর, আমাকে বলেছেন এখানে এসে এটা করার জন্য।"

আর যখন তিনি এটা করলেন, ফরৌণ বললেন, "ঠিক আছে, আমাদের দলে প্রচুর ছেলেরাও এটা করতে পারে," ছদ্মবেশী।

294 যীশু বলেছেন, "এখন, শেষ সময়ে সেটার পুনরাবৃত্তি ঘটবে," দেখুন, একই জিনিস দাবি করে। দেখুন কে প্রথমে নেমে আসে।

দেখুন কারা বাক্যের সঙ্গে আছেন। এটাই। এভাবেই জানা যায়।

295 সুতরাং, আপনারা দেখুন, আমরা লক্ষ্য করেছি, মোশি কখনও নোহের সময় যা ছিল তা তাদের দেননি, "আমরা এখন একটি জাহাজ নির্মাণ করব, কারণ এটাই বাক্য, আপনারা জানেন। নোহ একদিন একটি জাহাজ তৈরি করেছিলেন।" না, শকুনরা সেটা খাচ্ছিল। না। না।

এটি একটি প্রতিশ্রুত বাক্য। লক্ষ্য করুন, ঈশ্বরের কাছ থেকে তার বার্তার জন্য, সেই সময়ের জন্য তার কাছে ঈশ্বরের প্রকৃত পূর্বনির্ধারিত বাক্য ছিল।

296 এমনকি যীশুও তাদের মোশির অবশিষ্টাংশ পরিবেশন করেননি। সেই সময়ের জন্য মোশির কাছে বাক্য ছিল, কিন্তু মোশি একজন ভাববাদী ছিলেন। এখানে স্বয়ং ঈশ্বর আছেন, দেখুন, তিনি কখনও তাদের মোশি—মোশির অবশিষ্টাংশ পরিবেশন করেননি।

কিন্তু সেই সংগঠনের শকুনদের দিকে দেখুন, এটির উপর তৃপ্ত ছিল। "আমরা জানি! আমরা মোশিকে পেয়েছি! আমাদের আপনাকে প্রয়োজন নেই।"

তিনি বলেছিলেন, "তোমরা যদি মোশিকে জানিতে, তবে আমাকে জানিতে, কারণ মোশি আমার বিষয়ে বলিয়াছেন।" দেখুন?

297 "যেখানে শব থাকে, সেখানে ঈগলরা জড়ো হবে।" ঈগল! বাক্যের তাজা খাদ্য, সেই বাক্য যা উত্থিত এবং মোটাতাজা করা হয়েছে, এবং প্রকাশ করা হয়েছে এবং শিশুদের জন্য খাদ্য প্রদান করা হয়েছে।

এখন, পুরানো শব যা সেখানে কয়েকশ বছর ধরে পড়ে আছে, সেখানে এটি থাকবে।

298 এখন একই! লুথারের মন ফিরানোর বার্তা ছিল; কিন্তু, আপনারা লুথারেন বাজপাখির দল! ব্যাপটিস্টের একটি বার্তা ছিল; কিন্তু, আপনারা ব্যাপটিস্ট বাজপাখি! দেখুন? পেন্টিকোস্টের একটি বার্তা ছিল; এখন ফিরে আসছে, পেন্টিকোস্টাল বাজপাখি!

"কিন্তু যেখানে শব আছে, সেখানে ঈগল পাখিরা জড়ো হইবে।"

মনে রাখবেন, আপনি একজন লুথারেনকে খাওয়াতে পারেননি, সেই দিনগুলিতে (আপনি এখন পারেন), ক্যাথলিক

একটি শব। না, মহাশয়। তার কাছে তাজা মাংস ছিল। সেটি ছিল সেই মণ্ডলীর যুগ।

299 আপনি মেথডিস্টকে, লুথারেন বার্তা খাওয়াতে পারেননি। ওহ, না, সে এই শব চায়নি। এটি পচে গেছে। দেখুন, জীবন তা ছেড়ে অন্য কিছুতে চলে গেছে। এটাই সেই পুরানো কাণ্ড যা মারা গেছে, সেখানে। জীবন এগিয়ে গেছে।

আপনি ব্রাইড অফ জিজাস খ্রাইষ্ট পেন্টিকোস্টালিজমকে খাওয়াতে পারবেন না। না, প্রকৃতপক্ষে! লার্ভা-প্রস্ফুটিত সংগঠন; কিছুই করছেন না! না, না!

300 কারণ প্রতিশ্রুতি হল, "আর সেই মহৎ ও ভয়ঙ্কর দিন আসিবার পূর্ব্বে আমি তোমাদের নিকটে এলির ভাববাদীকে প্রেরণ করিব। তিনি পিতৃগণের প্রতি সন্তানদের হৃদয় পুনরায় ফিরাইবেন।" "বাইবেলে এই সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, আমি তা করব, এবং সেখানে ঈগলরা একত্রিত হবে।" "পিতা আমাকে যাহা দিয়াছেন, সে সকলই আমারই নিকট আসিবে।" দেখুন?

301 যীশু কখনই সেই চেষ্টা করেননি। কিন্তু যীশু যখন আসেন, তিনি তাদের কাছে শকুনের ঝাঁক দেখতে পান, "আমাদের কাছে মোশি এবং ব্যবস্থা আছে।" দেখুন? ঠিক আছে, এটি ভাল খাদ্য ছিল যখন এটিকে হত্যা করা হয়েছিল এবং তাদের দিয়ে দেওয়া হয়েছিল। দেখুন, তখন সব ঠিক ছিল।

302 কিন্তু এটাই মোশির কাছে ভবিষ্যদ্বাণী করা হয়েছিল, স্বয়ং, যিনি বলিদানকে হত্যা করেছিলেন, বলেছিলেন, "তোমার ঈশ্বর সদাপ্রভু তোমার মধ্য হইতে, তোমার ভ্রাতৃগণের মধ্য হইতে, এক ভাববাদী উৎপন্ন করিবেন। এটি ঘটবে, প্রত্যেকে সেই ভাববাদীকে এবং তিনি যা বলবেন তা আঁকড়ে থাকবে না, লোকদের মধ্য থেকে বিচ্ছিন্ন করা হবে।" আর এটা করা হয়েছিল।

303 দেখুন কিভাবে প্রায় ছয়শো বিভিন্ন ভবিষ্যদ্বাণী সম্পূর্ণ হয়েছিল, পুরাতন নিয়মের, যীশু খ্রীষ্টের বিষয়ে। "তাহারা আমার হস্তপদ বিদ্ধ করিয়াছে।" প্রায়, আমি ভুলে গেছি যে তাঁর জীবনের শেষ সাত বা আট ঘন্টায় কতগুলি পূর্ণ হয়েছিল, যেগুলি সকল ভাববাদীরা বলেছিলেন, নিখুঁতভাবে।

304 যদি আমি আজ ভবিষ্যদ্বাণী করি যে আজ থেকে এক বছরের মধ্যে একটি নির্দিষ্ট বিষয় ঘটবে, হয়তো আমি—আমি এটি ঘটার জন্য বিশ শতাংশ সুযোগ পেয়েছি, এটি সঠিক না ভুল। আর যদি আমি ভবিষ্যদ্বাণী করি যে এটি ঘটবে, কিন্তু কখন তা না বলি, আমি

ছোট শতাংশ পেয়েছি। যদি আমি ভবিষ্যদ্বাণী করি কখন এটি ঘটবে, আমাকে একটি ছোট ব্যবধান প্রদান করে। যদি আমি ভবিষ্যদ্বাণী করি যে স্থানটিতে এটি ঘটেছে, এটি এটিকে তবুও একটি ছোট ব্যবধান দেয়। যদি আমি ভবিষ্যদ্বাণী করি...এটা কার উপর হবে, তারপরও আমি একটি মার্জিনের প্রায় এক লক্ষ ভাগের একটি পেয়েছি যে এটি কখনও ঘটবে, যদি এটি সত্য না হয়।

305 আর প্রতিটি বাক্য, হালেলুইয়া, যা সেই মশীহের সম্পর্কে লেখা হয়েছিল, অক্ষরে অক্ষরে পূর্ণ হয়েছিল। এমনকি একদিন, শাস্ত্র পাঠ করার সময়, তিনি বাক্যের ঠিক মাঝখানে থামলেন এবং বললেন, "সদাপ্রভুর আত্মা আমাতে অধিষ্ঠান করেন, সুসমাচার প্রচার করিতে, লোকদের মুক্তি..." এবং বাক্যের ঠিক মাঝখানে সেখানে থামলেন, কারণ এর বাকি অংশ তাঁর দ্বিতীয় আগমনে হবে। আমেন! "আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না।" দেখুন?

306 তিনি তখন বাক্য ছিলেন, যে তখন তাদের আহার করাচ্ছিল। মোশি তাদের সত্য বলেছিলেন; কিন্তু, আপনারা দেখুন, তারা সর্বদা এটি থেকে একটি ধর্মসম্প্রদায় তৈরি করে, শকুনদের জন্য...

307 ঈগল পাখিরা খেয়ে বাড়ি ফিরে যাওয়ার পরে এতে কিছু অবশিষ্ট থাকে। তখন তারা অন্য কিছু দেখার জন্য অপেক্ষা করে। "বাক্য," তারা বলে, "এখানে এটি আসার কথা ছিল। আমরা গতকাল হরিণ খেয়েছিলাম; আগামীকাল ভেড়া খাব।" দেখুন আমি কি বলতে চাইছি? "সেখানে পুরানো হরিণের মৃতদেহ আছে, চকচক করছে, কিন্তু আমরা আজ ভেড়া খাব। এটা কোথায়?" দেখুন আমি কি বলতে চাইছি? স্বর্গদূতদের খাদ্য! যে লোকেরা একদিন মান্না খেয়েছিল, তারা যদি পরের দিন এটি রাখার চেষ্টা করত, তবে এটি দূষিত হয়ে যেত। আপনারা কি সকল প্রকার দেখতে পাচ্ছেন না, কতটা নিখুঁত? এখনও একই!

308 লক্ষ্য করুন, যীশুর সময়ে শকুনও শয়তানদের তাড়িয়ে দিচ্ছিল; পুরানো শবের উপর অভিষিক্ত ব্যক্তিরা। এটা কি ঠিক? তারা শয়তানদের তাড়িয়ে দিচ্ছিল। যীশু তাই বলেছেন।

309 আর মনে রাখবেন, সেই সময়ে তাদের ভাববাদীরা ছিলেন। কায়াফা, মহাযাজক, ভবিষ্যদ্বাণী করেছিলেন। সেটা কতজন জানেন? কায়াফা ভবিষ্যদ্বাণী করেছিলেন। ক্ষেতে আগাছার অবস্থান লক্ষ্য করুন; এটি একই অভিষেক দ্বারা জলযুক্ত। কেন বাইবেল বলে যে তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন? "কারণ তিনি

সেই বছর মহাযাজক ছিলেন।" একটি পচা শকুন, একটি আগাছা এবং কাঁটা গাছ, গমের মধ্যে অবস্থানরত; কিন্তু আত্মা তার উপর ছিলেন, ঈশ্বরের প্রকৃত পবিত্র আত্মা। ঈশ্বরের পবিত্র আত্মা তার উপর ছিলেন, প্রচার করার জন্য, ভবিষ্যদ্বাণী করার জন্য, এবং এটি ঘটবে বলে ভবিষ্যদ্বাণী করার জন্য; এবং সেই সময়ের সত্য প্রমাণিত বাক্যকে অস্বীকার ও ক্রুশবিদ্ধ করেছিল।

310 ওহ, করুণা, ভাই! আমাদের এই কথাগুলি আর কত বলতে হবে, দেখুন, শাস্ত্রের মাধ্যমে আরও কত? আমি তাড়াতাড়ি করব। আমি এখানে প্রায় দশটি পৃষ্ঠা পেয়েছি, শাস্ত্রের, কিভাবে সবকিছু প্রমাণ করে। "ভালো ও মন্দ লোকদের উপরে সূর্য্য উদিত হয়।"

311 যীশু বলেছেন, এটা প্রমাণ করার জন্য। "আমি যদি ঈশ্বরের আঙুল দ্বারা ভূত ছাড়াই, তবে তোমাদের সন্তানেরা কার দ্বারা তাহাদিগকে তাড়ায়?" এখন, তারা শয়তানদের তাড়িয়ে দিচ্ছিল। তারা ভবিষ্যদ্বাণী করছিল। এটা কি ঠিক? কিন্তু তাকে সেই সময়ের বাক্য বলে চিনতে পারেননি, (কেন?) কারণ তিনি তাদের সঙ্গে যুক্ত ছিলেন না।

312 এখন মথি ২৪:২৪ নিন, "ভাক্ত খ্রীষ্টেরা," অভিষিক্ত ব্যক্তিরা, "উত্থিত হইবে, এবং মিথ্যা ভাববাদীগণ ভাববাণী বলিবে," দেখুন, "এবং যদি সম্ভব হয় তবে মনোনীতদের প্রতারিত করবে।" আপনারা এখন এটি বুঝতে পেরেছেন?

313 বাচ্চাদের লক্ষ্য করুন। "বাচ্চারা কিভাবে করে...যদি আমি ঈশ্বরের বাক্য দ্বারা ভূত ছাড়াই," যা, তিনি ঈশ্বরের বাক্য ছিলেন, "কার দ্বারা আপনার ধর্মসম্প্রদায়ের সন্তানরা তাদের তাড়িয়ে দেয়?" এখন, একমাত্র ঈশ্বরই শয়তানকে তাড়িয়ে দিতে পারেন, আমরা জানি যে, একমাত্র ঈশ্বরই পারেন। কারণ, বলবান ব্যক্তিকে তার বাড়ির অন্যজনের চেয়ে শক্তিশালী হতে হবে। তাদের এটা করার ক্ষমতা ছিল।

314 আপনারা জানেন, সেখানে প্রকাশিত বাক্যে, তিনি বলেছেন... সেই খ্রীষ্টবিরোধী যিনি শেষ সময়ে উত্থাপিত হয়েছিল, "অলৌকিক চিহ্ন ও আশ্চর্য কার্য্য সাধন করিল, যাহারা পৃথিবীর উপর বাস করিতেন, তাহাদিগকেও ভ্রান্ত করিল, এবং তাদের প্রত্যেককে, খ্রিস্টান এবং সকলকে, যাহাদের নাম মেষশাবকের জীবন-পুস্তকে লেখা নাই, প্রতারিত করিল," মথি ২৪:২৪ এর উত্তর, "যাদের নাম জগৎপত্তনের সময় থেকে মেষশাবকের জীবন-পুস্তকে লেখা হয়নি।"

315 সেই জীবন যা ছিল সেই—সেই প্রকৃত কমলা গাছের মূলে, যা সেই সমস্ত লেবুবর্গীয় ফল এবং অন্য সবকিছুর মধ্য দিয়ে উঠে আসে, আর গাছের উপরে ফল নিয়ে আসে, সর্বোপরি ধর্মসম্প্রদায়ের কলম এবং শাখা। আপনারা এটা পেয়েছেন? আমি তাড়াতাড়ি করব। শক্তিশালী ব্যক্তি...

এখন দায়ূদকে মনে রাখবেন, তিনি সৎ ছিলেন, আন্তরিক ছিলেন, ঈশ্বরের কাজ করার চেষ্টা করছিলেন, এবং এটি করার জন্য তাকে নিযুক্ত করা হয়নি।

316 "তারা," অভিষিক্ত ব্যক্তিরা; কিন্তু যীশু বলেছেন, "তারা ধর্মমতের শিক্ষা দেয় যা (শাস্ত্রের) মনুষ্যের ব্যাখ্যা," দেখুন, ঈশ্বরের বাক্য নয়, তাঁর প্রমাণিত বাক্য নয়; একজন ঐতিহাসিক খ্রীষ্টের শিক্ষা দেয়, দেখুন, এমন কিছু ছিল।

আর বাইবেল বলে, "তিনি।" "**আমি যিনি আছি**," এমন নয় "আমি ছিলাম অথবা থাকব।" "**আমি যিনি আছি**, বর্তমান।" তিনি সেই বাক্য যিনি এখানে জীবিত আছেন।

তিনি ছিলেন, আদিতে, তিনি ছিলেন—তিনি ছিলেন—তিনি পত্রে ছিলেন; তিনি কাণ্ডতে ছিলেন; তিনি খোসায় ছিলেন; কিন্তু এখন তিনি শস্যের মধ্যে আছেন।

317 এখন, আপনি গিয়ে পুনরায় জীবিত থাকার চেষ্টা করুন? কি হবে যদি সেই জীবন নিচে চলে যায়, আপনি কি মনে করেন যে (চলে গেছে) সেই জীবন কখনও কথা বলবে, সেই পুরানো খণ্ডটি শুকিয়ে যাওয়ার পরে ফিরে যাবে, কখনও ফিরে গিয়ে আবার এতে বসবাস করবে? এটি কখনই করে না। "কেননা যাহারা একবার দীপ্তি প্রাপ্ত হইয়াছে, তাহাদের পক্ষে এটা অসম্ভব," এবং বাক্যের সাথে এগিয়ে যায়নি যেভাবে এটি আসতে থাকে, "তারা মারা গেছে, চলে গেছে; কাঁটাবন ও শ্যাকুল, তাহা অকর্ম্মণ্য ও শাপের সমীপবর্ত্তী, জ্বলনই তাহার পরিণাম।" এটা কি ঠিক?

এখন আমি যত তাড়াতাড়ি সম্ভব চেষ্টা করছি।

318 এখন শাস্ত্র লক্ষ্য করুন। একজন ঐতিহাসিক ঈশ্বর বিষয়ে শিক্ষা দেওয়া, দেখুন, ঠিক যেমন তারা অতীতে বেঁচে থাকার চেষ্টা করছিল, যেমন, "ঠিক আছে, ওয়েসলি *অমুক-অমুক* বলেছেন।" অথবা, "*অমুক-অমুক অমুক-অমুক* বলেছেন।" আপনি এই দিনের প্রতিশ্রুত বাক্য প্রত্যাখ্যান করছেন, সেই মান্না যা স্পষ্টভাবে চিহ্নিত করা হয়েছে। তারা তাদের পুরানো লুথারেন, ব্যাপটিস্ট, পেন্টিকোস্টাল দ্রাক্ষারস আমাদের নতুন বোতলে রাখার চেষ্টা

করছে। এটা কাজ করবে না। আর আমাদের নতুন দ্রাক্ষারস, তাদের পুরানো বোতলে, কাজ করবে না। যদি তারা এই নতুন দ্রাক্ষারসকে ধর্মসম্প্রদায়ের মধ্যে রাখার চেষ্টা করে, তবে তাদের মূর্খতা প্রকাশ পায়। তারা এটা করতে পারে না। এটা তাকে উড়িয়ে দিবে।

"এখন, ভাই, আমি ঈশ্বরের বাক্য দেখেছি, বাক্য দ্বারা নিখুঁতভাবে!"

319 "এখন, এখানে দেখুন, ডাক্তার, যদি...আমরা—আমরা এটা পেতে পারি না।" নেড, আমি মনে করি আপনি সাম্প্রতিককালে এর কিছু পেয়েছেন। "আমরা, আমরা এটা এখন এখানে পেতে পারি না। আমি—আমি বরং চাই আপনারা হয়তো এগিয়ে যান।" আপনারা জানেন। দেখুন, এটা কাজ করবে না। এটা উড়িয়ে দিবে।

320 "পুরাতন কাপড়ে কেহ কোরা কাপড়ের তালী দেয় না, দিলে সেই নূতন তালীতে ঐ পুরাতন কাপড় ছিঁড়িয়া যায়।" দেখুন? যীশু কি তা বলেননি? পুরাতন কুপায় কেহ টাট্‌কা দ্রাক্ষারস রাখে না। এটা তাদের ফাটিয়া দেয়। নতুন দ্রাক্ষারসের মধ্যে জীবন আছে। ঠিক আছে।

321 এখানে কিছু লক্ষ্য করুন, এখন দ্রুত, যখন আমরা...আমাদের কথা শেষ করছি। প্রকাশিত বাক্য ১৬:১৩ থেকে ১৪ লক্ষ্য করুন, যদি আপনারা এটিকে লিখে রাখতে চান। আমার কাছে এটিতে যাওয়ার জন্য সময় নেই। আমি চাই আপনি নিশ্চিত হন এবং এটি দেখুন। এখন লক্ষ্য করুন, এটি ষষ্ঠ এবং সপ্তম বাটির মধ্যেকার ধ্বনি।

এখন আমরা...আমরা এক মিনিটের মধ্যে বন্ধ করব, যদি আপনি কয়েক মিনিট আর সহ্য করতে পারেন। এখন বন্ধ করছি।

322 প্রকাশিত বাক্য ১৬:১৩ থেকে ১৪ লক্ষ্য করুন, ষষ্ঠ এবং সপ্তম বাটির মধ্যে, "ভেকের ন্যায় তিনটি অশুচি আত্মা" (আপনি কি লক্ষ্য করেছেন?) "কারো মুখ থেকে বেরিয়ে আসে।" এখন লক্ষ্য করুন, দ্রুত। আপনারা কি প্রস্তুত? বলুন, "আমেন।" [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] আত্মার একটি ত্রিত্ব!

323 এখন ধর্মসম্প্রদায়ের ভাই, আর মাত্র এক মিনিট অপেক্ষা করুন। উঠে ঘর থেকে বেরিয়ে যাবেন না, রেডিওতে যারা আছেন, টেলিফোন হুক-আপে। আপনার টেপ রেকর্ডার বন্ধ করবেন না। এক মিনিট স্থির থাকুন, আর শুনুন। আপনি ঈশ্বরের থেকে জন্মগ্রহণ করেছেন, আপনি করবেন।

324 ভেকের একটি ত্রিত্ব! ব্যাঙ এমন একটি প্রাণী যে সবসময় পিছনের দিকে তাকায়। সে কখনই তাকায় না যে সে কোথায় যাচ্ছে;

সে কোথা থেকে এসেছেন তা দেখে। দেখুন? আপনারা কি দেখতে পাচ্ছেন না? ত্রিত্ববাদের জন্ম কোথায় হয়েছিল? মনে রাখবেন, "তিনটি অশুচি আত্মা," পৃথক আত্মা। আপনারা কি এটা বুঝতে পাচ্ছেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।]

325 লক্ষ্য করুন, তারা নাইসিয়া কাউন্সিলের দিকে ফিরে তাকায় যেখানে ত্রিত্বের মতবাদের জন্ম হয়েছিল, বাইবেলে নয়। সেখানে এমন কিছুই নেই। তারা নাইসিয়া, রোমের নাইসিয়া কাউন্সিলের দিকে ফিরে তাকায়, যেখানে ত্রিত্বের জন্ম হয়েছিল।

326 সেগুলো কোথা থেকে এসেছে তা লক্ষ্য করুন। লক্ষ্য করুন। আর ব্যাঙের ত্রিত্ব একটি পুরানো ত্রিত্ব থেকে বেরিয়ে এসেছে, একটি নতুন ত্রিত্বের জন্ম দেয়, তাদের জননী। এটা কিসের থেকে বেরিয়ে এসেছে? একটি ত্রিত্ব, "নাগ," দেখুন, "পশু," এবং "মিথ্যা ভাববাদী।" একটি ত্রিত্ব, নতুন। এই ব্যাঙগুলো যখন বেরিয়ে এসেছিল? এটা কখন? লক্ষ্য করুন, তারা সেখানে সব সময় ছিল, কিন্তু এটি ষষ্ঠ এবং সপ্তম বাটির মধ্যে পর্যন্ত প্রকাশিত হয়নি, মোহরগুলি খোলার ঠিক আগে (হুম?) এটি প্রকাশ করার জন্য।

327 "কেননা সপ্তম দূতের বার্তায় ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব জ্ঞাত হইবে," এই সমস্ত ত্রিত্ববাদী বিষয়, এবং মিথ্যা বাপ্তিস্ম, এবং সবকিছু প্রকাশিত হওয়ার কথা ছিল। ঈশ্বর আমাদের সত্য কি তা দেখতে সাহায্য করুন! আর ভাববেন না যে কেউ কিছু বলার চেষ্টা করছে...

328 আমি সেই আত্মাকে বিরক্তি বোধ করতে অনুভব করছি, আপনারা দেখুন। ভাই, আমি আমার নিজের কথা বলছি না। আমি প্রভুর দূতের কথা বলছি যিনি শিবিরে আছেন। সেটা একদম ঠিক।

329 লক্ষ্য করুন, একটি ত্রিত্ব! "নাগ," কতজন জানেন যে নাগ কি? এটি রোম ছিল। "আর নাগ সেই স্ত্রীলোকের সম্মুখে দাঁড়াইল যেন প্রসব করিবামাত্র তাহার সন্তানকে গ্রাস করিতে পারে।" সেটি ঠিক? বাইবেলে "পশু" বলতে কী বোঝায়? শক্তি। ঠিক আছে। "ভাক্ত ভাববাদী, একজন মিথ্যা ভাববাদী," একজন মিথ্যা, অভিষিক্ত ব্যক্তি। দেখুন?

330 কোথায় শুরু হয়েছিল? এটি হল "মিথ্যা ভাববাদী," একবচন। "মিথ্যা ভাববাদী," প্রথম পোপ; আর সেখান থেকে বেরিয়ে আসে "সেই—সেই বেশ্যা, এবং বেশ্যাদের জননী," পুরো বিষয়টি।

331 একটি মিথ্যা ত্রিত্ব উদিত হচ্ছিল; শুরুতে নয়, শুরুতে প্রকাশিত হবে না, এটা ঠিক তার সাথে চলতে থাকে। কিন্তু যখন সপ্ত মুদ্রা

উপস্থিত হয়, এবং সেই নিগূঢ়তত্ত্বগুলি খুলে প্রকাশ করে, তখনই "ব্যাঙ, ব্যাঙের ন্যায় তিনটি অশুচি আত্মা, নিজেদের প্রকাশ করার জন্য বেরিয়ে আসে," সত্যের বিরুদ্ধে একটি ত্রিত্বের মতবাদ। দেখুন? হুহ!

দেখুন এটা কোথা থেকে এসেছে? দেখুন এটা কোথায় ফিরে যাচ্ছে? ইকুমেনিক্যাল কাউন্সিল। তারা সকলেই ভাই, যেভাবেই হোক; একই আত্মা, একই জিনিস।

332 আর দেখুন। তাই প্রতারণা করছে, অলৌকিক কাজ সম্পাদন করছে! আর এরাই শয়তান, যারা পৃথিবীর সমস্ত দেবতার কাছে যায়, অলৌকিক কাজ করে, শেষ দিনে তাদের প্রতারিত করার জন্য, এবং এটি করতে সফল হবে। ঈশ্বর সেই মন্দ আত্মা সম্পর্কে কি বলেছেন?

বলেছেন, "আমি গিয়ে সেই ভাববাদীদের মুখে প্রবেশ করে তাদের মিথ্যা ভাববাণী করতে বাধ্য করব, আহাবকে সেখান থেকে বের করে আনব ধ্বংস করার জন্য।"

333 ঈশ্বর বললেন, "যাও। তুমি সফল হবে। তুমি তাদের এটি বিশ্বাস করতে বাধ্য করবে। শুরু করার জন্য তারা সেই বাক্যে নেই।" দেখুন? "যাও, তুমি তাহাকে মুগ্ধ করবে। তুমিই এটি করবে, যখন তুমি তাদের মধ্যে মিথ্যা ভাববাদীদের পাবে, কারণ সে তাদের উপর নির্ভর করছে। আর সে বাক্য সম্পর্কে কিছুই জানেন না, সে এটি শেখার চেষ্টাও করে না। সে এটা করতে পারে না, কারণ সে একটি কণ্টক, শুরু করার জন্য।" দেখুন? দেখুন? "তুমি সফল হবে।"

এখানে এই ভাক্ত ব্যাঙের দিকে দেখুন, পিছনে তাকিয়ে আছে, "কেন, আপনারা জানেন তারা সেখানে নাইসিয়ায় কি বলেছিল?"

334 তারা এই বিষয়ে সেখানে নাইসিয়ায় কি বলেছে তাতে আমার কিছু যায় আসে না। এখানে ঈশ্বরের সিংহাসনে তারা যা বলেছেন তা আমি বলছি; কি হবে, কি ছিল তা না; কি হবে, কারণ তিনি "**আমি যিনি আছি**"। দেখুন?

"মিথ্যা।" সেটা দেখুন। হুহ! তারা কোথা থেকে এসেছে তা লক্ষ্য করুন।

335 এখন (মন দিয়ে শুনুন।) আমরা স্পষ্টভাবে দেখতে পাচ্ছি, সপ্ত মুদ্রা খোলার পরে। এটি সেই রহস্য প্রকাশ করার জন্য: সেই ত্রিত্ব কি? দেখুন? কোথায় এটিকে ত্রিত্ব বলা হয়েছে? দেখুন? বাইবেলে কোথায় ত্রিত্ব শব্দটি বলা হয়েছে? কোথায় তিন ঈশ্বর থাকতে পারে, যে আমরা তিন ঈশ্বরের উপাসনা করি এবং বিধর্মী হই না?

336 কিভাবে তারা পৃথক হতে পারে, যখন তিনি বলেছেন, "আমি ও পিতা, আমরা এক" ? "তোমরা যদি বিশ্বাস না কর যে আমিই তিনি, তোমরা তোমাদের পাপে বিনষ্ট হইবে, দেখুন, আপনার অবিশ্বাস।" পাপ হল অবিশ্বাস। "তোমরা অবিশ্বাসে বিনষ্ট হইবে।"

ওহ, তোমরা কি বলো যে আমি কে, আমি কোথা থেকে এসেছি তোমরা কি বলো,
ওহ, তোমরা কি আমার পিতাকে জানো, অথবা তোমরা কি তাঁর নাম বলতে পারো ?
আমি শারোণের গোলাপ, উজ্জ্বল প্রভাতীয় তারা।

আপনারা কি আমাকে বলতে পারেন তিনি কে ?

আমি যিনি আগুনের জ্বলন্ত ঝোপের মধ্যে মোশির সাথে কথা বলেছিলাম,
আমি অব্রাহামের ঈশ্বর, উজ্জ্বল প্রভাতীয় তারা।
আমি শারোণের গোলাপ, ওহ, আমি কোথা থেকে এসেছি তোমরা কি বলো;
ওহ, তোমরা কি আমার পিতাকে জানো, অথবা তোমরা কি তাঁর নাম বলতে পারো ? (আমেন !)
আমি আল্‌ফা, ওমিগা, আদি ও অন্ত;
আমি সমগ্র সৃষ্টি, আর যীশু তাঁর নাম।

সেটা ঠিক। কোন ত্রিত্ব নেই ! না, মহাশয়। এটা মিথ্যা কথা।

337 সপ্ত মুদ্রা, সেই রহস্যগুলি খুলে দেয় যা "সমাপ্ত হওয়া উচিত," প্রকাশিত করে। মুদ্রা খোলা হয়েছে; মুদ্রাগুলি এত বছর ধরে যে গোপন সত্যগুলি লুকিয়ে রেখেছিল তা নিষ্পত্তি করে, দেখায়, প্রকাশ করে, সেই সমস্ত গীর্জা এবং ধর্মসম্প্রদায়ের মাধ্যমে।

"মহান বেশ্যা," প্রকাশিত বাক্যের সপ্ত-...সে কে ছিল ? কিন্তু সে "**বেশ্যাগণের জননী**," এছাড়াও। দেখুন ?

"এখন, আপনারা তাদের 'শকুন' বলেন," আপনারা বলেন, "ভাই ব্রানহাম।" সেটা ঠিক।

338 কিন্তু, মনে রাখবেন, একটি শকুন হল একটি পাখি। সে উড়ার জন্যও অভিষিক্ত হয়েছে। "দুই আত্মা, মনোনীতদের প্রতারিত করার জন্য এত কাছাকাছি হবে..." একটি শকুন একটি—একটি ঈগলের মতো বড়। সে ঈগলের মতো উড়তে পারে; এবং উড়ার জন্য, অথবা প্রচার করার জন্য, অথবা ভবিষ্যদ্বাণী করার জন্য

অভিষিক্ত, লক্ষ্য করুন, ঈগলের মতো। কিন্তু সে উচ্চতায় ঈগলকে অনুসরণ করতে পারে না। না, না। যদি সে ঈগলকে অনুসরণ করার চেষ্টা করে, তবে তার মূর্খতা প্রকাশিত হবে। হ্যাঁ, মহাশয়। সে ঈগলকে অনুসরণ করতে পারে না।

339 ওহ, তিনি বলতে পারেন, "আমি যীশু খ্রীষ্টকে ঈশ্বরের পুত্র বলে বিশ্বাস করি। আমি পিতা ঈশ্বরকে বিশ্বাস করি, সর্বশক্তিমান, স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্তা; যীশু খ্রীষ্ট তাঁর পুত্র," ইত্যাদি। ওহ, নিশ্চিত, তারা এটা করতে পারে। কিন্তু তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই থাকার বিষয়ে কি? দেখুন?

340 একটি ঈগল একটি বিশেষ-নির্মিত পাখি। পৃথিবীতে তার সমতুল্য কিছুই নেই। দেখুন? সে—সে...যদি একটি বাজপাখি তাকে অনুসরণ করার চেষ্টা করে, অথবা অন্য কোন পাখি, সে ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যাবে। তার মূর্খতা প্রকাশ করা হবে, নিশ্চিতভাবে। যখন সে একটি পুরানো বোতলে নতুন দ্রাক্ষারস রাখার চেষ্টা করবে তখন সে ফেটে যাবে। দেখুন, সে ফেটে যাবে। সে ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যাবে। সে তৈরি হয়নি, সে নয়...তার শরীরকে কাঠামোর সাথে এক করা হয়নি যেন সে তাকে সেখানে ধরে রাখতে পারে। যখন সে সেখানে বড় গোলকগুলি পায়, যদি সে তৈরি না হয়ে থাকে, নিযুক্ত, পূর্বনির্ধারিত, জন্ম থেকে ঈগল, সে ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যাবে। দেখুন? তার ডানা থেকে পালক উড়ে যাবে, আর সে পৃথিবীতে পড়ে যাবে। নিশ্চিত। সে উচ্চতায় ঈগলকে অনুসরণ করতে পারে না। যদি সে চেষ্টা করে, তবে তার মূর্খতা প্রকাশ পাবে। সেটা ঠিক। আপনি পারবেন না।

341 কেন? সে ঈগলের মতো দেখতে পায় না। যখন আপনি সত্যিকারের উঁচুতে লাফানোর চেষ্টা করে সেখানে কোথায় আছেন তা দেখতে না পান, তাতে কি লাভ হবে? আর যদি সে সেটি করার চেষ্টা করে, উচ্চতায় এই ঈগলের ছদ্মবেশী হওয়ার চেষ্টা করা, সে এতটাই অন্ধ হয়ে যায় যে সে জানে না, সে কি কাজ করেছে। সেটা ঠিক। সে চিৎকার করে, এগিয়ে যাচ্ছে; কিন্তু শুধু তার সাথে বাক্য বলুন, বালক, সেখানে তার মূর্খতা প্রকাশিত হয়।

342 যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নিয়ে তার সাথে কথা বলুন, অথবা, তিনি কাল, আজ, এবং সর্বদা একই ছিলেন, এই সব—সবকিছু এইরকম, আর তাকে বলুন। "কেন, ওহ, এখন এক মিনিট অপেক্ষা করুন!" দেখুন? ওহ, হ্যাঁ, সেখানে তার পালক পড়ে যাচ্ছে। দেখুন, তারা সকলে লাফিয়ে উঠছে, আর ভাববাণী বলছে, আর শয়তানদের তাড়িয়ে দিচ্ছে, আর অন্য ভাষায় কথা বলছে, আর

চিৎকার করছে, আর এভাবে চালিয়ে যাচ্ছে, মেঝেতে উপরে-নিচে ছুটছে। কিন্তু সেখানে অনুসরণ করার চেষ্টা করবেন না; কেন, তাকে অবশ্যই জানানো হবে।

343 তবুও, সে নিযুক্ত। সে অভিষিক্ত। সে উড়তে পারে। সে নিজের ভারসাম্য রাখতে পারে, সেখানে উঠতে পারে, কিন্তু না...এখন পর্যন্ত। দেখুন, সে একটি শব খেতে পারে, কিন্তু সে সিংহাসন থেকে আসা তাজা মাংস খেতে পারে না।

344 সে অন্ধ। সে সব কাজ করেছে, কিন্তু সে জানে না সে কি নিয়ে কাজ করছে। দেখুন, সেই একই আত্মা যা তার উপর বৃষ্টির মতো নেমেছিলেন, তাকে গম করার জন্য; সে শুরু করার জন্য গম নয়। সে উড়িয়ে দেয়। "ওহ, আমি যেতে পারব না...ওহ, না, মহাশয়! আমি জানি ডাক্তার জোন্স বলেছেন..." ঠিক আছে, এগিয়ে যান। দেখুন? এগিয়ে যান, যদি আপনি চান।

345 না, লক্ষ্য করুন, তিনি জন্মগ্রহণ করেননি, অথবা নির্মিত, অথবা পূর্বনির্ধারিত, এই ধরনের পাখি হওয়ার জন্য। তিনি...তিনি একজন...সম্ভবত একটি কমলা গাছে একটি লেবু হতে পারেন, কিন্তু সে কখনো শিকড় থেকে আসে নি। তিনি এমন কিছু যা যোগ করা হয়েছে। আর যখন তারা তাদের ধর্মসম্প্রদায়ের মধ্যে এতটাই উঁচু হয়ে যায় যে তারা ঈশ্বরের পূর্বনির্ধারিত বাক্যকে প্রমাণিত হতে দেখতে পায় না, তখন তাদের মূর্খতা প্রকাশ পায়। "ওহ, সেই জিনিস, মাথার উপর হ্যালো, আর সব, ওহ, এটা আজেবাজে কথা।" দেখুন? প্রকাশিত হয়েছে।

346 সে এতদূর দেখার জন্য নির্মিত হয়নি। সে কেবল ততদূর দেখতে পারে যতদূর তার ধর্মসম্প্রদায়ের চশমা তাকে দেখতে দেয়। কিন্তু, এর পরে, সে বাদুড়ের মতো অন্ধ। তখনই তার মূর্খতা প্রকাশ পায়। দেখুন? সেখানেই সত্যিকারের ঈগল খেতে বসে। হ্যাঁ, মহাশয়। সেখানেই সত্যিকারের, নির্বাচিত ঈগলরা দেখতে পায় সে কী। যখন সে সেই বাক্য গ্রহণ করতে পারে না, তারা ঠিক তখনই জানতে পারে যে সে একটি ধর্মসম্প্রদায়ের শকুন।

347 কেন, কেন সে উড়তে পারে না? কারণ, দেখুন সে কি খাচ্ছে। সে পচা ধর্মসম্প্রদায়ের মরদেহ খাচ্ছে। সেটা—সেটা তার শরীরকে আধ্যাত্মিক করবে না, অন্য কথায়, তাকে আধ্যাত্মিক সুস্থতায় রাখবে না, তাকে ধর্মসম্প্রদায়গত পার্থক্যের ঊর্ধ্বে নিয়ে যাওয়ার জন্য। দেখুন? দেখুন, তাকে পচা জিনিস খাওয়ানো হয়েছে; তার শরীর এটা দিয়ে তৈরি। সে সেখানে যেতে পারে না যেখানে সেই

তাজা মাংস সেই ঈগলকে নিয়ে যায়। সে এটা করতে পারে না। দেখুন ?

348 এটা মথি ২৪:২৪ পূর্ণ করে। সে উড়ছে, বাতাসে লাফিয়ে উঠছে, তার ডানা মেলছে, কিন্তু সে যথেষ্ট উঁচুতে উঠতে পারে না। দেখুন ? সেটা ঠিক। দেখুন, সে যেতে পারেন না, সেই তাজা মান্নাকে নেওয়ার জন্য সে যথেষ্ট উচ্চতায় পৌঁছাতে পারে না। সে এখানে মাটিতে পড়ে থাকা পুরানো মান্না খেতে পারে, পুরানো মৃত খরগোশ যা এক সপ্তাহ আগে চাপা পড়েছিল, এবং এক মাস আগে, অথবা চল্লিশ বছর আগে, দূষিত। সে সেটা খেতে পারে, আর তার উপর আনন্দ করতে পারে, আর চিৎকার করে, আর ক্রমাগত, লাফিয়ে উঠে অন্য ঈগলের মতো উড়তে পারে। সে অভিষিক্ত, অন্য পাখির মতো।

349 আর সে এক প্রকার ঈগল, একটি বাজপাখি। আমরা সেটা জানি। সে নিশ্চয়, কিন্তু সে সেই প্রকৃত ঈগলকে অনুসরণ করতে পারে না। দেখুন ? সে এটা করতে পারে না। না, মহাশয়। তার শরীর নির্মিত হয়নি; সে বিভিন্ন মরদেহ খাচ্ছে, দেখুন, আর এটা হবে না... এটা হবে না—এটা তাজা মাংস, তাজা মান্না হবে না। এটা এমন কিছু হবে যা লুথার বলেছেন, ওয়েসলি বলেছেন, অথবা ডাক্তার *অমুক-অমুক* বলেছেন। এটি এই সময়ের জন্য যীশু যা বলেছেন সেটি হবে না।

350 এখন যাওয়া যাক, নিকটে। অভিষিক্ত ব্যক্তিরা, "খ্রীষ্টেরা," শেষ সময়ে, কিন্তু "ভণ্ড শিক্ষক ও ভাক্ত ভাববাদী।" লক্ষ্য করুন কতটা আকর্ষণীয়! এখন, আমি চাই আপনারা এটি তুলনা করুন; আমরা এটা পড়ার সময় পাইনি, মথি ২৪:২৪ দ্বিতীয় তীমথিয় ৩:৮ সহ।

351 মথি ২৪:২৪ বলেছে, শেষ সময়ে, দেখুন, "সেখানে ভাক্ত খ্রীষ্টেরা আসবে," ভাক্ত, অভিষিক্তরা, "ভাক্ত ভাববাদীরা, এবং চিহ্ন ও আশ্চর্য্য কাজ দেখাইবে," ঠিক সেই প্রকৃত জনের মতো, প্রকৃত জনের মতো, "এবং—এবং মনোনীতদের প্রায় প্রতারিত করবে।" এখন লক্ষ্য করুন, সেটি যীশু কথা বলছিলেন।

352 এখানে পৌল আসেন, তার ঠিক পিছনে, আর বললেন, "এখন, শেষ সময়ে, সেখানে ধার্মিক লোকেরা আসবে, দেখুন, তাদের ঈশ্বরস্বরূপতা থাকবে। আর মূর্খ নারীদের পথ দেখাবে, সকল প্রকার পার্থিব অভিলাষ সঙ্গে নিয়ে যাবে।"

তখন তারা বিস্মিত হয়, বলে, "কেন তোমরা নারীদের বেছে নিলে ?" ওহ, মঙ্গলের জন্য...তারা এটা দেখতেও পায় না।

"মূর্খ নারীদের পথ দেখাবে, বহু অভিলাষে পূর্ণ," এইরকম বিষয়গুলি থেকে দূরে...দেখুন, "এবং যান্নি ও যাম্ব্রির মতো..."

মথি ২৪:২৪, "ভাক্ত খ্রীষ্টেরা," মিথ্যা, অভিষিক্ত, মনোনীতদের প্রতারিত করার জন্য চিহ্ন এবং আশ্চর্য কাজ করছে।

353 এখন, যান্নি ও যম্ব্রি যেমন মোশির বিরুদ্ধে প্রতিরোধ করেছিল, তেমনি এরাও প্রতিরোধ করবে, বিশ্বাসের বিষয়ে প্রতিরোধী মন। *একটি* বিশ্বাস নয়, *সেই* বিশ্বাস! "এক বিশ্বাস, এক প্রভু, এক বাপ-..." *এক* প্রভুতে বিশ্বাস না করে আপনার কাছে *এক* বিশ্বাস থাকতে পারে না। আপনার দুটি বাপ্তিস্ম থাকতে পারে না, একটি পিতার জন্য, এবং পুত্রের জন্য, পবিত্র আত্মার জন্য নয়। একটি বাপ্তিস্ম: যীশু খ্রীষ্ট। দেখুন ? সেটা ঠিক। দেখুন, মিথ্যা বাপ্তিস্ম !

354 লক্ষ্য করুন, যখন আপনি বাড়িতে পৌঁছাবেন তখন তাদের একসাথে তুলনা করুন। লক্ষ্য করুন মথি ২৪:২৪, যীশু কথা বলছেন; পৌল, দ্বিতীয় তীমথিয় ৩:৮; আরও অনেকে। আর এখন সেটা তুলনা করুন।

আর তারপরে আরেকটি শাস্ত্র রাখুন, লূক ১৭:৩০, মালাখি ৪।

"যান্নি ও যাম্ব্রি যেমন মোশিকে প্রতিরোধ করেছিল," সেই সময়ের অভিষিক্ত বাক্য, "এই লোকরাও এমনি করবে," মনুষ্য নয়, "মনুষ্যগণ," অভিষিক্ত ব্যক্তিরা, "সত্যের প্রতিরোধ করবে।"

355 "সেই দিনই মনুষ্যপুত্র প্রকাশিত হইবেন।" প্রকাশিত বাক্য ১০:১ থেকে ৭, আপনি বাড়িতে ফিরে এটি পড়ুন, "সপ্তম দূতের বার্তা হল, মুদ্রাগুলি খুলে দেওয়া।" এটা কি? দূত মনুষ্যপুত্র নহেন; কিন্তু বার্তাবাহক মনুষ্যপুত্রকে প্রকাশ করছেন। আপনি কি এখন এটি আলাদা করতে পারেন ? সেখানেই এটা আপনার জন্য এত কঠিন বলে মনে হচ্ছে, আপনারা দেখুন। মনুষ্যপুত্র স্বয়ং করেননি; কিন্তু সপ্তম দূত, সপ্তম বার্তাবাহক, মনুষ্যপুত্রকে সকলের কাছে প্রকাশ করছেন, কারণ এটি খোসাকে ছেড়ে দিয়েছে। সে এটা সংগঠিত করতে পারেন না। এটা শস্য, নিজেই, পুনরায়।

356 "সেই দিন যান্নি ও যাম্ব্রি প্রতিরোধ করবে," অভিষিক্ত ব্যক্তিরা (ভণ্ড-বিশ্বাসী এবং অবিশ্বাসী, আনুষ্ঠানিক মণ্ডলী এবং পেন্টিকোস্টালরা) সত্যিকারের শস্যের বিরুদ্ধে দাঁড়ায়, "কিন্তু তাদের একা থাকতে দিন; তাদের মূর্খতা প্রকাশ পাবে, যেমন

হয়েছিল।" দেখুন? আপনারা এখন বুঝতে পেরেছেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।]

357 প্রকাশিত বাক্য ১০, বলেছে, "সপ্তম দূতের ধ্বনির সময়ে।" এখন মনে রাখবেন, সপ্তম, লায়দিকেয়া মন্ডলীর যুগ। "সেই স্বর্গদূতের ধ্বনি," যখন সেই মণ্ডলীর যুগ ধর্মসম্প্রদায়ভুক্ত হয় এবং একটি মণ্ডলীর যুগে পরিণত হয়, যখন এটি তার পেন্টিকোস্টাল সংস্থায় সম্পন্ন হয়; যখন এর বার্তাবাহক...

358 প্রতিটি বার্তাবাহক কি করেছিলেন? মার্টিন লুথার কি করেছিলেন? ক্যাথলিকদের ভর্ৎসনা করেছিলেন। ওয়েসলি কি করেছিলেন? লুথারেনদের জন্য ভর্ৎসনা। পেন্টিকোস্ট কি করেছিল? সেখানে অন্যদের জন্য ভর্ৎসনা। সেই জীবন এখন কোথায় চলে গেছে? একটি সংগঠন থেকে দূরে। আর খোসা নয়; এটা শস্য। এটা কি? পেন্টিকোস্টের জন্য একটি তিরস্কার, দেখুন, এই সময়ের শাস্ত্র পূর্ণ করার জন্য। দেখুন?

359 লক্ষ্য করুন, সেই দিন যখন এই বার্তাবাহক...তিনি যখন শুরু করেন তখন নয়, কিন্তু যখন তিনি তার বার্তা ঘোষণা করতে শুরু করেন। দেখুন? প্রথম টান, আরোগ্যকরণ; দ্বিতীয় টান, ভবিষ্যদ্বাণী; তৃতীয় টান, বাক্যের উন্মোচন, নিগূঢ়তত্ত্ব প্রকাশিত। আর নেই, বাক্য প্রকাশ করার জন্য ভাববাদীদের চেয়ে উচ্চতর আর কোন ক্রম নেই। কিন্তু ভাববাদী প্রমাণিত হওয়ার একমাত্র উপায় হল বাক্য দ্বারা। আর, মনে রাখবেন, তৃতীয় টান ছিল সেই সাতটি মুদ্রার উন্মোচন, বাক্যে মুদ্রাঙ্কিত করা গোপন সত্যকে প্রকাশ করার জন্য। আপনারা কি এটা দেখতে পাচ্ছেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।]

360 এটি তখনই, সেই দিনে যখন এই ঘটনাটি ঘটবে, যে যান্নি এবং যাম্ব্রি, ছদ্মবেশীরা, পুনরায় আবির্ভূত হবে। ঠিক যেমন তারা করেছিল যখন মোশি মূল বাক্য নিয়ে এটি বলার জন্য উপস্থিত হয়েছিলেন, তারা এর ছদ্মবেশ ধারণ করার জন্য চলে আসে। একদম ঠিক। এখন আপনারা দেখুন মথি ২৪:২৪ কি? দেখুন, অভিষিক্ত ব্যক্তিরা!

361 এখন আমরা বন্ধ করার আগে তিনটি বিষয় বলতে যাচ্ছি। এই এটা। আমি চাই আপনারা এখন খুব মন দিয়ে শুনুন যখন আমরা এত কাছাকাছি আছি। তিনটি বিষয়, মনে রাখবেন, তিনটি বিষয় পূর্ণ হয়েছে। তিনটি বিষয় এই মুহূর্তে আপনার সামনে রয়েছে।

362 প্রথম। পৃথিবী একটি সদোমের অবস্থায় রয়েছে। যীশু বলেছেন এটা ঘটবে। বিকৃতি দেখুন; আমাদের মহিলারা পুরুষদের মতো

আচরণ করার চেষ্টা করছে; আমাদের পুরুষরা মহিলাদের মতো আচরণ করার চেষ্টা করছে, কাপুরুষ; পচা, নোংরা, নীচ, শয়তান-আবিষ্ট, আর এটা জানে না। বাইবেল বলেছে যে এটি ঘটবে, এবং এটি সেখানে রয়েছে।

দ্বিতীয়ত। সেই সময়ে, এখানে শাস্ত্র অনুসারে, যান্নি এবং যাম্ব্রি আবির্ভূত হয়। দ্বিতীয়ত।

তৃতীয়ত। সেই একই সময়ে মনুষ্যপুত্র প্রকাশিত হবেন।

363 সেখানে আপনার বিশ্বাসী আছে, আপনার ভণ্ড-বিশ্বাসী এবং আপনার অবিশ্বাসী আছে। সেখানে একটি প্রকৃত বাক্য দাঁড়িয়ে থাকে, প্রমাণিত; সেখানে ভণ্ড-বিশ্বাসী এটির ছদ্মবেশ ধারণ করে; আর সেখানে অবিশ্বাসী পুরো বিষয়টি প্রত্যাখ্যান করে।

কিন্তু সন্ধ্যার সময় আলোকিত হবে,
মহিমার পথ আপনি নিশ্চয়ই খুঁজে পাবেন; (ঠিক আছে?)

জাতিগুলি ভেঙে যাচ্ছে, ইস্রায়েল জেগে উঠছে,
আমাদের বাইবেল সেই চিহ্নগুলি ভবিষ্যদ্বাণী করেছে;
আর পরজাতীয়দের দিন গণনা করা হয়েছে (সদোম), যন্ত্রণাদায়ক;
"হে বিচ্ছুরিত, আপন আপন স্থানে ফিরিয়া যাও।"

পরিত্রাণের দিন ঘনিয়ে এসেছে,
এই ভয়ে মানুষের হৃদয় ব্যর্থ হয়ে যাচ্ছে;
ঈশ্বরের আত্মায় পূর্ণ হন, আপনার প্রদীপগুলি ছাঁটুন এবং পরিষ্কার করুন, (যাতে আপনি সময়ের বাক্য দেখতে পারেন।)
উপরে তাকান! আপনার পরিত্রাণ নিকটে।

মিথ্যা ভাববাদীরা মিথ্যা বলছে, (তারা বলেছিল যে তারা এখানে থাকবে; অভিষিক্ত ব্যক্তিরা।), ঈশ্বরের সত্য তারা অস্বীকার করছে,
যে যীশু খ্রীষ্ট আমাদের ঈশ্বর;

অর্থাৎ, তারা এটা বিশ্বাস করে না। বাইবেল বলে যে এখানে সেই বিষয়টি থাকবে। এখানে এটা!

কিন্তু আমরা সেখানে যাব যেখানে প্রেরিতরা গমন করেছেন।

একই আলো! "এবং পিতৃগণের বিশ্বাস সন্তানদের মধ্যে ফিরাইবে।"

পরিত্রাণের দিন নিকটে, (অতি নিকটে।)
মানুষের হৃদয় ভয়ে ব্যর্থ হচ্ছে; (পৃথিবী নিচে নেমে যাচ্ছে।)
ওহ, ঈশ্বরের আত্মায় পূর্ণ হন, আপনার প্রদীপগুলি ছাঁটুন এবং পরিষ্কার করুন।
উপরে তাকান! আপনার পরিত্রাণ নিকটে।

আপনারা কি এটা বিশ্বাস করেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] আসুন তাহলে মাথা নত করি।

364 এই বার্তাটি যে দেশে যাচ্ছে, পূর্ব উপকূল থেকে পশ্চিমে, ক্যালিফোর্নিয়া থেকে নিউ ইয়র্ক পর্যন্ত, নিয়ে দক্ষিণে, উপরে উত্তরে, বাইরে সেবাকার্যে, এবং যেখানেই এটি যাচ্ছে, এবং এই ট্রায়াবারনাকেলে। আমরা গরীব। আমাদের কাছে এই বিশাল, বড়, ফুলের বিষয়গুলি এবং টেলিভিশন কাস্ট নেই। আমরা যথাসাধ্য চেষ্টা করছি। "কিন্তু পিতা আমাকে যাহা দিয়েছেন, সকলই আসিবে।"

365 এখন, আমি চাই আপনারা জানেন এটি নিশ্চিত, আর আপনারা যারা এই টেপটি শোনেন। আপনারা হয়তো আজ ভেবেছেন যে আমি আমার সম্পর্কে এটি বলার চেষ্টা করছিলাম, কারণ আমি এই বার্তাটি নিয়ে এসেছি। এর সাথে আমার আর কিছুই করার নেই, কেবল একটি রব ছাড়া আর কিছুই নেই। আর, আমার রব, এমনকি আমার উত্তম বিচারের বিরুদ্ধে; আমি একজন ফাঁদ শিকারী হতে চেয়েছিলাম। কিন্তু এটা আমার পিতার ইচ্ছা যা আমি করতে ঘোষণা করি, এবং করতে দৃঢ়সংকল্প করি।

366 আমি সেই ব্যক্তি ছিলাম না যিনি নদীর তীরে আবির্ভূত হয়েছিলেন; আমি সেখানে দাঁড়িয়ে ছিলাম যখন তিনি আবির্ভূত হন। আমি সেই ব্যক্তি নই যিনি এই কাজগুলি করেন এবং এই বিষয়গুলি ভবিষ্যদ্বাণী করেন, যেগুলি এতটা সিদ্ধ ভাবে পূর্ণ হয়; আমি শুধুমাত্র একজন যে তাঁর কাছে আছে যখন তিনি এটা করেন। আমি কেবল একটি রব যা তিনি ব্যবহার করছেন, এটা বলার জন্য। এটা আমি জানতাম না; আমি সবেমাত্র নিজেকে সমর্পণ করেছি, যে তিনি মাধ্যমের দ্বারা কথা বলছেন। এটা আমি নই, এটা সপ্তম দূত

ছিল না, ওহ্, না; এটা মনুষ্যপুত্রের প্রকাশ ছিল। এটা দূত ছিলেন না, তাঁর বার্তা; এটা ছিল সেই রহস্য যা ঈশ্বর উন্মোচিত করেছিলেন। এটি একজন মানুষ নয়; এটি ঈশ্বর। দূত মনুষ্যপুত্র ছিলেন না; তিনি মনুষ্যপুত্রের কাছ থেকে বার্তাবাহক ছিলেন। মনুষ্যপুত্র হলেন খ্রীষ্ট; তিনি সেই ব্যক্তি যাকে আপনি ভোজন করছেন। আপনি একজন ব্যক্তিকে ভোজন করছেন না; একজন ব্যক্তি, তার কথা ব্যর্থ হবে। কিন্তু আপনি মনুষ্যপুত্রের অক্ষয় দেহ-বাক্য ভোজন করছেন।

367 আপনি যদি প্রতিটি বাক্য সম্পূর্ণরূপে না ভোজন করেন, এই সমস্ত ধর্মসম্প্রদায় এবং বিশ্বের বিষয়গুলির উপরে উড়তে নিজেকে শক্তি প্রদান করতে, আপনি কি এই সময়ে এটা করবেন, যখন আমরা প্রার্থনা করি ?

368 প্রিয় পিতা, এটি একটি কঠিন বিষয়। এটা করা একজন মানুষের পক্ষে সহজ নয়। আপনি সব কিছু জানেন। আর আমি আপনার কাছে প্রার্থনা করি, প্রিয় ঈশ্বর, যেন এটা ভুল বোঝাবুঝি না হয়। কিন্তু, আপনার বাক্যের আলোকে, লোকেরা যেন চলতে পারে।

369 আর, পিতা ঈশ্বর, আমি জানি না মনোনীত কে; আপনি জানেন। আমি জানি না কখন আপনার আগমন হবে। কিন্তু আমি কেবল জানি যে আপনি বলেছিলেন যখন এটি ঘটে, এই মিথ্যা, অভিষিক্ত ব্যক্তিরা; যখন তারা শুরু করেছিল ঠিক তখন নয়।

370 মোশি তাদের একা থাকতে দিয়েছিলেন, কারণ তিনি এই বিষয়ে আর কিছু করতে পারেননি। আপনি যা বলছেন তা তিনি কেবল বলতে পারেন। আপনি তাকে দংশকের ঝাঁক ডাকতে বলেছিলেন; তারপর তারা তাদের ডেকেছিল। আপনি তাকে জলকে রক্তে পরিণত করতে বলেছিলেন; তারপর তারা এটা করেছিল। মোশি বাক্যানুসারে কাজ করতে থাকলেন, যেমন আপনি বলেছিলেন, কিন্তু তখন আপনিই সেই ব্যক্তির মূর্খতা প্রকাশ করেছিলেন।

371 এখন, পিতা, আপনি এখনও ঈশ্বর। একই বাক্য বলে যে এটি শেষ সময়ে ঘটবে। অনেক সৎ ব্যক্তি, যেমন আমরা গত রবিবার বলেছিলাম, একটি নতুন গাড়ির উপর সেই সিন্দুকের দিকে তাদের হাত রাখে, এবং লেবীয়দের কাঁধে নয়, মৃত হয়ে যায়, "পাপ ও অপরাধে মৃত," তাদের নিজেদের বিবেকের বিরুদ্ধে তর্ক করে।

372 অনেক সেবক তার অধ্যয়ন শুরু করেন, সেই বাক্য পড়েন এবং দ্রুত পৃষ্ঠা পরিবর্তন করেন; বিস্ফোরণ থেকে বিরত থাকার জন্য, তিনি জনসাধারণের কাছে তার সামাজিক অবস্থান হারাবেন, তার

গির্জার সঙ্গে এবং তার ধর্মসম্প্রদায়ের সঙ্গে। ঈশ্বর আমাদের সাহায্য করুন যেন আমরা কখনও তা না করি!

373 আমাদের হৃদয়কে পরিষ্কার করুন, প্রভু, পৃথিবীর সমস্ত নোংরামি থেকে। প্রভু, আমি পরিষ্কার হওয়ার জন্য প্রস্তুত। আমি প্রস্তুত আছি, এই গির্জার সাথে এবং সকলের শ্রোতাদের সাথে, এবং যারা এই টেপটি শুনবেন। আমি দাঁড়িয়ে আছি, প্রভু, এবং পরিষ্কার হওয়ার জন্য প্রার্থনা করি। প্রভু, আমাকে কুমোরের বাড়িতে নিয়ে যান এবং আমাকে ভেঙে ফেলুন, আমাকে এমন একজন দাস তৈরি করুন যেমন আপনি চান।

374 কারণ, প্রভু যীশু, "আমি অশুচি ওষ্ঠাধর মনুষ্য," যেমন যিশাইয় ক্রন্দন করেছিলেন, "অশুচি ওষ্ঠাধর জাতির মধ্যে বাস করিতেছি; আর ধিক্ আমাকে, আর আমার চক্ষু প্রকাশিত সদাপ্রভুকে দেখিতে পাইয়াছে," যেমন যিশাইয় মন্দিরে স্বর্গদূতদের দেখেছিলেন। আমি শেষ সময় দেখতে পাচ্ছি, প্রভু, এবং ধিক্ আমি এবং আমার পরিবার; ধিক্ আমি ও আমার লোকদের। হে অনন্ত ঈশ্বর, আমাদের প্রতি করুণা করুন। আমি নিজের এবং মানুষের জন্য আবেদন করছি। যারা বিশ্বাস করে না আমরা যেন তাদের সঙ্গে বিনষ্ট না হই, কিন্তু আমরা যেন বিশ্বাসীদের সঙ্গে বসবাস করি।

375 প্রতিটি ধর্মসম্প্রদায়, প্রভু, প্রতিটি পুরুষ বা মহিলা...আমি আপনাকে একটি ধর্মসম্প্রদায়কে আশীর্বাদ করতে বলতে পারি না, যখন আমি জানি আপনি এর বিরুদ্ধে। কিন্তু আমি শুধু বলতে পারি, প্রভু, যদি তাদের মধ্যে আপনার কোন মেষ থাকে, তারা যেন এই টেপটি শুনতে পায়। তারা যেন এটি শুনতে পায়, প্রভু, আপনি তাদের যে বোধ দেবেন তা দিয়ে যেন তারা এটি বুঝতে পারে, আর তারা যেন বেরিয়ে আসে এবং আপনাকে গ্রহণ করতে পারে। তারা যেন এই দিনের অন্ধত্ব এবং পরম্পরাগত বিধি দ্বারা প্রতারিত না হয়। তারা যেন অন্য কোন দিনে মৃত শব এমন কিছু খাওয়ার চেষ্টা না করে। তারা যেন বাক্য গ্রহণ করে।

376 এইভাবে ফরীশীরা আপনাকে ক্রুশে দিয়েছিল, প্রভু। তারা মোশির দিনের শব নিয়ে যাচ্ছিল, আর তার উপর আনন্দ করার চেষ্টা করছিল; আপনি প্রান্তরে একটি ধরন দিয়েছিলেন, প্রতি রাতে তাজা মান্না, যার অর্থ প্রতিটি প্রজন্ম। সেখানেই তারা ব্যর্থ হয়। এটা তাদের বিষাক্ত করে তোলে। এটা তাদের হত্যা করেছিল, সেই দূষিত খাবার খাওয়ার জন্য।

আর, আধ্যাত্মিকভাবে, এটি আজও একই কাজ করে; তাদের

হত্যা করে, আধ্যাত্মিকভাবে, একটি ধর্মসম্প্রদায়ের সাথে।

আমাদের সাহায্য করুন, প্রিয় ঈশ্বর। এটা এখন আপনার হাতে। যীশু খ্রীষ্টের নামে।

আমাদের মাথা নত করে, আপনি যখন আপনার সিদ্ধান্ত নেবেন তখন আমরা এটি গাইব। আপনি কি সকল পথ যাবেন ?

আমি আমার ত্রাণকর্তাকে শুনতে পাচ্ছি...(আর তিনি বাক্য।) ডাকছেন,
আমি শুনতে পাচ্ছি...

"ওহ, আমি অনেক দিন ঘুরে বেড়িয়েছি, কিন্তু, সত্যিই, এই মুহূর্তে আমি তাকে শুনতে পাচ্ছি, 'আমার কাছে এসো, সকলে যারা আঁকড়ে রয়েছো।'"

...শুনুন...

377 "'তোমার ক্রুশ তুলে নেও, প্রতিদিন আমাকে অনুসরণ কর।' 'হ্যাঁ, যখন আমি মৃত্যুচ্ছায়ার উপত্যকা দিয়া গমন করিব, তখনও অমঙ্গলের ভয় করিব না; ছায়াময় তৃণভূষিত চরাণীভূমির মধ্য দিয়ে, আর বিশ্রাম-জলের ধারে।'"

আর তিনি আমাকে যেখানে নিয়ে যান আমি...

378 "প্রভু, আমি সেই ত্রিত্ববাদী মূর্খতা দেখতে পাচ্ছি। আমি দেখছি সমগ্র জগৎ এর মধ্যে বপন করা হয়েছে; আগাছা সর্বত্র বৃদ্ধি পাচ্ছে। কিন্তু আপনি এখন আমাকে যেখানে নিয়ে যাচ্ছেন, প্রভু, আমি প্রেরিত ১৯ দের মতো হব। 'তাহারা ইহা শুনিয়া যীশু খ্রীষ্টের নামে পুনর্বাপ্তিস্ম নিল।'"

...অনুসরণ করুন,

"আমি পথের কিছু অংশ গিয়েছি, প্রভু, আপনাকে গ্রহণ করার জন্য যথেষ্ট।"

এখন আমি তার সঙ্গে সমস্ত পথ যাব।

379 প্রিয় ঈশ্বর, আমি বিশ্বাস করি যে সেটি আমার হৃদয় থেকে এসেছে। আমি বিশ্বাস করি যে এটি প্রত্যেকের হৃদয় থেকে এসেছে যারা এখন গাইছেন, হয়তো অনেকেই এই টেপটি শুনবেন, যারা এখন নেই অথবা এখন শুনছেন না। আমরা যেন ইচ্ছুক হতে পারি, প্রভু, মূল্য যাই হোক না কেন। যেমন, "একজন ব্যক্তি অন্য সেনাবাহিনীর সঙ্গে দেখা করতে যাচ্ছেন, একজন সৈন্য, একজন রাজা; প্রথমে তিনি বসেন এবং গণনা করেন, তিনি কি এটি করতে সক্ষম, তিনি কি জগতের বিষয়গুলি ছেড়ে দিতে পারবেন ?

আপনি কি এটি ছেড়ে দিয়ে, ঈশ্বরের লিখিত বাক্যের সেনাবাহিনীতে যোগ দিতে পারবেন, তাঁর সৈন্যদের সঙ্গে যাত্রা করতে পারবেন, তাঁর ঈগলদের সঙ্গে উড়তে পারবেন?" এটা প্রদান করুন, প্রভু, যীশুর নামে।

380 আপনারা কি বিশ্বাস করেন? আপনারা কি তাকে গ্রহণ করেন? ঠিক আছে। আমরা এখানে আবার দেখা করব, আজ রাতে, যদি প্রভু চান। আপনারা কি এটা সত্য বলে বিশ্বাস করেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] এটা কি যথেষ্ট সরল? ["আমেন।"]

তাহলে আপনার সাথে যীশুর নাম নিন,
দুঃখ ও দুর্দশার সন্তান;
এটা আপনাকে আনন্দ এবং সান্ত্বনা প্রদান করবে,
এটি সর্বত্র নিয়ে যান...

এখন, এখন আপনার পাশের ব্যক্তির সাথে করমর্দন করুন।

মূল্যবান নাম, ওহ কত মধুর!
পৃথিবীর আশা, (পৃথিবীর আশা!) স্বর্গের আনন্দ;
মূল্যবান নাম, ওহ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

যীশুর নামে নত হওয়া,
তাঁর পায়ে প্রণত হয়ে,
স্বর্গে রাজাদের রাজাকে আমরা মুকুট পরিধান করাব...(তিনি ঈশ্বর, তারপর।)
যখন আমাদের যাত্রা সম্পূর্ণ হয়।

মূল্যবান নাম, (মূল্যবান নাম!) ওহ কত মধুর! (ওহ কত মধুর!)
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
মূল্যবান নাম, ওহ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

আমি আশা করি যে সমস্ত সেবকদের আজ সকালে পরিচয় প্রদান করা হয়েছে।

381 যখন একজন ব্যক্তি সারা সপ্তাহ প্রার্থনা করেন, ভাবনায় থাকেন, এই শাস্ত্রগুলি দেখে, সেগুলি আপনার সামনে দাঁড়িয়ে আছে। "আর ধিক্ আমাকে," পৌল বলেছিলেন, "যদি আমি সুসমাচার প্রচার না করি।" তার পথের শেষে, তিনি বলেছিলেন,

"আমি তোমাদিগকে ঈশ্বরের সমস্ত মন্ত্রণা জ্ঞাত করিতে সঙ্কুচিত হই নাই যেরূপ আমাকে দেওয়া হইয়াছিল।"

আমি কখনও কখনও জিনিসগুলি চিনতে ভুলে যাই, উপস্থাপন করা, শিশুদের উৎসর্গ করা।

বিলি বললেন, অন্য দিন, একজন লোক এসে বলল, "আমি এখানে দুই বছর ধরে আসছি, আমার সন্তানকে উৎসর্গ করিয়ে দিন।"

382 বিলি বললেন, "এটা নিয়ে খারাপ মনে করবেন না। আমার একটি শিশু আছে, এক বছর বয়সী; তার এখনও উত্সর্গীকৃত হয়নি। তাই আমি অপেক্ষা করছি যতক্ষণ না সে নিজে সেখানে হেঁটে যেতে পারে, আমি অনুমান করি।"

তাই আমরা খুঁজে পাই, ভাই, বোন, এটা নয়—এটা নয়, দেখুন, আমি...একটি বিষয়, আমাদের, আমাদের সন্তানদের উৎসর্গ করা উচিত।

383 আমাদের প্রত্যেককে বাপ্তিস্ম দেওয়া উচিত। সেখানে একটি পুকুর আছে; এখানে জল আছে। যদি আপনার না হয়ে থাকে, তাহলে কে আপনাকে বাধা দিচ্ছে? এখানে জল আছে। এখনই আসুন। আজ রাত পর্যন্ত অপেক্ষা করবেন না; এখনই আসুন। এখানে একজন ব্যক্তি দাঁড়িয়ে আছেন, যদি কেউ অনুতপ্ত হয় এবং স্বীকারোক্তি করে তাকে বাপ্তিস্ম দেওয়ার জন্য। আপনি যদি এক ডজন বার বাপ্তিস্ম নিয়ে থাকেন, তারা আপনাকে পাপমোচনের জন্য যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম দেবে। দেখুন? আমরা সেটা।

384 কিন্তু, দেখুন, বার্তাটি আমার হৃদয়ে রয়েছে। আমাকে এটা প্রচার করতেই হবে। এটাই আমার একমাত্র উদ্দেশ্য, আমার স্ত্রী যাই বলুক না কেন, আমার সন্তানরা যাই বলুক না কেন, আমার পালক যাই বলুক না কেন, যে যাই বলুক না কেন। এটি আমার প্রভু। আমাকে এটা প্রচার করতেই হবে। এটাই আমার একমাত্র উদ্দেশ্য।

385 আর এখন, অনেক সময়, আমি সেবকদের চিনতে ভুলে যাই। আমি অনুমান করি হয়তো...আমাদের ভাই, ভাই নেভিল, একজন মূল্যবান ব্যক্তি। এখানে এই অন্যান্য ভাইয়েরা, আমরা আপনাদের পেয়ে আনন্দিত।

386 এমন নয় যে আমরা আপনার সাথে একমত নই, ভাই, ভিন্ন হওয়ার জন্য। এখানে আপনারা অনেকেই ত্রিত্ববাদের প্রচারক হতে পারেন। আমরা আপনার উপর রাগ করতে চাই না। আমরা আপনাকে ভালোবাসি। যদি আমরা না করি, যদি আমি সেটি বিশ্বাস

না করি, আমি এই গির্জা ছেড়ে যাব না যতক্ষণ না আমি সেখানে হাঁটু গেড়ে না বলি, "ঈশ্বর, আমাকে সঠিক করুন।"

387 আমি সেই অহংকারী, স্বার্থপর আত্মা আমার সাথে মিশে যেতে চাই না। আমি চাই আমার আত্মা যেন পবিত্র এবং স্বচ্ছ, ভ্রাতৃস্নেহ, পবিত্র আত্মার দ্বারা পবিত্র হোক। এখন, যদি কেউ আমার সঙ্গে অন্যায় করে, তাহলে সেটা ঠিক আছে। আর যদিও আমার কাছে তাদের উত্তর দেওয়ার অধিকার থাকতে পারে, আমি আমার জীবনে সেটা চাই না। না, আমি—আমি প্রেম চাই। আমি প্রেমের সঙ্গে সংশোধন করার জন্য প্রস্তুত হতে চাই, এমন ভালবাসার সঙ্গে যা এর জন্য সম্পূর্ণভাবে উত্তর দেয়।

388 আমি ভিন্ন হতে চাই না। মেথডিস্ট, ব্যাপটিস্ট, ক্যাথলিক, প্রেসবিট্যারিয়ান, আপনি যেই হোন না কেন, আমি এই বিষয়গুলি ভিন্ন হতে, আপনার সাথে অহংকারী হতে বলি না। যদি আমি করে থাকি, আমি একজন ভণ্ড এবং আমার এখানে এই বেদীতে থাকা উচিত, ঈশ্বরের কাছে প্রার্থনা করা উচিত।

389 কিন্তু আমি এটা বলি, এটা ভালবাসার জন্য, আর আমি দেখতে পাচ্ছি আপনি কোথায় যাচ্ছেন। এখন, আমি নিজের মধ্যে এটি বলি না, এবং বলার মাধ্যমে আমি অনুমান করছি। **সদাপ্রভু এই কথা কহেন**, আমি আপনাকে দিচ্ছি। এটাই সত্য। আর আমি সেই বিষয়গুলির জন্য আপনাদের ভালবাসি। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

390 এখন যখন আমরা এই গানের আরেকটি শ্লোক গাই, আসুন, যাওয়ার আগে। আমরা চাই আপনি আজ রাতে এখানে থাকুন, যদি আপনি পারেন। যদি আপনি না পারেন, আমদের পুনরায় দেখা না হওয়া পর্যন্ত ঈশ্বর আপনার সাথে থাকুন। আমরা প্রার্থনা করি যেন ঈশ্বর আপনাকে—আপনাকে আশীর্বাদ করেন এবং আপনাকে তাঁর দেশের সেরাটি প্রদান করবেন, দেখুন।

নাম নিন...

শেষ সময়ের অভিষিক্তগণ BEN65-0725M

(The Anointed Ones At The End Time)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সকালে, ২৫ জুলাই, ১৯৬৫ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org